2165

# PUBLICATIONS FOR SALE. THE HISTORY OF THE RELIGION OF THE HINDUS.

ITS BIRTH, RISE, DEVELOPMENT AND EXPANSION.

MR. DHIMENDRA NATH PAL.

Dedicated to

#### H. H. Maharaja Gaekwar of Baroda, G. C. S. I.

Vol. I.—The History of the Vedic Hinduism Price Rs. 3.

" II.—The History of the Buddhistic Hinduism,
Price Rs. 3.

" III.—The History of the Modern Hinduism Price Rs. 2.

#### SRIKRISHNA.

His Life and Teachings, By the same Author.

Dedicated to Her Highness Maharani

Regent of Mysore, C. I.

POPULAR EDITION 480 PAGES PRICE RS. 3

#### Highly Spoken of by All.

His Honour the Late Lieutenant-Governor. of Pengal,

Sir John Woodburn, M. A., K. C. S. I., "Your Book is an interesting one, excellently writteen."

Hon'ble Dr. R. G. Bhandarkar, M., A. P. M. D., M. R. A. S., C. I. E., "Your Book is very readable. It will prove highly useful."

H. H. the Maharajah of obbili, Member, Executive Council, Madras, in his admirable work "Advice to the Indian Aristocracy writes—"I strongly recommend his (Mr. Dhirendra Nath Pal's) book on "Sri Krishnu, His Life and Teachings" to you all, and advise you to read it from the beginning to the end."

ij.

#### SIVA & SAKTI.

True Hinduism for the first time explained,—An Elaborate Discourse on Hindu Religion and Mythology—their origin and interpretation in 2 Vols. 630 Pages Price Rs. 5 only.

#### BY THE SAME AUTHOR

#### THE HINDU SCIENCE OF MARRIAGE.

Culled from the various Sastras with Sansl rit texts in Devnagri character and their easy English translation.

#### IT TREATS OF

- 1. How to choose an auspicious wife,
- 2. How to get desirable children and so forth.

A wonderful & unique work, Price Rs. 1-8.

**Sankaracharya** His Life and Teachings to be shortly out. By the same author. Price Rs. 2-8

An Introduction to the Study of Hinduism (A Study of Comparative Religion) By Mr. BIPIN CHANDRA PAL. Price Rs. 2/8.

IN BENGALL

জেলের থাতা, বা কারাবাদে দিখিত ধর্ম ও সমাদ তত্ত্ব বিষয়ক প্রবন্ধবাদী — শীবিপুনিচন্দ্র পাল প্রণীত। মুল্য ১৯ স্পিক্তি-রহিস্যা, or the kiddle of the Universe শীমতী ফ্লক্মারী ভাগ প্রণীত। মুল্য ১৯

SRISH CHANDRA GUPTA,

The Eastern Publishing Company 9-2, Cornwallis Street, Calcutta.

# সৃষ্টি-রহস্য।

oR

#### THE RIDDLE OF THE UNIVERSE.

# শ্রীমতী ফুলকুমারী গুপু প্রণীত।

\*\*\*

কলিকাতা।

৬৪।১, ৬৪।২ নং স্থাকিরাষ্ট্রীট ''লক্ষাপ্রীন্টিং'' ওয়ার্কস্ হইতে শ্রীসতীশচন্দ্র ঘোৰ ঘারা মৃদ্রিত।

### ভূমিকা।

স্ট-বহস্তের প্রবন্ধগুলি প্রথমে "নারক" নামক সংবাদ পরে
ইং ১৯-৯ সালের ১৭ই আগাই হইতে ৩-শে সেপ্টেম্বর পর্যান্ত ৩সংখ্যার বাহির হয়। এক্ষণে কভিপর জন্তু মহোদ্ধের অফুরোধে
উক্ত প্রবন্ধগুলি পুজকাকারে প্রকাশিত হইল। স্থানে স্থানে
সামান্ত পরিবর্ত্তন করা হইয়াছে। বিবয়টি যেমন গভীর, তেমনি
হ্রহ, স্তরাং এত সংক্ষেপে ইহার আলোচনা সম্ভবপর নহে। যে
সকল বিষয়ের অবতারণা করা হইয়াছে, ইহার এক একটী
বিষয়ের মামাংসা;করিতে হইলে, এইরপ কত পুজকই না
লিখিতে হয়? যাহ। হোক্ পরে আমার "বেদ কি" এবং "সনাতন
ধর্ম্ম" নামক পুস্তকহয়ে ইহার কোন কোন বিষয় বিজ্ঞারিত
আলোচনা করিবার ইছ্ছা আছে। উপস্থিত এই ক্ষুদ্র পুস্তক
থানি সাধারণে আল্ভ হইলে আমার শ্রম সফল মনে
করিব। ইতি

কাল্যা, **বর্দ্ধান** ।

লেখিকা।

প্রকাশক-এস, সি, গুপ্ত, ৯-২ কর্ণওয়ালিস্ খ্রীট, কলিকাতা।

# सृष्ठी।

	সৃষ্ঠা
প্রথম অধ্যায়	
যাভাবিক অবস্থাপমিক ত্ৰিত <b>র—আ</b> য়স্থ, <b>আয়ুঞ্জ</b> ,	
আখ্রানন্দ।	2
ৰিতী <b>য় অ</b> ধ্যায়	
ৰুগতের প্রথম অবস্থা—মৌলিক ত্রিতত্ত্ব – সৎ-চিৎ-আনন্দ	
বা শক-গতি-জ্যোতি।	36
তৃতীয় অধ্যায়	
জগতের দ্বিতীয়াবস্থা—সন্ত্ব, রন্ধ্ব, তম।	৩৭
চতুং অধ্যাস্থ	
স্কুগতের তৃতীয় <b>অবস্থা—সত্তা, শক্তি, বস্তু</b> ।	કર
পঞ্চ অধ্যায়	
জগতের চতুর্থাবস্থা—কারণ, কার্য্য, ও আধার	90



### প্রথম অধ্যায়।

### স্বাভাবিক অবস্থা।

প্রাথমিক ত্রিতত্ত্ব—

আত্মন্থ, আত্মন্ত, আত্মানন্দ।

দ্খত: স্থা চারিভাগে বিভক্ত, অব্যক্ত, ব্যক্ত, পূর্ণব্যক্ত ও লয়।
কিন্তু মূলতঃ উহা ছই, অব্যক্ত ও ব্যক্ত। আবার অব্যক্ত হইতে
ব্যক্তের বিকাশ, অব্যক্তকে তাই ব্যক্তের কারণ বলা হয়।
লাগতিক হিসাবে, যে বস্তুর মাহা হইতে উৎপত্তি, তাহার নির্ভিও
ভাহাতে হয়, এই নিয়ম অমুসারে, ব্যক্ততত্ত্ব (অর্থাৎ সমুদ্য দৃখ্যতত্ত্ব) অবশেবে আবার সেই অব্যক্ততত্ত্ব গিয়া বিশ্রাম লাভ করে।
অমুসন্ধানচিকীর্ ব্যক্তিগণ অভিনিবেশ সহকারে সমুদায় স্প্রতিত্ব
আলোচন। করিয়া অবশেবে একটীমাত্র তত্ত্ব গিয়া বিশ্রাম লাভ
করেন। সে তত্ত্বি সেই অব্যক্ত, অর্থণ্ড, অনন্ত, ব্রন্ধবন্ত। বিনি

শ্ব বভাবে বা আছাছ অবস্থায় মহামারায়, ( অথবা স্বপ্রকৃতিতে ) সংবেষ্টিত হইয়া নিরাকার নিরঞ্জনরপে অব্যক্ততবে (নিত্যকালে) অবস্থান করেন। কাল সমাগত হইলে, স্বভাবরূপিণী মহতী প্রকৃতি অন্তরঙ্গ পুরুষের অস্তরন্থ কামে ক্লোভিতা হইয়া সেই প্রস্থাও ( অথচ স্থাই কাম মুত) পুরুষসিংহকে জাগরিতরূপ সক্রীয় অবস্থায় আনরন করিতে প্রয়াস পান। সেই চেন্টারূপ সচেতন অবস্থাই জগৎ-বিকাশের প্রথম স্পন্দন বা পরম ব্রহ্মের জাগরিত অবস্থার প্রথম নিঃখাস। উহাই, ব্যক্ত জগতের প্রথম ক্রন্দন 'অ'রূপ মহাশন্দ। নবভূত কামনার তীব্র বলে, ঐ 'অ' শক্ষ, ক্রম্বিবদ্ধিত হইয়া 'উ' শক্ষে বা গতিতে পরিণত হয়। ক্রমে সসীম অর্থাৎ কালনির্দিষ্ট মহাকালে বাধিত হইয়া, উহাই 'ম' শক্ষে পরিণত হইয়া মহাশন্দ 'ওঁ'কারে পরিণতি প্রাপ্ত হয়।

ত্রিতরই স্টির মহামন্ত ; এই মহামন্ত অব্যক্ত অব্যক্ত অব্যক্ত অব্যক্ত বি অবহিত। ব্রহ্ম যথন জগদতীত, নিগুণ নিজ্ঞিয় জ্ঞান ও তর্কের অভাত, কাল ও দেশ ব্যবধান পরিশৃত্য, একমাত্র অধিতীয় নিজ্ঞা বোধে নির্ক্তিকার, তখনও এই ত্রিভাব তাহাতে বর্ত্তমান। যোগিগণ মহাসমাধি যোগে যখনই নিজ্ঞিয় ব্রহ্মগগরে নিম্জিত হন, তখন তাঁহারা নির্ক্তিকার সমুদ্রের মধ্যেও ত্রিভাব পরিলক্ষিত করিয়া থাকেন। ত্রিভাব তখন তাঁহার আত্মন্ত, আত্মন্ত, ও আত্মন্ত থ আত্মন্ত বা আত্মানন্দে পরিসমাপ্ত।

আত্মন্থ অর্থাৎ 'আমি আছি' এই মহাজ্ঞান সেই নির্দ্ধিকার সমুদ্রের প্রধান অভিত। এই জ্ঞান বর্তমান না থাকিলে, নিগুৰ্ণবন্ত ভবিয়তে কৰ্ত্তাপদে প্ৰতিষ্ঠিত হইতে পারেন না। তাই যথন কিছুই ছিল না; একমাত্র সং বস্তুতে সমুদয় পরিপূর্ণ ছিল, তখন এই দিবাজ্ঞান বা নিতা বোধ অধবা "আমি আছি" এই অনত্ত সভাষাত্র বর্ত্তমান ছিল। সেই অহংজানের স্মৃতির উপরই এই বিশ্ব বন্ধাণ্ড ভবিয়তে প্রতিষ্ঠিত। স্রষ্টার "আমি আছি" এই ভাবের উপরই আবার নব কর আবিভূতি। স্থতি না থাকিলে অভুক্ত কর্মফল কোথায় সঞ্চিত হইত ? বাহজগতের অন্তির অন্তর্জগতের উপর নির্ভর করে। শ্বতি অন্তঃকরণের প্রধানরত্তি। ভগবানের শ্বতিপটে জগদতীত অবস্থায় নামরূপ-ভাবে বিশ্ব অব্যক্ত ভাবে অবস্থিত ছিল। উহার অভাব হ**ইলে,** বিশের অভাব হইত। জগতের অন্তিত্ব অন্তরের অন্তিত্বের উপর নির্ভর করে, তাই সেই জগদতীত ব্রহ্মে 'আমি আছি' এই পরম জান, আয়স্থনামে অভিহিত। বেদান্তদর্শনে এই আত্মন্ত বস্তুকে 'সং' নামে ব্যাখ্যাত করা হইয়াছে। ইহাই সৃষ্টির অধিতীয় মহাকারণ, অপর তুইটি অবস্থা, সেই এক মাত্ৰ "একমেবাদিতায়ং" সংবস্তুতেই প্ৰযো<del>জ্য</del>।

আত্মজ্ঞ অবস্থা অর্থাৎ আপনার ভাবে আপনি মুঝ। বথন আনস্ত 'সং'এ স্পষ্টকাম আবিভূতি হয় নাই, আনস্ত তর সমুদার একাভূত অবস্থায় অবস্থিত, এখন বে জ্ঞান আনস্ত ব্রহ্মাঞ্চে বিস্তৃত, স্পষ্টাতীত অবস্থায় সেই জ্ঞান তথন একাথারে সংস্থাপিত। ব্রহ্মসন্তা বা একমাত্র 'সং' বস্ত তথন, আপনি আপনায় মুঝ, স্তব্ধ, ভিত, অবস্থিত।

আত্মানন্দ— অর্থাৎ, আপন আত্মায় তিনি আপনি আনন্দিত, তৃপ্ত, ক্ষূ তিযুক্ত। আপনি আপনাতে রতি, মতি ও প্রীতিযুক্ত। তত্ববিদ্গণ একমাত্র জগদতীত 'সং' বা অন্তিত্বোধক বস্ততে এই ত্রিভাব পরিদর্শন করিয়া থাকেন। যে ত্রিভাব অব্যক্ততত্বে ব্যবস্থিত, তাহাই ব্যক্তে 'সং' 'চিং' 'আনন্দ' নামে বা 'অ' 'উ' 'ম' তে পরিদমাপ্ত। তাই সৃষ্টির সমুদ্য় তব্ এই ত্রিতত্বে ব্যবস্থিত।

ওঁকারের 'অ' শব্দ জগতের আদি অবস্থাকে বুঝায়; 'অ' হইতে প্রথমাবস্থার ( অর্থাৎ জগদতীত ) অথপ্তিত কাল, থপ্তিত হইয়া ক্রমশঃ ব্যক্তাভিমুখে আইসে, 'উ'তে আদিয়া উহা বিস্তৃতি লাভ করে, 'ম'তে সদীম প্রকৃতিতে আদিয়া বাধকতা প্রাপ্ত হইয়া, উহা দম্যক্ রুড়েখর্য্যে বিভূষিত হইয়া, ব্যক্ত জগতের উপদোগী হয়। "অ" "উ" "ম" অর্থাৎ শব্দ জ্যোতিগতিতে ও সমুদ্য জগৎ বিকাশিত। তাই উহা, অর্থাৎ ঐ শব্দকে প্রস্তার প্রথম নিঃখাদ্য বা জাগরণ চিহ্ন বলা যায়।

কর্দ্ধার কামেই কর্ম্ম সম্পাদিত, স্রস্থার ইচ্ছায় সৃষ্টি বিবৃদ্ধিত।

একমাত্র পরম পুরুবের মহাকামেই সৃষ্টি বিকশিত। সেই
কামেই তাঁহার স্বভাব-স্বরূপিশী মহামায়া কোভিতা। বিগত
সৃষ্টির কর্ম্মনন তাহার উপলক্ষণ মাত্র। স্রস্টা আপনায় আপনি
কামযুক্ত না হইলে, তাঁহার প্রকৃতি কিরুপে কোভিতা হইবেন 
কর্মনেই বা তাহা সংকর্ষিত হইয়া তাহাতে বিগত জীবের
কর্মকন পরিক্ষুট হইবে ? আপাততঃ সৃষ্টিতে বীক্ষ ও ক্ষেত্র
উভয়সংযোগ ব্যতীত ক্ষাতের উৎপত্তি অসম্ভব বনিয়া বোধ হয়।

অনেক দার্শনিক এই ভ্রমে পতিত হইয়াছেন। আন্ত দৃষ্টে এই ত্রম অনিবার্য্য। কাঞ্চেই তাঁহারা প্রকৃতির ক্লোভন ( অর্থাৎ ইচ্চা) ও বিগত জীবের কর্মফলই স্টের প্রধানতম কারণ বলিয়া নির্দেশ করিয়াছেন। কিন্তু স্থিরচিতে বিবেচনা করিয়া দেখিলে বলিতে হইবে. প্রথম বীজ ও ক্ষেত্র কোধা হইতে আবিভূতি হইল? যখন দেখা যাইতেছে, স্টাতীত অবস্থায় কেবল একমাত্র অহিতীয় অব্যক্ত "সৎ" বস্তু বর্ত্তমান ছিলেন। উহারই হুই অবস্থা, একটা অব্যক্ত ও অপরটি ব্যক্ত। যথন নিত্য 'দং'এ শক্তির বিকাশ হয়, ( অর্থাৎ চিৎরূপ দিতীয়াবস্তায় উপনাত হয়), তখন উহা ব্যক্ত। যখন দিতীয়ভাব বিক**শিত** না হয়, তথন উহা অব্যক্ত-ভাবাপর। ঐ শক্তি, শক্তিমান বা 'চিং' 'সং' হইতে বিভিন্ন নছেন, উহার পৃথক অক্তিত কিছুই নাই। কার্যা দুষ্টেই শক্তি অমুমিত হয়। অগ্নিতে দাহিকাশক্তি গুহতাবে অবস্থান করে: দাহু বস্তুর সংযোগ হইলেই ঐ শক্তি বিকশিত হয়। ফল কথা কার্য্য অমুভূত না হইলে, তাহার শক্তির পরিচয় পাওয়া যায় না। কিন্তু কার্য্য কে অনুভব করে ?

'সং' অর্থে অন্তিত্ব বা আছে। ঐ ভাব ষধন 'আত্মুখ'
অব্যক্ত, তথন অনুমূভ্ত, ষধন ব্যক্ত তথন অনুভব্য। এছলে
অমুভব অর্থে প্রকাশ। কিন্তু অমুভবের বিষয় ব্যতীত কি
অমুভব হইবে ? তবে ঐ মূল কারণ হইতে, অধবা প্রথম কারণ
হইতে প্রথম কার্য্য বা বিষয় যাহা প্রকাশিত হয়, সেই প্রকাশের
মধ্যে কারণ ও কার্য্য অবগ্রই অবহান করে। কার্য্যক্রপ

প্রকাশের নাম বিষয় বা ক্ষেত্র, আর জ্ঞানামুভব-কারীর নাম প্রকাশক বা কেত্রজ। ইহাতে বুঝা যায়, সেই 'একমেবা-দিতীয়ং' নিত্য 'সং' (বা আমি আছি ) ভাবের মধ্যে অমুভূতি-রূপ কর্তা ও অমুভূত রূপ বিষয়শক্তি লুকায়িত আছে। ঐ বিষয়শক্তি হইতে প্রথমে যে কার্য্যের বা বিষয়ের বিকাশ হয়. ঐ বিকাশ অমুভূতি কর্ত্তক গৃহীত হয়। যদি অমুভূতির অন্তিত্ত না থাকিত, তবে কার্য্য বা বিষয়ের কখনট বিকাশ হটতে পাবিত না। ঐ অনুভৃতিই স্বয়ং অনুভ্ৰকারী জ্ঞান বাদ্রাই। উহাই সাক্ষীপুরুষ, এবং ক্রিয়াকারী বিষয়শক্তিই প্রকৃতি: ঐ প্রকৃতিই সতের ভাব, সে কারণ তাহার অপর নাম স্বভাব। সুতরাং স্ষ্টির কারণই স্রষ্ঠা, উহার ভাবই প্রকৃতি। স্ষ্টির মূল কারণে বা কর্ত্তায় সৃষ্টিকাম সমুদিত হইলে, তবে তাঁহার স্বভাবে তাহা প্রতিফলিত হয়। কার্য্য যথন কার্ণের উপর বাবস্থিত, তথন কারণের ভাবেই কার্য্য বিকশিত। ত্রহ্মরূপী একমাত্র স্বাত্মজ্ঞান, বা 'দং' রূপী নিভ্য 'আমি' ভেই এই জগৎ রূপ কার্য্য ৰ্যবন্থিত।

ব্রহ্মবস্ত নিতা, তিনিই সকল কার্য্যের অধিতীয় মহাকারণ। তিনিই কার্য্যরূপে কর্ষিত হইয়া কালে ব্যবস্থিত হন।

শ্রন্থাই স্ষ্টের নিমিত। তাঁহারই কামে প্রকৃতি ক্লোভিতা হইয়া স্ফটির কার্য্যপদে বরিতা হন। পুরুষকে তাই জগৎ স্টির মুখ্য কারণ বলা হয়। প্রকৃতি চিরকাল উপাদানভূত মহাকারণ নামে বিধাত। কারণে কার্যা নিঃশেষিত। প্রকৃতি তাই পুরুষে শেব। ঋষিগণ, মারাক্লপিণী প্রকৃতিকে ধরিতে গিরা অবশেষে সেই পুরুষকে ধরিয়াছেন। সেই জল্প প্রকৃতি অনির্ম্কচনীয়া নামে অভিহিতা। পুরুষই স্ষ্টির মহাকারণ, প্রকৃতি তাহার উপলক্ষ মাত্র। পুরুষের কামেই প্রকৃতি ক্লোভিতা।

মহাপ্রলয়ের পূর্ববর্তী অবস্থায় কারণ ও কার্য্য অধবা আকর্ষণী ও বিকর্ষণী উভয় শক্তি যখন বীরে বীরে একত্র সন্মিলিত হইয়া যায়, তখন আবার সাম্যাবস্থা আদিতে থাকে। ব্যক্ত তব ক্রমশঃ অব্যক্তে বিলীন হইতে থাকে। সঙ্গে সঙ্গে উপস্থিত স্প্তির অভুক্ত কর্মকল মনের স্প্রাংশ বা অবিনশ্বর স্মৃতিরূপে পরিণত ইইয়া, বিকীরণণীল শব্দ জ্যোতি ও গতির সহিত খণ্ডকাল পরিহার করিয়া মহাকালে সন্মিলিত হয়়। কালকুক্ষিগত কর্মবীব্দ কালাধীশ্বর নিত্যকাল বা ব্রহ্মসন্তার অব্যক্ত মহান্ স্মৃতিতে অব্যক্ত ভাবে প্রবিত হইয়া থাকে। কাল আগত অর্থাৎ উপযুক্ত সময় সমাগত হইলে, সেই মহতী স্মৃতিতে যখন কাম সমৃথিত হয়, তখন সঙ্গে সেই স্বৃতিপ্রথিত স্ক্র কর্মকল বিকাশোমুখ অবস্থায় আগমন করে, তখন উহা বহিবিকাশের জন্ম বলসঞ্চয়ে বা আকর্ষণে প্রবৃত্ত হয়। উহাই—আকর্ষণরেণ।

ত্রদারণী সংবস্তই স্টির প্রধান কারণ, সকল কারণের শেষ কারণ, সকল জ্ঞানের মহান্ কেন্দ্র, সকল নীতির শ্রেষ্ঠ উপদেশ, সকল অবস্থার চরমস্থিতি। দার্শনিক, দর্শনতক্ষ স্থালোচনা করিয়া শেধে সেই ব্রহ্মতব্রে গ্রারে গিয়া দুগুয়মান হন। বৈজ্ঞানিক, বিজ্ঞান রাজ্য আলোড়ন করিয়া চরমে সেই

ক্ষেত্র বিজ্ঞানে উথিত হন। জ্ঞানী জ্ঞানকাণ্ডে ত্রমণ করিয়া
অধিযে সেই জ্ঞাত। ও জ্ঞেরহীন নিরাকার নিত্য চৈতক্তে
প্রতিষ্ঠিত হন। যোগী, অট্টেখর্য্য পদদলিত করিয়া শেষে ধীরে
ধীরে ধণ্ডজ্ঞান পরিহার করিয়া, অবশেষে সেই অধণ্ড জ্ঞানে
উপনীত হন। যিনি যে পথ ধরিয়াই বিশ্বরাক্ত্যে অবতরশ
করুন, অবশেষে তাঁহাকে সেই বিশ্বাতীত বিশ্বনাথের সালিধ্যে
উপনীত হইতে হয়। তবে, অবস্থাবিশেষে এক মৃত্বর্তেই হউক,
আর শত জন্মই হউক, অবস্থার তারত্যেয় ইহার বিশেষ বিশেষ
পথ বর্ত্তমান আছে।

যিনি ব্যক্ত জগতের পথিক ( অর্থাৎ অব্যক্ত হইতে ব্যক্তে অবতরণ করিতেছেন ), তাঁহাকে আপাততঃ কারণ ও কার্য্যতর নিরূপণ করিতে হইবে। ব্যক্ত-অব্যক্তের বহিদেশে, যিনি যত ব্যক্ততরে পরিভ্রমণ করিবেন, তাঁহাকে তত অব্যক্তের বহিছাগে বিচরণ করিতে হইবে। মূল হইতে দূরে থাকিলেই অমূলে শড়িতে হয়। অমূল মূলের বহিভাগ বলিয়া, সাধারণতঃ সংসার এই ছইটী রাজার নাম নির্ভি ও প্রর্ভি দিয়া থাকেন। যিনি গুণামুসারে অব্যক্ত কর্ত্তাকে না ধরিয়া, তাঁহার ব্যক্তকর্মতত্বে নিবিইচিত, তাঁহাকে সতত কর্মের জটল বন্ধনে পড়িতে হয়। ব্যক্তকর্মতত্বে বা কর্মনাত্রই বিভিন্ন, কর্মের ভাবও বিভিন্ন। স্ক্তরাং ক্ষাত্রের জটল সমস্তায় পড়িলে, আর কাহারও সহজে নিস্তারের উপায় থাকে না। আর যিনি কর্মের বা কর্মবন্ধনের ভিতর

কোন গতিকে একবার কর্তার সাক্ষাৎ লাভ করিতে পারেন,
মহাকর্ম সমূথিত হইলেও আর কেহ তাঁহাকে বন্ধন করিতে সমর্থ
হয় না। কর্ম্মের ভিতরই কর্তা অবস্থান করেন, কেবল কোন
গতিকে একবার তাঁহাকে জানা লইয়া বিনয়। লস্টাই স্টি।
তত্ববিদ্গণ মূলে ও অমূলে অর্থাৎ বিশ্বধাতায় ও বিশ্বে কোন
প্রভেদ দর্শন করেন না। তাঁহারা জানেন, স্টির যে অংশই যিনি
ধক্ষন, অবশেষে তাঁহাকে সেই স্রষ্টার সমীপেই আসিতে হইবে।
তা' যত কালেই হউক। যিনি যে জনমে যতথানি কর্তাস্বদ্ধে
অভিজ্ঞতা লাভ করিয়াছেন, সে জনমে তাঁহার ততথানি উন্নতি
হইয়াছে। তাই সমদশীদিগের চক্ষে নিস্তি ও প্রম্বৃত্তিতে অথবা
ব্যক্তে ও অব্যক্তে কোন ভেদ দৃষ্ট হয় না।

যাহার যাহা মূল, তাহা ধরিয়াই তাহার তবনির্বন্ধ করা উচিত। ব্রশ্বই ক্রমাণ্ডের মূল, স্ত্রাং ব্রহ্মতত্ব ধরিয়াই সমুদ্র জগৎতত্ব নির্বাহ্ন করা উচিত।

নিপ্তর্ণ ব্রহ্ম স্টের অতাত। অবিকশিত অর্ধাৎ সমভাবাপন্ন নিত্যকালের নিভ্ত কোলে তিনি অপ্রকট অবস্থার (অর্থাৎ নিক্সিয় গুহুভাবে অবস্থিতি) করেন। সেই তত্বাতীত অবস্থার তত্ত্বনির্ণয় করা কাহারও সাধ্যায়ত্ত নহে।

কি মৃনি ঋষি, কি দাধু সন্মাসী, কি লাশনিক, কি বৈজ্ঞানিক, কেহই দেই তত্ত্ব নির্ণর করিতে সমর্থ নহেন। যাঁহার যতটুকু ক্ষমতা, তিনি তাহা লইয়া দেই ব্রহ্মসাগরের তত্ত্ব নির্ণয় করিতে প্রায়াস পাইয়াছেন। তবে, তিনি নিত্যকাল হইতে কর্ষিত হইয়া,

যথন মহাকাশে আসিয়া সৃষ্টির স্রষ্টাপদে বরিত হন, সেই অবস্থা হইতেই তাঁহার তত্ত্ব আলোচিত হওয়া কথঞিৎ সাধ্য। সাধু মুনি ঋষিগণ দেই স্থান হইতেই স্রস্তাতত্ত্ব নির্ণয়ে প্রয়াস পাইয়াছেন। বাক্য ও মন যথন কখনও সেই নিগুণ দরজা পার হইতে সমর্থ হয় না, যেখানে সৃষ্টির অতীত বিজ্ঞানখন ব্রহ্মবস্ত নিবসতি करवन, (मशास आकाम अपवाह्य अवकारमंत्र महारन) ना থাকার, বাক্যরূপ শব্দের প্রবেশ নিষেধ। তাই বাক্যের তথায় স্থান নাই। সে কারণ সেই নির্বিকল্প বন্ধবস্তুর বর্ণনা করিতে কেহই সমর্থ হন না। সকলেই নিজ নিজ ক্ষমতারুপারে সেই ব্রহ্মসাগরের তত্ত্বস পান করিতে প্রয়াস পাইয়াছেন। কিন্তু नकल्वे नामर्थ्याञ्चनादत कृष्ठकार्य्य, व्यर्थाए योशात य ऐकू निक তিনি তদমুসারেই তাঁহাকে বুঝিতে সমর্থ হইয়া থাকেন। কেন না যেখানে অখণ্ড তত্ত্ব একত্রিত, সেখানে আবার প্রকৃত তত্ত্ব নিরূপণ করে কাহার সাধ্য? যিনি যে তত্ত্বে রসিক, সেই তত্ত্বে ভাবমাধুর্য্যে তিনি তথায় এতদূর উন্মত হইয়া পড়েন যে, সেই ভাব পরিপাক করিতে তাঁহার কতকাল অভিবাহিত হইয়া যায়, তাহা তিনি সহজে হাদয়ঙ্গম করিতেই সমর্থ হন না ৷ তবে সেই চতুর পুরুষের উপর যিনি চতুরালি করিতে সমর্থ হন, অর্থাৎ ষাঁহার 'আত্মজ্ঞান' অধিকতর পরিক্ষুট, যিনি সেই ত্রহ্মসাগরের ভাষানন্দেও "সেই আমি" এই জ্ঞানহারা হন না, তিনিই কেবল এই অবস্থার কথঞিৎ রসাসাদনে সমর্থ হন। তা ছাঁড়া অন্তান্তের। সেই অনস্ত সাগরের অনস্ত তরঙ্গে পড়িয়া আত্মহারা হইয়া তাহার:

তরকে তরকে নৃত্য করিতে থাকেন এবং অবশেষে এতদুর পর্যাস্ত বিমোহিত হইয়া পড়েন, যে সেই অনির্বাচনীয় আনন্দের স্থৃতি মাত্রই তাঁহাদের স্থৃতিতে থাকে, প্রকাশরণ কার্য্যে বছ একটা তাহা ব্যবহৃত হয় না। কাজেই তাঁহারা সমাহিত অবস্থা পরিহার করিলে পর, আর সেই অবস্থার কথা যথোপযুক্ত ভাবে বর্ণনা করিতে সমর্থ হন না। হৃদয়ের ভাব হৃদয়েই থাকিয়া যায়। প্রকাশক্ষমতা অত্যন্ধ লোকেই প্রাপ্ত হইয়া থাকেন। মহা মহা সিদ্ধ মহর্ষি ও মানসপুত্রগণ বাঁহারা এক একটা জগত-স্ষ্টির দামর্ব্য ধারণ করেন, তাঁহারা উক্ত দমুদ্রের এক একটা ক্ষুদ্রাদপি কুদ্র কীটবিশেষ। তবে যাঁহারা স্বাভাবিক মানসপুত্র, স্বভাবের স্বাভাবিক জ্ঞানে যাঁহারা জ্ঞানবান, যাঁহারা জ্ঞীবন থাকিতেও জীবনাক্ত, অর্থাৎ যাঁহারা বর্তমান জন্মে জীবিত থাকিয়া কেবল পূর্বজনোর কৃতকর্মের ফলভোগ করেন যাত্র, নবকর্মের নূতন ফলের জন্ম, আর যিনি নববীজ রোপণ করেন না! যে সমুদয় কর্ম তিনি এ জন্মে সংসাধন করেন, তাহার ফল স্বাভাবিক জ্ঞানে দগ্ধ হটয়। বায়। আবে তাহা হইতে নবরুক্ষের উত্তব হয় না। তাঁহারাই কেবল কোন বিষয়ে আত্মহারা হন না, তাঁহাদের জ্ঞান স্বয়ংপ্রকাশ বলিয়া, জ্ঞাদতীত জ্ঞাদীখরের তস্থ তাঁহারাই কেবল কথঞ্চিৎ লৌকিক সংসারে অভিব্যক্ত করিয়া থাকেন। আর বাঁহারা সাধক, (অর্থাৎ বাঁহাদের আত্মজান সাধনসাপেক্ষা) তাঁহারা সমাহিত অবস্থা ব্যতীত অভ সময়ে অহং-জ্ঞানের শক্তি লাভ করিতে পারেন না! মহামতি ব্যাস-

দেব ও তৎপুত্র গুকদেব ইহার প্রকৃত দৃষ্টার স্থল; ব্যাদদেব আজ্মের সাধক, ব্যাদের জ্ঞানগরিমা সাধনসাপেক্ষা। তাই ব্যাসকে যখন যে তব সংগ্রহ করিতে হইয়াছে, তখনি তাঁহাকে তাহার জন্ম তপস্থারপ চিত্তসংযমের সাধন করিতে হইয়াছে। আর গুকদেব স্থাভাবিক জ্ঞানে জ্ঞানবান বলিয়া তাঁহাকে কোন বিষয়ের জন্মই কখনও চিন্তার আশ্রয় গ্রহণ করিতে হয় নাই। সর্কানাই তাঁহার মন আ্রায় সংযুক্ত থাকিত, সে কারণ সততই তিনি যোগযুক্ত ছিলেন, সর্কত্ব তাঁহার নিকট সম্পরীরে উপস্থিত হইত। কোন বিষয়ের জন্মই তাঁহাকে মন বা বৃদ্ধির শ্রণাপন্ন হইতে হইত না।

যাহা হউক, ব্রহ্মের স্বাভাবিক অবস্থা জ্ঞান ও তর্কের অতীত।

ওরুরূপী জ্ঞান, সক্রিয় অবস্থা অর্থাৎ যে অবস্থা হইতে তিনি কাল

কর্ত্বক আহুত হইয়া স্টের স্রন্থাপদে বরিত হন, সেই অবস্থা

হইতে জ্ঞাতারূপী শিষ্যকে পরিহার করিয়া প্রত্যাগমন করেন।

জগদতীত অবস্থা বিজ্ঞানখন বলিয়া কাঁক অবকাশশ্রু,
স্থতরাং যেখানে জ্ঞান ও জ্ঞাতার অভাব, সেখানে জ্ঞান ও

জ্ঞাতার অন্তিম্ব অসম্ভব। সেখানে কেবল দেশ-কাল-ব্যবধানবিরহিত, নিত্যকাল মাত্র ব্যবস্থিত। নিত্যকাল উপনীত

হইলে জ্ঞাতা ও জ্ঞেয় অর্থং গুরু ও শিষ্য বর্ত্তমান থাকিতে

গারে না। সমুদর একাকার মহাসাম্যে বা নিত্যক্ষে পরিণত হয়।

যেখানে একমাত্র সংবস্থ ছাড়া 'অসং' নিত্যকাল প্রত্যাধ্যাত,

সেখানে ভাব ছাড়া বাক্যের অবকাশ কোধার গ

তর্ক্ত ষেধানে অগণিত তর্কের সমাবেশ দেখিয়া আপনার হত্ত ছারাইয় শুক হইয়া যায়। নিরুপণ যেখানে অনিণীত, অপরিক্ষত্র সাগরে পড়িয়া আপনার তত্ত্ব হারাইয়া বসিয়া থাকে। বিজ্ঞান राबात अनुस चन-विकान (प्रविद्या अकान इटेग्रा शए । प्रभन যেখানে জের ও জাতা-তত্ত্বারাইয়া চকু থাকিতেও দর্শনলাভে বঞ্চিত হয়। ফলকথা, অনুভূতি ব্যতীত আর কাহারও সেখানে প্রবেশাধিকার নাই! তত্ত্বিদ্গণ অমুভূতিকেই ব্রহ্মসাগরের ভেলাম্বরূপ বলিয়া তাহাকেই অবলম্বন করিয়া, সেই অনত সাগরে কম্প প্রদান করিয়া থাকেন<sup>়</sup> কিন্তু অনুভূতিরও একটা বিশেষ দোৰ আছে, যাহাকে একদেশদৰ্শী বলা যায়। অর্থাৎ যথন সে যাহাকে লইয়া ভাসে, তথন তাহারই ভাবে সে এমনই আত্মন্ত হইয়া পছে, যে আপনার তত্ত নিরুপণ করিতে যাইয়া, শেৰে সে আপন তত্ত্বেই মুগ্ধ হইয়া যায়। তাই তত্ত্বদৰ্শী-গণ অনন্ত তত্ত্বাগরে যখন নিমচ্ছিত হন, তখন তাঁহাদের সাহায়ার্থে "আমি আছি" এই আসুসম্বকে নিয়োজিত করিয়া রাথেন। আগ্রজ্ঞান ব্যতীত কাহারও সাধ্য নহে যে ব্রহ্মতত নিরূপণ করে। খোরতর সমাধিকালে ঋষিগণ যে তত্ত ধারণ করিয়া থাতের ভায় নিম্পন্দভাবে শতু শত বংসর একাসনে অবস্থান করেন, সমাধিতকে তাহার কিঞ্দধিকও বর্ণনা করিতে সমর্থ হয়েন না। এরপ ঘটিবার কারণ কেবল সেই এক-দেশদর্শী অমুভূতির অত্যধিক প্রাবল্য। যাহা হউক সকলকেই সেই নিৰ্জন দরকা হইতে প্রত্যাবর্ত্তন করিতে হইয়াছে। কি

দর্শন, কি বিজ্ঞান, কাহারও সেই স্থানে পৌছছিতে সাধ্য
নাই। তবে, যে অবস্থায় তিনি সৃষ্টি কামনা লইয়া কান্যমূর্দ্ধিতে
অন্তাপদে বরিত হইয়া ত্রিমূর্দ্ধিতে মহাকাশে দর্শন দান করেন,
সেই অবস্থা হইতেই তাহার ভক্তগণ তাহার তত্ত্ব জগৎসমক্ষে
প্রচার করিয়া গাকেন।

# দ্রিতীয় অধ্যায়।

## জগতের প্রথম অবস্থা।

মোলিক ত্রিতত্ত্ব—

সং-চিৎ-আনন্দ

ব

### শব্ধ-গতি-জ্যোতি।

স্টিতত্ত্ব সম্বন্ধে জনভজ্ঞানবিষ্ঠিত, নিত্যকালে প্রতিষ্ঠিত । প্রতিষ্ঠান করিয়াছেন:—

স্টির পূর্ববর্তী অবস্থায় (অর্থাৎ যথন স্টির বিকাশ হয় নাই)
কিছুই ছিল না, কেবল এক অবিকাশিত ত্যোময়, প্রত্যক্ষের
অগোচরীভূত, লক্ষণ বারা অন্মুমেয়, জ্ঞান ও তর্কের অতীত,
গাঢ় নিদ্রায় যেন সর্বতোভাবে সম্বাদয় প্রস্থপ্ত ছিল।

এই মহা তমদাক্ষর অবস্থাকে পণ্ডিতগণ মহাকাল শ্বরূপ পরব্রমের নিদ্রাবস্থাবা নিজ্ঞিয় ব্রমের ভাব কহেন। তৎপরে যথন সেই অনস্ত বস্তুতে সৃষ্টিকাম উদিত হইল, তথন স্বয়ৰ্ ভগবান সেই অবিকাশিত সাম্যভাবাপন মহাকালে প্ৰকৃতবীৰ্য্য (অৰ্থাৎ স্কামভাবে) হইন্না তমোনাশক জ্যোতীৰূপে প্ৰকাশিত হইলেন। এই স্বয়ৰ্ভ জ্যোতিতে স্মৃদ্য সৃষ্টিকাম অন্তানিহিত থাকিলেও ইহা প্ৰাথমিক অবস্থান্ন নিম্ম।

হিন্দু দার্শনিকগণ বলেন, এই জগৎ-বিকাশক জ্যোতি প্রথম অবস্থায় মহাসাম্যময় অর্থাৎ একমাত্র। দ্বিতীয় বস্তু তথন তদস্তরে বিশ্বমান থাকিলেও, তাহা তথন প্রকল্পন্ত কারণ তথন কারণাবস্থায় ছিল, কার্য্যরূপে পরিণত হয় নাই। তাই এই প্রাথমিক জ্যোতিতে সমূদয় স্টেকাম আন্তর্নিহিত থাকিলেও, তাহা তথন সাম্যময়। এই সাম্যের ভিতরই বৈষম্যের আগমন, সেজ্লু একদিক হইতে দেখিলে যেমন তাহাকে একটা বলিয়া বোধ হয়, তেমনি অপর দিক হইতে দেখিলে, তাহাতে তিনটি বস্তই দেখিতে পাওয়া বায়। সেইজ্লু সেই জগৎ-প্রকাশক একমাত্র আলোকেতেই গতিশক্তি বিশিষ্ট স্বভাবশক্তি অবস্থিতি করে।

'সং'রূপ একমাত্র আলোকের মধ্যেই অসংরূপ গতিশক্তি বা উদ্ধাপ বিদ্যমান। প্রথমাবস্থায় 'সং' প্রথান বলিয়া ঐ উত্তাপের বাহিবিকাশ হয় না। কালক্রমে উহার বিকাশশক্তির প্রকাশ হওয়াতে, উহাতে উত্তাপ বা গতির আগমন হইয়াছিল। হিন্দু-শাল্রে সর্বব্রেই জ্যোতির বিকাশ প্রথমে বলা হইয়াছে। জ্যোতিকে প্রথম স্থান-অর্থাৎ শব্দও গতির অগ্রে বলিলে বৈজ্ঞানিক মতবিরুদ্ধ হয়। ইহাতে অনেকে ঋষিদিগের মতে উপেক্ষা প্রদর্শন করেন। কিন্তু বাস্তবিক পক্ষে, সৃষ্টির অগ্রে জ্যোতির বিকাশে কোন অবৈজ্ঞানিক ভাব নাই। ঐ বিকশিত জ্যোতিই গতিশক্তি বিশিষ্ট, উহার মূলে শব্দ ও গতি বর্ত্তমান। এই শ্বকে শাস্ত্র বিগতকল্পের কর্মফল কহেন, অর্থাৎ ঐ কর্মফল হইতেই আকর্ষণী শক্তির প্রাত্তাব হয়। উহার ম্পন্সনেই নিশুণব্রহ্মসাগরে ইচ্ছার আবিভাব হয়। ঐ ইচ্ছাই জগতের উৎপত্তিস্চক গতি নামে প্রসিদ্ধ। মহাকাশে উদিত প্রথম জ্যোতিতে শব্দ ও গতি উভয়েই প্র**জন্নভাবে বর্ত্তমান** থাকে। তবে আলোকের গতি যেরপ বিস্তৃত ও বিকীরণশীল, তাপ সেরপ নহে, সে তাহার নির্দিষ্ট আধারেই কেন্দ্রীভূত হইয়া থাকে। अहेक्क छेडान चानका चानाकहे थेथा पृष्टिगां इ.स. কিন্তু উহাতে উত্তাপ বর্ত্তমান না থাকিলে উহার স্থায়িত্ব কিন্ধপে সম্ভব হইবে ৷ আবার ঐ উত্তাপের অগ্রে শব্দরূপ ক্রিয়া বিশ্বমান না থাকিলেও ঐ উত্তাপের স্থায়িত্ব অসম্ভব। তাই একমাত্র 'সং' হইতেই 'চিং' বা গতিশক্তির আগমন (চিরপ্রসিদ্ধ। অব্যক্ত হইতে ব্যক্তের বিকাশ, তাই অব্যক্ত ও ব্যক্ত এক। সেইজন্ম 'সং' ই একমেবাদিতীয়ং।

এক্ষণে কথা হইতেছে 'সং' রূপ অন্তিথবোধক সন্তাই জগতের একমাত্র মহাকারণ-একমেবাদিতীয়ং পরম্ ব্রহ্ম। 'সং'কে বধন একমাত্র বলা ঘাইতেছে, তখন 'অসং' বলিয়া কিছুই বর্তমান খাকিতে পারে না। সমৃদয়ই ঐ 'সং'তেএর ইচ্ছা মাত্র।
এই ইচ্ছা বা 'অসং' 'সং'এর সন্তার উপরই প্রতিষ্ঠিত। স'তের
ইচ্ছাতেই 'অসং'এর প্রাহ্রভাব; এবং অনিচ্ছায় তিরোভাব। সে
কারণ, 'সং'কে এক মাত্র বলা হয়। অলোকিকজ্ঞানে জ্ঞানবান্
মহামতি শঙ্গরাচার্য্য একমাত্র ব্রন্ধ সন্তা ব্যতীত দ্বিতীয় সন্তার
অন্তিত্ব স্বীকার করেন না। বস্ততঃ স্ষ্টের একমাত্র কর্ত্তা ব্যতীত,
দ্বিতীয়ের সন্তাবনা অসম্ভব।

শাস্ত্রোক্ত স্টিতর হইতে বুঝা যায়, স্বয়স্ত্ৰূ ভগবান ( অর্থাৎ স্বয়ং উদ্ভূত গুঞ্ তেজোভাস ) স্টির পূর্ব্বে যাহা নিত্যকালে গুঞ্ভাবে বা নিজিয়ভাবে অবস্থান কর্মিচেছিলেন, তাহাই স্বকৃত ইচ্ছায় বা বিগত স্টির উদীয়মান কর্মফলে প্রকৃতবীর্যা ( অর্থাৎ সকাম বা গতিশক্তিরপী ) হইয়া মহাকাশে প্রথমে আলোক বা জ্যোতিরপে দর্শনদান করিলেন।

শাস্ত্রে মহাকাশকে সমস্ত ভূতের আদি কারণ বলা হয়।
ইহা হইতেই সমুদ্য় স্থান্তর উপাদান সংগৃহীত হয়। নিত্যকালের
বহিরদ মহাকাশ, আবার মহাকাশের বহিবিকাশ বভাকাশ।
কালকেই তত্ত্বিদ্গণ উপাদান কহেন। কাল কেন উপাদানভূত
স্থুল কারণ হইলেন, কেন ঐ মহাকাশকে সমুদ্য ভূতের আদি
কারণ বলা হয় ? যধন দেখা ধাইতেছে, স্থান্তর অতীত মহান
শুহু ব্রহ্মসন্তা নিত্যকালে প্রতিষ্ঠিত অর্ধাৎ নিত্যকালই বর্ত্তমান অথবা তিনি স্ব স্থভাবে ( স্থান্তীত অবস্থায় ) নিত্যকালই
বর্ত্তমান। এই অবস্থায় তিনি অনস্কলাল একই ভাবে অবস্থান

করেন। কিন্তু যখন তিনি স্মষ্টিকাম হইয়া কাম্যমূর্ত্তিতে আপনাকে অংশতঃ স্বীকার করিয়া ব্যক্তপথ অবলম্বন করেন, তখন তাঁহাকে ত্রিমৃত্তিতে দেখিতে পাওয়া যায়। ব্যক্ত পদে অর্থাৎ স্রষ্টাপদে তাঁহার ত্রিমৃতি অসম্ভাবি অর্থাৎ শব্দরূপ কামনার উদয় হইলেই চিৎরূপ ইচ্ছা বা গতি তাহাতে আগমন করিবে। আবার গতির আগম হইলেই তাহাতে জ্যোতির বিকাশ হইবে। তবে সমন্তই কালে কালে বা তালে তালে উপনীত হইবে। অকালে তালভঙ্গ করিয়া কেহই আগমন করে না। সমুদয়ই কালে কালে তালে তালে সম্পাদিত হয়। মহান সংগারের মহতী নীতি তাই সমুদ্যই তালে তালে। আমরা বাহু সংসারে সমুদয় তাই তালে তালে সম্পাদিন হইতে দেখি। কালে কালে রাত্রি আসে, আবার কালাগমে দিন আগমন করিয়া থাকে। কাল আগমনে নীলাকাশে তপনদেব উদিত হইয়া, প্রথর করধারে বিশাল সংসারকে আলোকিত করেন, আবার কাল আগত হইলে তিনি উদয়াচলে অন্তর্হিত হইয়া তৎস্থান চন্দ্রদেবকে প্রদান করিয়া যান। কালে কালে তালে তালে জীব সংসারে আগমন করে, আবার কালাগমে সে মৃত্যুমুখে নিপতিত হয়। সমুদয় কালেই,—বিশাল ব্ৰহ্মাণ্ড কালেই প্রতিষ্ঠিত, আবার কালেই বিনাশ প্রাপ্ত হয়। কাল ছাড়া হইলে, সৃষ্টি কখনও সৃষ্টিপদে বর্ত্তমান থাকিতে পারে না। স্চরাচর শুনা যায়, ত্রহ্মবস্ত নিত্যকালে প্রতিষ্ঠিত, অর্ধাৎ তিনি চিরকালই আছেন,—কোন কালেই তাঁহার ক্ষয়ত্বদ্ধি নাই।

তাহা হইলে বলিতে হইবে, যাহাকে সচরাচর কাল বলা হয়,
তাহা সেই ব্রহ্মবস্তু বা তাহার ভাববিশেষ। তিনি ঘধন
নিক্রিয়,কালও তথন নিত্য; আবার তিনি যথন অংশতঃ সক্রিয়,
তথন নিত্যকাল থণ্ডকালে ব্যবস্থিত। ইহাতেই বলিতে হইবে,
যিনি কাল, তিনিই ব্রহ্ম, যেমন দেহ ও দেহী, যিনি আধার
তিনিই আধ্য়ে। দেহ ও দেহীতে যেমন নিত্যসম্মা, তেমনি
ব্রহ্ম ও কালে অকাট্য সম্মা। কাল তাঁহার আধার বা স্থভাব,
তিনি কালের আধ্য়ে।

তত্ত্বিদ্ণাণ জ্বগৎকে অবস্থৃত্তারে ব্যবস্থিত করেন,— সুল,
স্ক্ষাও কারণ। জগতের স্থুল দেহ স্থুল উপাদানে বিনির্দ্ধিত;
স্ক্রজগতের স্ক্ষা শক্তি লইরা স্ক্রা দেহের সংগঠন; আর
কারণ জগতের কারণ সমষ্টি লইরা কারণ দেহের বিকাশ। কারণ
দেহের ত্রিদেহ, ত্রিজ্পতের সম্পত্তি; যখন আত্মার কারণাবস্থা
মহাকাল তাঁহার আধাররূপে কল্পিত। আত্মা, যখন স্ক্র তখন
কারণ বা অর্জব্যক্ত, তখন তাঁহার আধার দ্রবীভূত স্ক্রতত্ত্ব বা
বিচ্ছিন্নকাল। আবার যখন তিনি স্থুল, তখন তাঁহার আধার
স্কুল বা খণ্ডকালে পরিণত।

একণে কথা হইতেছে, যে বস্ত নিরালম্ব ( অর্থাৎ অন্তের অবলম্বন শৃক্ত ) তাহার আবার কালাবলম্বন কি ? কিন্তু যথন তাঁহাকে বলা হয়, তিনি নিত্যকাল বর্ত্তমান, তথন কালছাড়া কিরণে তাঁহাকে প্রাপ্ত হওয়। যাইবে ? তাই বলিতে হইবে কালেই তিনি বর্ত্তমান আছেন।

এ কথায় অনেকে একমেবাদ্বিতীয়ং ব্ৰহ্ম-বস্তুকে বিভ দোৰে ্দৃষিত মনে করিতে পারেন। অনেক পণ্ডিত এই অবস্থায় সেই মত প্রদান করিয়া গিয়াছেন। আবার কাহারও মতে পুরুষ উপলক্ষ মাত্র: প্রকৃতিরূপিণী মহা শক্তিই সৃষ্টির প্রধানতম কারণ। স্টিকার্য্যে পুরুষের কোন সাক্ষাৎ সম্বন্ধ নাই; কিন্তু বাস্তবিক বিবেচনা করিয়া দেখিলে এ কথার কোন সত্যতা অত্তব করা যায় না। পুরুবই স্টির প্রধানতম কারণ, পুরুষ ব্যতীত প্রজাস্টি অসম্ভব। কি ব্যক্ত কি অব্যক্ত সমুদয় তত্ত্বই পুরুষের কর্তৃত্ব প্রধান। আনেকে মাতৃশক্তিকে জগতের প্রথম কারণ বলিয়া বিবেচনা করিয়া পুংচিত অপেক্ষা স্ত্রী চিহ্নকে পূর্ববত্তী বলিয়া বর্ণনা করিয়া গিয়াছেন। কিন্ত তাঁহাদিগের মত, কখনই স্ষ্টীর চরমতত্বে পৌছিতে পারে না। মহাকাল বা মহত্বতে গিয়া তাঁহারা সমুদয় শূলাকার দর্শন করিয়া আবার অনেককে প্রকৃতি প্রধানমতে পরিচালিত করিয়া গিয়াছেন ৷ কিন্তু যে সকল মহাত্মা প্রকৃতি তত্ত্ব পরি-্হার করিয়া তাঁহার অন্তরস্থিত সেই মহান পুরুষে পঁঁহছিয়া-ছেন, তাঁহারা কখনই প্রকৃতিকে পুরুষের সমকক্ষ কিংবা তদেতর স্থানেও বদাইতে ইচ্ছুক নহেন। তাঁহারা তত্ত্ব ধরিয়া পুরুষকেই জগতের স্রষ্টাপদে বরণ করিয়া-প্রকৃতিকে তাঁহার ইচ্ছা, বাসনা, কামন। ইত্যাদি নামে অভিহিত করিয়াছেন। পুরুষ তাঁহার বাসনাকে যে ভাবে পরিচালিত করিবেন, বাসনা সেই ভাবেই দর্শন দান করিবে, তাই শাস্ত্র কর্ত্তাগণ প্রকৃতিকে পুরুষের নর্ত্তকী নাম প্রদান করিয়াছেন। নর্ত্তকীর নৃত্য-বিভা পরের মনোরঞ্জনের জন্ত। পরের রুচি অমুসারে তাহাকে कना अनर्भन कतिएठ द्या। भत्र यथन राज्ञभ अकुमि करत, নর্ত্তকীকে সেই ভাবে নৃত্য করিতে হয়। প্রকৃতির অস্তিমণ্ড সেইরূপ। পুরুষের বাসনা যখন যে ভাবে অভিব্যক্ত হইবে, প্রকৃতও সেইভাবে দর্শন দান করিবে। মূলকথা কর্তাই কর্ম-ব্লপে অভিব্যক্ত, কর্ত্তা ব্যতীত কর্ম্মের দ্বিতীয় অন্তিত্ব নাই। পুরুষই জগতের অদ্বিতীয় মহা কারণ, তাঁহারই ইচ্ছায় জগত অভিবাক্ত। তাঁহার ইচ্চায় প্রকৃতিকে চেতনবতী (অর্থাৎ সৎ হইতেই চিৎ বা শক্তির আবির্ভাব )। তাঁহারই আভাবে সমুদয় আভাময় বা জীবনযুক্ত। তাই সর্বদর্শনের শেষ পর্য্যায় বেদান্ত দর্শনে প্রকৃতির প্রাধান্ত অস্বীকৃত হইরা একমাত্র পুরুষকেই এক-মেবাদিতীয়ং বলা হইয়াছে। বস্ততঃ সৃষ্টি প্রবর্তন পুরুষ হইতে, পুরুষই সৃষ্টির মহাকারণ।

মহাকাশকে শাস্ত্রে মহাকাল বলা হয়। মহাকাল সমৃদ্র আকাশের মহাকাশ বা আদিকাল। কালই স্টের ব্যক্তের কারণ, অর্থাৎ কন্তার ইচ্ছা কালেই উত্তব, কাল ব্যতীত স্টে ব্যক্ত হইতে পারে না। তাই তত্ত্বিদ্গণ মহাকাশকে সমৃদ্র আকাশরূপী কারণের আদি উপাদান কারণ কহিয়াছেন। কিন্তু কাল আকাশরূপী অবকাশযুক্ত শব্দ ত্রাত্রের জন্মভূমি হই-লেও, প্রথমাবস্থায় যথন ব্রহ্মবস্তু "একোহ্মং বহুসাম" এই ভাবে ভাবাহিত হইয় বিকীরণশীল হন নাই, তথন মহাকাশও আকাশরপ অবকাশ বা খণ্ডকালে পরিণত হইতে পারেন নাই। অবকাশ ব্যতীত আকাশ শব্দ প্রয়োগ অসম্ভব। যথন মহাকাশ অনস্ত, অসীম, এক অদিতীয় ব্যবধান রহিত, তখন উহা আকাশ পদবাচ্য হওয়া অসম্ভব। তবে উহাই সকল কারণের আদি কারণ। উহাতেই গুহুতেজ সংক্ষিত (বা প্রমাত্মা জীবা-ত্মারূপে খণ্ডিত ) হইয়া প্রথমে গতিরূপে শব্দায়মান। উহাই অর্থাৎ ঐ গুহাতেজের সংকর্ষণ জনিত শব্দই মহাশব্দ ওঁকার বা অ-উ-ম নামে প্রসিদ্ধ। কিন্তু যতক্ষণ পর্যান্ত মহাকাল অবকাশ-যুক্ত, অর্থাৎ ক্ষিত না হয়, ততক্ষণ উহাতে গতি উৎপন্ন না হওয়াতে শব্দের সম্যক বিকাশ হইতে পারে না। শাস্ত্র ওঁ শব্দকে শব্দব্রন্ধ কহেন। ঐ শব্দই মহাপ্রলয়ে মহাভূতের তাওব নতোর সহিত ইতস্ততঃ বিকীরণশীল গতি ও জ্যোতিতে মিশিয়া মহাকালের বক্ষে লুকায়িত হয়, বা থণ্ডকাল মহাকালে বা জীবাত্মা প্রমাত্মারপে পরিণত হয়। কিন্তু সন্মিলিত হইয়া. একত্র বহুকাল অবস্থান করিলেও, উহার স্বতন্ত্র অস্তিব, অর্থাৎ সেই আমি এই ভাবের কয় হয় না, বরং যতই খণ্ডকাল, মহা-কালের সারিধ্য প্রাপ্ত হয় তত্ই উহার আমি ভাব বা অহংজ্ঞান অধিক পরিস্ফুট হয়।

যথন স্টের কাল পূর্ণ হয়, তথন উহার অসংরূপ বৈসমাশক্তি (বা সংকর্ষণ), অথবা উদ্ভাপ বা কামনা ধীরে ধীরে
স্কাধার হইতে বিচ্যুত হইয়া সমভাবাপর হইতে থাকে;
কাজেই মহাভূতের ছিল্ল পঞ্চূত বা মহাকালের পরিছেল

খণ্ডকাল, ক্রত স্পন্ধনে স্পান্দিত হইতে হইতে ক্রমশঃ মহাকাশে একীভূত হইয়া যায়, এবং পরকল্পের কর্মাফলের বিকাশকাল পর্যান্ত উহাতে বিশ্রাম লাভ করে। কাল আগত হইলে, যধন বিগত স্পেষ্টর অভূক্ত কর্মাফল ভোগ করিবার জ্বল্প পরমাত্মা জীবাত্মারূপে কালে সংক্ষিত হইতে থাকেন, তথন তাহারই ভোগলালসায় প্রাক্ষতি ক্ষোভিতা হইয়া উঠাতেই, আবার উহা হইতে সেই শন্ধের প্রথম শন্ধ 'অ' শন্ধ উৎপন্ন হয়। ক্রমশঃ কামনা যত বহিমুখী পথ অবলম্বন করে, তত্তই ঐ শন্ধ ক্রতগতির সহিত চালিত হইতে ইইতে উহার আভ্যন্তরীপ ঘর্ষণাধিক্যে গতির ব্রাস বশতঃ স্কুচিত হইয়া উহাই 'উ' শন্ধে বিবন্ধিত হয়। পরে উহাই মহাভূত কর্তৃক বাধিত হইয়া বা নীতি রাজ্যের ব্যবস্থায় ব্যবস্থিত হইয়া 'ম' শন্ধ উৎপন্ন পূর্বাক মহাশন্ধ ওঁকারে পরিণত হয়।

ওঁকার রূপ শব্দে ব্রহ্মের চারি অবস্থা বিকশিত।

অকার বলিলে কারণাদ্ধিশায়ী অর্থাৎ মহাকালস্থিত অব্যক্ত

মায়িক প্রথম পুরুষকে বুঝায়। 'উ'কারে গতি বিশিষ্ট, সংকর্ষণ

শক্তি বা দিতীয় পুরুষকে বুঝায়, আর 'ম' কারেতে তৃতীয়
পুরুষকে বুঝাইয়া থাকে, ও উপরিস্থিত মাত্রায় স্ফুয়াতীত

নিগুর্ণ তত্তকেই নির্দ্দেশ করে।

ওঁকার একটী অনাদি সনাতন শব্দ মাত্র; যাহা হৃষ্টির বর্ত্ত-মান ও অতীতে চিরনিবন্ধ। তাহার যে অংশ মুগে মুগে যুগধর্মে ব্যবস্থিত তাহাই বাক্য নামে প্রসিদ্ধ। এই বাক্যই শব্দ-ব্রন্ধ নামে কথিত। আর তাহার যে ভাগ অব্যক্ত নিত্যকালে প্রতিষ্ঠিত, তাহাই অপৌক্ষের, অনাদি অনস্ক সনাতন ব্রন্ধ নামে কথিত। নিগুণিই সগুণ, অপৌক্ষেরেই পৌক্ষের, পরমান্থাই জীবাত্মা, ব্রন্ধই জগৎ, সৎই চিৎ, শব্দই-জ্যোতিতে পরিণত, স্কুতরাং আদি ও অনাদিতে কোন ভেদাভেদ নাই। যথন একমাত্র ব্রন্ধই অন্বিতীয়, তথন অসীম ও সসীমে প্রভেদ কোথায়?

পূর্ব্বেই বলা হইয়াছে ওঁকাররপ মহাবাক্যে স্থান্তর চারি অবস্থা অভিব্যক্ত। যে অবস্থা যেরপ শব্দ, গতি ও জ্যোতিতে জ্যোতির্যার, তাহার তত্ত্ব নির্ণন্ন করিয়া ঋষিণণ বাক্যকে চারিভাগে বিভাগ করিয়াছেন। প্রথমে পরা, দ্বিতীয়ে পশুন্তি, তৃতীয়ে মধ্যমা, চতুর্গে বৈধরি।

স্থুল জগং বে উপাদানে গঠিত, ইহার সপ্ত তত্ত্ব বে ব্যবস্থায় ব্যবস্থিত, তাহার সমৃদয় লইয়াই মন্থ্য দেহ বিনির্মিত।
মানব ব্যক্ত জগতের অধিবাসী,স্প্টের চতুর্থাবস্থার সম্পত্তি। এতাবং অপর ত্রিজগতে যে শব্দ ধ্বনিরূপে ধ্বনিত হইতেছিল, মন্থ্য
জগতে তাহাই ধ্বনিরূপ পরিহার করিয়া বাক্যরূপে অভিব্যক্ত।
স্থতরাং মন্থ্য কর্তৃক বর্ণ সংযোগে যে বাক্য উচ্চারিত হয়,
তাহার তত্ব নিরূপণ করিয়া উহাকে শব্দ রাজ্যের চতুর্থাবস্থা বা
বৈধ্বিবাক বলা হয়।

বে শব্দ শুদ্ধ স্বাভাবিক বায়ুতে ধ্বনিত হয়, যাহা স্ক্র জগতের সম্পত্তি। যাহার স্কুলাংশ খাস, প্রেখাসরূপে জীব দেহের জীবিত লক্ষণ, তাহাকে মধ্যমাবাক বলা হয়। মহাকাশে প্রথমোৎপর 'ওঁ' শব্দ বৈধরি বা মধ্যা এ ছই বাকা কখন হইতে পারে না। অবকাশ ব্যতীত পশুন্তি বাক্যেরও ক্ষুরণ অসম্ভব,কেন না আকাশের স্বভাবতঃ গতিকেই ঋষিগণ পশুন্তি বাক্ কহেন। কিন্তু যথন মহাকাশ অবকাশ-শুন্তা, তথন ওই মহাকাশস্থিত মহাশব্দকেই পরাবাক্বলা উচিত। অবকাশ ব্যতীত যথন শব্দের উৎপত্তি অসম্ভব, তখন ওই একাকার মহা সাম্যে দৃশুতঃ অবকাশ না থাকিলেও উহাই বে, শব্দের জন্মভূমি তাহা নিশ্চয় এবং উহার অন্তপ্ত বিষ্টাই বে, শব্দের জন্মভূমি তাহা নিশ্চয় এবং উহার অন্তপ্ত বিষ্টাই বে

শব্দ ওহুত প্রের্থ কর্তা মহাকালের প্রথম সন্ধর্মণ 'অ'
শব্দ উৎপন্ন। ঐ "অ" শব্দ তেই জগতের প্রথম অবস্থা অভিব্যক্ত,
শ্বাং উত্ত প্রাথমিক জ্যোতির অন্তর্যন্থ মহাকামের সহিত উহার
বিকাশ। ঐ মহাকাম যতই মহান শ্বতিশক্তি কর্ত্ক আক্ষিত
হইয়া ঘনীভূত হইতে থাকে, ততই উহা গতিতে পরিণত
হয়, ঐ বিবর্দ্ধিত গতিই "উ" শব্দে শব্দায়মান। কালক্রমে
উহা হইতেই জ্যোতির বিকাশ হয়। গুল্ তেজের সহিত
মহাভূতের যতই আভ্যন্তরীণ সংকর্মণ উপনীত হয়,
ততই উহার বাহণতি মন্দীভূত হইতে হইতে উহার আভ্যস্করীণ ঘর্ষণের রদ্ধি প্রাপ্ত হয় এবং উহা সরলভাবে চালিত
হইতে না পারিয়া, ক্রমশঃ বক্রাকার বা ক্গুলিত সর্পের
ক্পুলের আকার ধারণ করে। অতি ক্রত গতিই শেষে অন্ন-

ভূত গতিতে পরিণত হয়। এক খণ্ড রশ্মি হল্তে লইয়া বিবৃর্ণিত করিলে যেমন সেই বিবৃ্র্ণিত রশ্মির অতিশয় ঘৃর্ণণ বশতঃ উহার গতির পরিমান স্থির করা যায় না, বরং অনেকটা স্থির বিলিয়া অস্থ্যান করা হয়, সেইরূপ এই বিতীয়াবস্থার অতি ক্রত ঘর্ষণই শেষে অস্থভ্তির বহিমূখি অবস্থায় উপনীত হয়, অর্থাৎ কোন বস্তু যথন অতি ক্রত গতিতে চালিত হইতে থাকে, তখন উহার গতি নির্ণয় করা অসম্ভব হয়।

এই তত্ত্বটি বৈজ্ঞানিক ভাবে বুঝিতে হইলে, বলিতে হইবে পূর্ব্বোক্ত মহাকাশে গুহুতড়িৎ বর্ত্তমান আছে। উহার স্বাভা-বিক ক্রিয়াই শব্দ-উহাই ক্রমশঃ গতিতে পরিণত, এবং উহার (ক্রিয়ার) ফলই জ্যোতি। প্রথম উদ্ভূত জ্যোতি যাহাকে শাস্ত্র জগৎ বিকাশের প্রথম কারণ কহেন, তাহার ভিতরে এই হুইটি তত্ত্ব অবগ্ৰাই বস্তি করে। নতুবা জ্যোতির বিকাশ অসম্ভব। তবে আলোর গতি যেরূপ বিস্তৃত, তাপের গতি সেরপ বিস্তৃত নহে বলিয়া, তাপ অপেক্ষা আলোকই প্রথমে দৃষ্ট হয়। ঘর্ষণ বা ক্রিয়ার বৃদ্ধি হুইলে, আভাস্তরীণ গতির দ্রুততার হ্রাস হয়। যতক্ষণ গতি অস্বাভাবিক দ্রুততায় পরিচালিত হয়, ততক্ষণ উহার অভ্যন্তর দ্রবীভূত থাকে বলিয়া, ক্রিয়ার সম্যক বিকাশ হয় না। ক্রমশঃ গতির হ্রাস ও বর্ষণের আধিক্য হেতু, মহাকাশস্থ গুহুতড়িতের তেজোভাস জ্যোতি-বিশিষ্ট হইয়া উর্দ্ধে বিকীরিত হয়। ঐ জ্যোতিতে অরূপ ও স্বরূপ উভয়ই বর্তমান থাকে। শব্দ ও গতির কোন আকার নাই।

জ্যোতির কতকটা রূপ দেখিতে পাওয়া যায়। কিন্তু কোন আশ্রয়-ভূত পদার্থ ব্যতীত ঐ জ্যোতির সম্যক্রপের বিকাশ হইতে পারে না। মহাকাশ-রূপ আশ্রয়ে ঐ জ্যোতির বিকাশ মাত্র হয়।

একণে দেখা যাইতেছে উপরিউক্ত গুহু-জ্যোতিতে শব্দ গতি ও জ্যোতি বিভ্যমান আছে। উংগই প্রথম ত্রিতন্ত্ব। হিন্দু শাস্ত্রে এই শব্দগতি ও জ্যোতি বিমণ্ডিত তেলোভাসকে লগৎ-কারণ ঈশ্বর নামে অভিহিত করা হয়। ঐ শব্দ গতি ও জ্যোতি, ত্রিতন্ত্রই ওঁকাররূপ মহামন্ত্রের প্রধান কারণ। ওঁ কারে জগতের ব্যক্ত ত্রি অবস্থা ও উহার উর্দ্ধ মাত্রার স্বস্থাতীত অবস্থা পরিজ্ঞাপন করে।

একণে কথা হইতেছে নিপ্তণিতর একমাত্র একমোবা বিভার, একটা মাত্র বস্তুতে প্রতিভাত। তবে সক্রিয় ব্রহ্মে বা ব্যক্ত জগতে এই ত্রিভাব কোথা হইতে প্রস্তুত হইল ? বাহা মূলে নাই তাহাই ত মিথ্যা বা অসং নামে পরিকল্পিত। কিন্তু তর্ববিদ্গণ যথন মিথ্যা 'অসং' বা অকারণ বলিরা ব্রহ্মাণ্ডে কোন তত্ত্ব সন্দর্শন করেন না, তথন বলিতে হইবে যাহা আমরা ব্যক্ত জগতে 'অসং' বলিরা বিবেচনা করি, তাহা ওই 'সং' বস্তুরই ভাব বিশেষ। জগতের মূল বখন এক এবং সেই এককেই যথন সমূদর বলা হয়, তখন ঐ একেতেই 'সং' ও 'অসং' উভয় তর বর্ত্তমান। জ্ঞানময় শ্রিষণ তাই "স্ক্রেক্তমময়ং জগং" এই মহান তর্ত্ব সর্ক্ত্রে বোবণা করিয়া গিয়াছেন।

ঋষিগণ কহেন, নিশুণৈই সশুণ, একমাত্র ব্রেক্ষই ত্রিতত্ব বর্ত্তমান। একই বস্তুকে এক দিক হইতে (অর্থাৎ অগদতীত) দেখিলে বেমন একটী বলিয়া বোধ হয়, আবার অপর দিক (অর্থাৎ স্টুকাল) হইতে দেখিলে তাহাকে তিনটী বলিয়া। অসুমান হয়।

ব্রন্ধ নিগুণ,—একমাত্র, তাহাতে ত্রিগুণ কিরপে তিরিতে পারে ? বেধানে একমাত্র 'সং' ব্যতীত 'অসং' নিত্যকাল প্রত্যাখ্যাত, বেধানে দেশ ও কাল ব্যবধান নাই, বেধানে অহম্ এতং এই একটী মাত্র বস্ত ব্যতীত দ্বিতীয়ের অভিন্থ নাই, সেধানে ত্রিগুণের অভিন্থ কাষায় ? সেধানে 'অহম্' এতং নাং এই প্রত্যাখ্যান কিরপে তিরিতে পারে ? দ্বিতীয় প্রত্যাখ্যাত বস্তু কোণা হইতে প্রাদ্ভূত হইল ? দ্বিতীয় বস্তু না থাকিলে প্রত্যাখ্যান কাহাকে লইয়া হইবে ? তাহা হইলে বলিতে, হইবে এই নিত্য প্রত্যাখ্যানের ভিতর স্বীকার বা গ্রহণ নিশ্রেই প্রস্কুলতাবে অবস্থান করে।

একণে দেখিতে হইবে, এই নিত্য প্রত্যাধ্যানের ভিতর কিরপে বীকার ও গ্রহণ বসতি করে। শান্ত বলিয়া থাকেন সেই একমাত্র 'সং' বস্তর একদিক হইতে দেখিলে বেমম তাহাকে একটী মাত্র প্রতীয়মান হয়, অপর দিক হইতে দেখিলে তেমনি তাহাতে তিনটী বস্তু প্রত্যক্ষীভূত হয়। তথন সহক্ষেই বুঝা যায় যে, সেই একেতেই ত্রিতত্ব কিরপে বিরাজ করে।

্ষুল প্রকৃতি বা মহাকালে আত্মা সম্বন্ধে এইরূপ উল্লিখিত আছে ৰখা,—

> অজামেকাং লোহিত শুক্ল কৃষ্ণাং বহনীঃ প্ৰজাঃ স্তলমানাং স্বব্লপাম্। অজো হকো ভূষমানেহিস্থানেতে জহাত্যেনাং ভূক্তভোগামজোহন্তঃ॥

পুরুষ আসক্ত হইয়া প্রকৃতিকে আলিঙ্গন করিতেছেন এবং
ভোগ শেষ হইলে তাঁহাকে ত্যাগ করিয়া পৃথক হইতেছেন।
প্রকৃতি আত্মার সমূধে আবির্ভুত্বন, আত্মা তাঁহাকে দেখেন ও
জানেন এবং ক্রমশঃ তৎপ্রতি আসক্ত হইয়া অনুরাগ বশতঃ
তাঁহাকে 'অহম্ এতং' বলিয়া গ্রহণ করেন, এবং ভোগ শেষ
হইলে তৎক্ষণাৎ তাঁহাকে প্রত্যাখ্যান করিয়া পৃথক হন। ইহা
হইতে আত্মার তিনটী গুণ প্রত্যক্ষীভূত হয়। প্রথম—জানা
বা দেখারূপ জ্ঞান। দিতীয়—স্বীকার ও প্রত্যাখ্যানরূপ ক্রিয়া।
তৃতীয়, অনুরাগ বা বিরাগ রূপ ইচ্ছা।ইহাই প্রথম অবস্থায়,
অর্থাৎ যথন নিগুল জগদতীত ব্রন্ধনিত্যকালে "আমিরূপ"
বোধে বর্তমান, তখন এই ত্রিতত্ব আত্মজ্ঞ (অর্থাৎ জানা বা
জ্ঞান), আত্মতুপ্ত (অর্থাৎ আপনাতে আপনি ব্যক্ত অথবা আপন
ভাবে আপনি ভোর), আত্মানন্দ (অর্থাৎ আপনরূপে আপনার
মোহ বা আনন্দ) নামে পরিক্রিত।

যধন নিত্যকালে, নিত্যব্ৰহ্ম, নিত্যভাবে বৰ্ত্তমান, যধন

তিনি ছাড়া দ্বিতীয় বস্তার বিভ্যানতা নাই। তথন তাঁহার জ্ঞান, কোন জ্ঞাতব্য বিষয় ধরিয়া আর বিবর্দ্ধিত হইবে ? স্কৃতরাং সেই অবস্থায় তাঁহার সেই নিত্য "আমি" জ্ঞান, তাহার "আমিতেই" পরিব্যক্ত।

সেইরূপ যখন, সেই একমাত্র বস্তু ব্যাপক, উভয়-পদে বর্ত্তমান, তখন তিনি আর কাহাকে লইয়া পরিতৃপ্ত হইবেন ?

পরের রূপ দর্শন করিলেই সচরাচর সংসারে মোহ আগমন করে, কিন্তু যখন তিনি ছাডা দিতীয়ের সম্ভাবনা অসম্ভব, তখন তিনি আর কাহার রূপে আনন্দ লাভ করিবেন ? কাজেই তথন নিজের রূপে নিজেই বিভোর। কিন্তু **অনেকে হ**য় ত এই কথার উপর প্রশ্ন করিতে পারেন, নিরাকার বস্তর আবার রূপ কিরূপে সম্ভব হইতে পারে, তাই তিনি নিজ রূপে আনন্দলাত করিবেন ৪ এই কথার উত্তর প্রদান করিতে হইলে বলিতে হইবে, স্থীম বা আকার বিশিপ্টের রূপ যেরূপ, তাঁহার দেহতত্বের অনুরূপ; অর্থাৎ সে যে অবস্থায় যেরূপ ভাবে দর্শন দান করে, তাহার রূপ সেইরূপ ভাবেই বিকাশ প্রাপ্ত হয়। আর অসীমের যাহাকে রূপ বলা যায়, তাহা তাহার অসীমের অফুরূপ অর্থাৎ অনস্ত। নিও্র্ণ তত্ত্বের যাহা অনস্ত তত্ত্ব তাহারই ভাব **জ**গতের এক একটা ভাবরূপ বলিয়া কবিত। ইহারই **একটা** ভাবের একটা কণায় ব্রহ্মাণ্ডের বিকাশ। যে ভাব পরবর্ত্তী অব-স্থায়, অর্থাৎ জগতের প্রথম অবস্থায় জ্যোতিরূপে পরিকল্পিত, তাহাই তাঁহার প্রথম রূপ বলিয়া স্বীরুত। তাই ঋষিগণ সেই একই বস্তুতে সর্ব্বাবস্থায়ই ত্রিতত্ত্ব সন্দর্শন করিয়াছেন, কি নিশুণে, কি সগুণে!

পূর্ব্বেই বলা হইয়াছে, একমাত্র বস্তুতেই ত্রিতত্ত বর্ত্তমান। সমাধিমগ্ন ঋষিগণ অবিচ্ছিল্ল সমাধিযোগে একবস্ততেই হুইভাব দর্শন করিয়াছেন। ব্রহ্ম যখন নিগুর্ণ একমাত্র, অবিকাশিত তমোময় নিত্যকালে প্রতিষ্ঠিত, যখন নিত্য বোধ ব্যতীত আর কিছুই বোধগম্য হয় না, তখন সেই পরিপুরিত মহা মহিমায় সুক্ষ বস্তুতে এই ত্রিতত্ব আয়ুক্ত আয়ুস্থ আয়ানন্দ নামে অভিব্যক্ত। প্রথমাবস্থায়, অর্থাৎ যখন ব্রহ্মবস্তু কাল কর্ত্তক আহত হইয়া মহাকাশে জোতিরূপে প্রথমে বিকশিত হন, তখন এই ত্রিতত্ত সংচিৎ আনন্দ, নামে প্রসিদ্ধ। দ্বিতীয়াবস্থায় যখন ব্ৰহ্মা হইতে ব্ৰহ্মাণ্ড বিকশিত, তথন ইহা সত্তঃ বুজঃ তমঃ বলিয়া পরিকীত্তিত। তৃতীয়াবস্থায় যথন আকর্ষণ ও বিকর্ষণ নামধ্যে অগ্নিও সোম স্ত্রীও পুরুষ আকারে জগৎ রচনায় প্রবৃত্ত, তথন ইহা কারণ কার্য্য ও আধার নামে অভিহিত। চতুর্থাবস্থায় যথন চরাচর সমুদয় ব্যক্ত তত্ত্বের তত্ত্বাবলীর শেষ পর্যারে অধিরোহণ করিয়া আবার আপন স্বরূপে প্রত্যাবর্ত্তন করিবার জন্ম নির্বন্তি মার্গে পদার্পণ করে, তখন এই ত্রিতন্ত সতা শক্তি ও বস্ত্রনামে খ্যাত :

"আমি আছি" এই নিত্যবোধে লগৎ প্রতিষ্ঠিত। ব্রহ্মের সংরপ অন্তিম, বোধক জ্ঞানে তাই নিত্য লগৎ কল্লিত হয়। এই জ্ঞানে বর্ত্তমান না থাকিলে স্প্রেকাম কোথায় সমভূত হইত, কোথায় বিগত স্প্রের অভুক্ত কর্মকল সঞ্চিত হইত ? যতই কল্প, কল্পের কর্মকল তাহাতে সন্নিবিষ্ট হয় ততই তাঁহার 'আমি মাত্র আমি' এই নিত্যজ্ঞান নিত্যজগতে পরিব্যক্ত হয় । ইহাকেই শাল্প "যস্ত জ্ঞানময়ং তপং" কহেন, অর্থাৎ বোধদ্ধপ নিত্যজ্ঞানে তিনি নিত্য তপস্থী। এই জ্ঞানে তিনি আয়জ্ঞ আয়ন্ত্ব ও আত্মতৃপ্ত, নিত্তর্প অবহায় এই ত্রিতক্ তাঁহার নিত্য অক্সক্ষী। সতেই অসৎ বর্ত্তমান। গুহুতেজেই শব্দ ও তাপের নিবাস। কালক্রমে ঐ তাপ ক্রিয়ালীল হইলে, উহা বিকীরিত হইয়া থণ্ডাকারে পরিণত হয়। উহাকেই শাল্প "একোহং বহু স্থামঃ" কহেন, অর্থাৎ একা আমি আমার মত বহু হউক। যে বন্ধ প্রথমে একমাত্র অবিত্যির, তাহাই কাল সহকারে বহুতে বিভক্ত।

শাস্ত্রোক্ত এই ব্যাখাটী বৈজ্ঞানিক মতে বৃথিতে হইলে বলিতে হইবে, জগৎ সৃষ্টির প্রারম্ভে এক মাত্র গুহুতড়িৎ ( ব্রহ্ম সন্তঃ) বর্তুমান ছিলেন। সেই বস্তুর অভ্যন্তরে তাপের ( কামের ) বিকাশ হইলে, তিনি প্রথমে চিন্তারূপ স্পন্দনে স্পন্দিত হইয়া, পরে গতি-শক্তি বিশিষ্ট হইয়া, আলোক বা জ্যোতিরূপে মহাকাশে দর্শন দান করিলেন। তাপ ব্যতীত আলোকের বিকাশ অসভব, অর্থাৎ কাম ব্যতীত কর্ম্ম, কদাচ স্থায়ীর লাভ করেনা। তাই সেই প্রস্তীরূপ একমাত্র কেন্দ্রীভূত গুহু-জ্যোতিতে বা আলোকে উত্তাপরূপ কামনা গুহুতাবে অব্স্থান

কারতেছিল। সেই তাপ (কামনা। কালক্রমে ঘনীভূত হইলে, তাহা উদ্প্রসিত হইয়া বিকীরিত হয়, ঐ বিকীরিত তড়িতই বছ আংশে বিভক্ত হইয়া স্প্রটিকে নানাভাগে বিভাগ করিয়াছে। উহাই জীবেব জাবনীশক্তি, বা সমৃদয় জগতের প্রাণ নামক মহাবল। বিজ্ঞান ঐ মহাবলকে তড়িৎ কহেন। যে স্প্রতিষ্ঠে বত কামনা সঞ্চিত, তাহার স্থিতিকালও তত অধিক, আর যে আধারে যত জীবনী শক্তি ঘনী চৃত, তাহার কার্য্যকালও তত অধিক বিভ্ত। তাই যে স্প্রতিতে যেরপ কামনার যেরপ শক্ষ মহাকাশে ক্ষিত হয়, তাহার স্থিতি কালও তত অধিক পরিমাণে পরিমিত হয়। সিদ্ধ মানস পুত্র বাহারা অস্থার স্থিত স্প্রির সহকারী পদে বরিত হন, তাহারা মহাকাল স্বরূপ মহান স্থতিকাগারে ও কাররপ মহাশক্ষের বিভ্ত শন্ধ হইতে ভবিয়ুৎ স্প্রির স্থিতিকাল নির্দ্ধারণ করিয়া থাকেন। তাই ও কারের অ' উ' ম' এই ত্রি বর্ণে সমৃদয় জগৎতর নিহিত;

একণে ব্রিত হইবে, স্টির পূর্ববর্তী অবস্থায় নিত্য তেজোতাস পূর্বাপর নিত্যাকাশে অবস্থান করেন। ইহাই নিদ্ধিয় তত্ত্বর
য সক্রপ বা স্বাভাবিক অবস্থা। কালক্রমে ইহাতে স্টিকাম
সমস্ত হওয়ায় ইনি মায়া স্বক্রপিণী মহামায়া কর্তৃক আকৃষ্ট
হইয়া তাঁহাকে "অহম্ এতং" বলিয়া স্বাকার করেন। ঐ
স্বীকারই ঘর্বণ নামে প্রব্যাত। উহার প্রথম ক্রিয়া শব্দ,
বিতীয় স্পর্শ বা গতি, তৃতীয় বিকীয়ণ। উহারই ফল আনন্দ
বা রূপ। যে তেজ পূর্বে একমাত্র স্ক্রাবস্থায় অবস্থান করিতে-

ছিল, তাহাই তৃতীয়াবয়ায় বিকীরণশীল জ্যোতিতে পরিণত ইইয়া উৎক্ষিপ্ত হইয়া বহুতে পরিণত হইল। প্রথমে যে বস্ত একমাত্র ও মিঞ্জ, বিতীয়ে উষ্ণ বা ভাপমুক্ত, তৃতীয়ে তাহাই উৎক্ষিপ্ত।

তেক্ষের কোন আকার নাই—উহাতে অরপ ও অরশ ছইই
নিবাস করে। শব্দ ও গতির কোন নির্দিষ্ট রূপ নাই,
তেক্ষের কতকটা রূপ আছে বটে; কিন্তু যতক্ষণ না উহা কোন
অন্তহ্য যোগ্য বস্তুর আশ্রয় লাভ করে, ততক্ষণ ঐ রূপের
বিকাশ অসন্তব। পূর্বোক্ত গুহু তড়িতাভাসে শব্দ, গতি,ও
ক্যোতি উৎপন্ন হয়। উহাই প্রথম ত্রিতত্ব। বেদান্তে ঐ
ত্রিতত্বকে জগৎকারণ ঈশ্বর বলা হইয়াছে। যথা:—

চিচ্ছায়াবেশতঃ শক্তিশ্চেত্যেব বিভাতি সা। ভচ্ছক্ত্যুপাধি সংযোগাৎ ব্ৰলৈবেশ্বতঙ্গতঃ ॥

অর্পাৎ চৈতন্তের আভাস, শক্তির সহিত মিলিত হইলে, ঐ
শক্তি সংযোগ হেতু ব্রশ্নই ঈশ্বর পদবাচ্য হইয়া থাকেন।
এ স্থলে যাহাকে চিচ্ছায়া বলা হয়, তাহাই গুহু তেজের (তড়িত)
আভাস (ভর্ন), যে তড়িতের সহিত সাধারণতঃ মানব পরিচিত,
এই গুহু তড়িত সেইরপ ভৌতিক পদার্থাপ্রিত তড়িত নহে,
ইহা অবিনশ্বর অন্বিতীয়য়ৢয়য়তেজ, ইহাতেই ত্রিশক্তি বর্তমান।
এস্থলে ব্রশ্ন বলিলে "সং" বস্তুকেই বুঝায়। জ্যোতি বলিলে
ঈশ্বর বা শব্দ গতি ও জ্যোতি সমন্বিত ত্রিতব্বকে বুঝায়,
অর্থাৎ যাহা দ্বারা জগতের বিকাশ, বর্জন, ও লয় হয়। প্রকৃত পক্ষে

মহাকাশে, অর্থাৎ মহাকালে শব্দ, গতি ও ক্যোতির বিকাশ হয়।
অতএব ঐ হলে ত্রিতর অর্থে শব্দ গতি ক্যোতি প্রাপ্ত হওরা
যায়। অনন্ত মহাকালের প্রথম বিকাশই ঐ প্রথম ত্রিতর,
উহার প্রথম শব্দই (অ), ঐ 'অ' শব্দ গতির সহিত
মিলিত হইলে উহাই 'উ'তে পরিণত হয়, এবং উহাই বাধকতা
স্বরূপ 'ম' শব্দে বিকাশ লাভ করে। ঐ ও শব্দের বারা
অন্তরহ ক্যোতির বিকাশ হওরাতে উহাই কারণ জগতের ত্রিতর।
এই ত্রিতর্বই বৈজ্ঞানিকের শব্দ গতি ও ক্যোতি ও দার্শনিকের
সং-চিৎ-আনন্দ নামে কথিত।

## তুতীয় অথ্যায়।

## জগতের দ্বিতীয়াবস্থা।

#### সত্ত্বজ তম।

প্রথম স্প্রের মহাকাশ ( অর্থাৎ জগতের প্রথমাবস্থায় )

যথন অস্তরন্থ গুলু জ্যোতিতে জ্যোতির্দার হয়, তখন উহার

অস্তরন্থ, উত্তাপের সম্যক বিকাশ হয় না। সেল্লন্ত
তথন সেই প্রথম উদ্ভাসিত জ্যোতি শীতল ( অর্থাৎ সাম্যভাবেই) থাকে। যদিও ওই জ্যোতি 'প্রের্ভ বীর্য্য'' ( অর্থাৎ
গতিশক্তিবিশিষ্ট), তথাপি প্রথমাবস্থায় উহা নিম্ম বা সাম্যভাবাপন্ন। কেন না ওই সাম্যকে আশ্রম করিয়াই যখন বৈসম্যশক্তি (কামনা বা উত্তাপ) জগৎ স্প্রতিত প্রবন্ধ, তথন ওই
প্রথমোক্ত জ্যোতি নিম্মই হইবে। নিম্মরূপ সাম্যের আশ্রমেই
বৈসম্যরূপ প্রবাহ অবস্থিত। এই ন্নিমরূপ সাম্যকেই অনস্ত

স্থিতিশক্তি বলা হয়। ইহাকেই আশ্রম্ম করিয়া স্প্রেকরী শক্তি

শাত্র কহেন, মহাকাশস্থ প্রথম বিকশিত, গুহু তড়িতের আভ্যন্তরীণ অবিকাশিত উতাপের ঘারায় ওই মহাকাশ যথন ক্রব্যশক্তি প্রাপ্ত হয়, তথন উহা হইতে যে হক্ষ মহাক্রাবক উৎপন্ন হয়, উহাকেই বৈজ্ঞানিক ঋষিণণ সংকর্ষণ বলেন, অর্থাৎ প্রকৃতিরূপ মহাকাশ, আার পুরুষরূপ শুহুতেক্ক উভয়ের সংকর্ষণ (মিলন) হইতে, উক্ত দ্রবত্ব সভার উত্তব বলিয়া, পুরাণে ইহাকে অনন্তদেব বা বস্থাদেবের পুত্র নামে অভিহিত করা হয়। ঐ প্রকৃতি ও পুরুষ উভয়ের মিলনক্ষনিত সংকর্ষণে প্রাকৃতিরূপী আধারশীল মহাকাশ দ্রবত্ব বা দ্রবীভূতা হইয়া একার্ণব হইয়া যায়। ঐ একার্ণবকেই শাস্ত্রে কারণবারি বলা হয়। মহ্ম আদি স্থতিকারণণ এই দ্রবত্বধর্মী একার্ণব মহাদ্রাবককে আপ বলিয়া বর্ণনা করিয়াছেন। যথা—সোহভিগ্যায় শরীরাৎ বাৎ সিম্পুর্বিবিধা প্রজাঃ। আপ এব সমর্জ্ঞাণে তাম্থ বীজমবাম্থার বন্ধার্ম বর্ণনা করিয়াছেন। মাপ এব সমর্জ্ঞাণে তাম্থ বীজমবাম্থার মানিষ আদিতে কলের স্থাষ্ট করিলেন এবং তাহাতে আপন শক্তি-বীক্ষ অর্পণ করিলেন।

এই আপ বা আকর্ষণরপে অনন্ত শ্যায়, গুহু জ্যোতিরপ নারায়ণ শয়ন করিয়া থাকেন। শাস্ত্র ঐ আপকে তজ্জ্জু অয়ন নাম প্রদান করিয়াছেন। ঐ অয়নরূপ নিত্য আপে যে গুহু-ভেদ্ধপ মহাপুরুষ অবস্থান করেন, তাঁহাকেই নায়ায়ণ নামে অভিহিত করা হয়। পুরাণে যে জীরোদ সমুদ্রের অনস্ত শ্যায় নারায়ণ শয়ান আছেন বলিয়া বর্ণিত আছে, তাহার ভিডিযে বিজ্ঞানে গ্রথিত, এক্ষণে তাহা বুকা ঘাইতেছে। শয়ান অর্থে নিজিত বা অবিকাশ, অর্থাৎ ঐ গুহু তেন্তু সংকর্ষণ বা আকর্ষণ ব্যতীত বিকাশ প্রাপ্ত হয় না, সেন্দ্র উহাকে 'শয়ান' বলা হয়।

ষধন জগতের আকর্ষণশক্তি শক্তিহীন হইতে থাকে, তখন ঐ কীরোদরূপ মহাকাশস্থ গুছ জ্যোতি আকর্ষণ অভাবে গুছভাবেই অবস্থান করেন। সেই সময়েই জগৎ ধীরে ধীরে প্রলায়-মুধে ধাবিত হইয়া যায়। সম ও বিসম অর্থাৎ আকর্ষণ ও বিকর্ষণ একীভূত হইয়া যাওয়াতে জগতের প্রাণ নামক মহাশক্তি ক্রমশঃ শক্তিশৃত্ত হইয়া যাওয়াতে জগতের প্রাণ নামক মহাশক্তি ক্রমশঃ শক্তিশৃত্ত হইতে থাকে। সেই ঘোর বিপত্তিকালে জগৎকে আবার তাহার স্বাভাবিক অবস্থায় স্থাপন করিবার জন্ত, জগতের সহকারী স্রষ্ট্রগণ অনেকসময়ে ক্রীরোদরূপ মহাকাশের মহাকৃলে একত্র হইয়া যোগরূপ ক্রিয়াকে চিন্তরূপ আধারে সন্ধিবেশিত করিয়া, আকর্ষণ-রূপ ইচ্ছাশক্তিকে প্রযুদ্ধ করিয়া, জগতের সেই জাবনস্বরূপ গুছ-জ্যোতিকে বিকাশরূপ জাগরিত অবস্থায় আনিতে চেষ্টা করেন। পুরাণে এইরূপ আধ্যান্বিকা ভূরি ভূরি বর্ণিত আছে। সকলের মূলেই বৈজ্ঞানিক তথা নিহিত।

মহান্ আকর্ষণ বলে যতই মহাভূত দ্রবীভূত হইতে থাকে, ততই উহার অভ্যন্তরত্ব গুছ তেলোভাদ জ্যোতিরূপে বিকীরিত হইয়া উঠে। অবশু শব্দ ও গতি উহার অভ্যন্তরে গুছভাবে অবহান করে। তাপ তথন ল্যোতির দহিত দংমিশ্রিত হইয়া উহার অভ্যন্তরে অবিকাশিত অবহায় বিদ্যুমান থাকে। সেকারণ ল্যোতি তথন পূর্ববং মিঞ্চাবেই অবহান করে। ঐ সিয়, অর্থাৎ সমভাবাপম হক্ষ জ্যোতি সেই একার্থবভূত অনন্ত কারণসমূদ্রে ক্রমশঃ হক্ষ মণ্ডলাকারে ঘনীভূত হইতে থাকে। ঐ মণ্ডলাকার মিয় ল্যোতিকেই শাস্ত্র "সহাম্রংগুদমপ্রত হৈম

অও" বলিয়া বর্ণনা করিয়াছেন। বস্তুতঃ সেই অসীম অনন্ত গুছ তোজোভাদ মগুলে মগুলেই প্রতিভাত হয়, কারপ মগুলাকার স্থানের মধ্যম কেন্দ্র হইতে উহার পরিধিরেধার সমস্ত ছান বা বিন্দু সমান ভাবেই পরিলক্ষিত হয়। কিন্তু অপর আকারবিশিষ্ট বস্তর ঐরূপ হওয়া অসন্তব। বাত্তবিক মগুলাকার বস্তুর যে স্থান হইতে দৃষ্টিপাত করা যায়, সেই ছানই মধ্যবিন্দু ও তাহার সকল দিকেই সমান দৃষ্টিগোচর হয়। সেই অক্ত অসীম পদার্থ মাত্রই মগুলাকার রূপে প্রতায়মান হয়, অপর আকারের হয় না। আরও, যখন মহাকাশ সম্যক অবকাশবিশিষ্ট হইতে পারে নাই, তখন তাহাতে যে জ্যোতির বিকাশ বা জ্যোতি একীভূত হয়, তাহা যে মগুলে মগুলে বা ঘ্রিয়া ঘ্রিয়া বিকশিত হইবে, তাহাও অসন্তব নহে।

ঐ মণ্ডলাকার জ্যোতিই হল্ম ব্রদাণ্ড বা ব্রন্ধের অণ্ডস্করণ।
উহা হইতে জগৎরপ শাবক প্রস্ত হয়। যেরপ সূল জগতে
জরায়্রপ আধারে তাহার অভ্যন্তরন্থ উপাদানিক রসে অণ্ডবৎ
জীবের হল্ম আদর্শ ভাসমান থাকে, এবং ঐ হল্ম আদর্শ তাবৎ
অবরবই হল্মভাবে অভিত থাকে। কালসহকারে ঐ হল্ম আদর্শ যতই তাহার আধারন্থিত রস আকর্ষণে সমর্থ হয়, ততই
তাহার হল্ম আদর্শ সকল ক্রমশ: পরিক্ষ্ ট হয়। সেইরপ জগৎরূপ শাবক মণ্ডলাকার জ্যোতির্মন্ন একার্পবে ভাসমান থাকার,
উহাকে শাব্র ব্রন্ধাণ্ড বা অণ্ড আধ্যা দিয়াছেন। ঐ জ্যোভিত্তে
তাপ অন্তর্মিহিত থাকিলেও তথম পর্যন্ত উহা সিন্ধাবহার ছিল,

অৰ্থাৎ তথনও ব্ৰহ্মাণ্ড বিধা বিভক্ত হইয়া সম ও বিসম ছই স্রোতে প্রবহমান হয় নাই, সেইজন্ত তথনও উক্ত জ্যোতিকে ''সহস্রাংশুসমপ্রভ" বলিয়া বর্ণনা করা হইয়াছে। এম্বলেও শাস্ত্র জ্যোতিকেই তাপের অগ্রজাত, অর্থাৎ তাপ অপেকা জ্যোতিকেই অগ্রবর্ত্তী বলিতেছেন। কিন্তু তাপ বাতীত জ্যোতির স্থায়িত্ব অস্ভব, সেইজন্ম উক্ত জ্যোতির মূলে যে তাপ বিষ্ণমান আছে, তাহাও প্রকারান্তরে স্বীকার করিতেছেন। কিন্ত তথাপি তাপ তাহার নির্দিষ্ট আধার ছাড়া কুত্রাপি অন্তত্ত্র বিকীরিত হইতে পারে না। জ্যোতির গতি সর্ব্বত্ত বিস্তৃত ও বিকীরণনীল বলিয়া জ্যোতিই অগ্রে দৃষ্টিগোচর হয়। হিন্দাত্ত সমুদয় জ্যোতির্মায় বস্তকেই **অন্ত**নিহিত তাপযুক্ত বলিয়াছেন। এমন কি, এই পার্থিব গ্রহ, নক্ষত্র, চল্র, স্থ্য সমুদয় জ্যোতিবিমণ্ডিত বস্তমাত্রকেই তাঁহারা সাম্য-ময় বলিয়া বর্ণনা করিয়াছেন। ঐ সামামর জ্যোতি যখন তাহার বিপরীত বৈসমাযুক্ত শক্তিবারা আক্ষিত হয়, তথনি উহার অভান্তরম্ব গুহুতেজ বিকীরিত হইয়া উত্তাপরূপে পরিণত হয়। বিকশিত জগৎ, ছুই প্রবাহে প্রবাহিত। এই ছই প্রবাহ তাহার সকল আধারে আধারোপযোগীক্রপে বিভ্যমান। জগতের রীভি অফুসারে, তুই প্রবাহ কখন স্ম-পরিমানে কোথাও একত্র থাকিতে পারে না। যে আধারে সমশক্তির (অর্থাৎ তাপ) আধিক্য, বৈসম্যশক্তি, (জল) তাহাতে ক্ষীণভাবে থাকিবে। আবার বৈসম্য-শক্তি, যথায়

প্রবলভাবে প্রবাহমান, সমশক্তি সেধানে স্তিমিত ভাবে বর্ত্তমান হইবে। তবে হুই তব্ই সর্ব্বত্র থাকা চাই। একের সম্পূর্ণ ষ্মভাব কোথাও পরিলক্ষিত হয় না। ঋষিগণ যে সমুদয় গ্রহ-নক্ষত্রে সমশক্তির প্রাধান্ত দর্শন করিয়াছেন, ভাহাদের পুরুষ শ্রেণীতে বিভক্ত করিয়াছেন, আর বিদ্যের প্রবল্তায় তাহাকে স্ত্রী শ্রেণীভূক্ত করিয়াছেন। আর যে আগারে তুই তৰ্ই সমপরিমান, তাহাকে নপুংসক শ্রেণীতে শ্রেণীবদ্ধ করিয়াছেন। পার্থিব সূর্য্যে তেকের প্রবদতা (অর্থাৎ তাহাতে সমশক্তির আধিকা) এই জন্ম এই স্থ্য পুরুষ নামে অভিহিত। এই পুরুষরূপী সুর্য্যের আধারে উত্তাপ ধনীভূত বা কেন্দ্রীভূত হইয়া থাকে। আবার পৃথিবী বৈদম্যশক্তির আধিক্যে ত্রী-জাতীয়া। এই ত্রী-শক্তি যধন পুং-শক্তিতে যাইয়া সংঘৰ্ষিত হয়, তখন দেই সংঘৰ্ষণ হইতে, সূৰ্য্যের অভ্যন্তরন্থ তাপ, বিকীরিত হইয়া, পৃথিবীর পৃষ্ঠদেশুকে উষ্ণ করে। উহা ছারা আবার পৃথিবী বেমন সূর্যের তাপ অপহরণ করে, স্থ্য তেমনি পৃথিবী হইতে জল আকর্ষণ করিয়া, আপনার তেজশক্তির পরিপোষণ করিয়া থাকেন। সেজ্জ পৃথিবীর যে স্থলে উক্ত বৈদম্যশক্তির অল্পতা দৃষ্টগোচর হয়, সে স্থলে হুৰ্য্য হুইতে সমাক তাপ আক্ষিত হুইতে না পারায়, তথায় নিদারুণ শৈত্য অমূভূত হটুয়া থাকে।

স্থ্য তাপের কেন্দ্র হইলেও, স্থ্যর আপনা হইতে তাপ বিকারণ করেন না। সেই জন্ম স্থ্যের নিকটবর্জী স্থান, অর্থাৎ পৃথিবী হইতে উচ্চ, দ্বির বায়ুমণ্ডল পর্যান্ত শীতল।
উচ্চ পর্বান্ত শৃঙ্গ ইত্যাদিও সে কারণে তুবারাছের। এমন কি
তথার জীবজন্ত ইত্যাদি অনেক সময়ে শীতলতা প্রযুক্ত নিবাস
করিতে পারে না। ইহা হইবার কারণ অনেকটা তাহাই,
অর্থাৎ পর্বানিতে সৌরাভাসের অভাব নাই, কিন্ত তথার
বৈসম্যাশক্তির অল্পতা নিবন্ধন তাপ অমুভবে আইসে না। এই
জ্প্য তথাকার বায়ু দ্বির, অর্থাৎ বায়ু যে ত্রিতন্ত লইয়া বহমান,
তাহার হুই তন্ব তথার যথেপ্ত পরিমাণে বিদ্যান থাকিলেও, জলরপ বৈসম্যাশক্তির অল্পতার উক্ত বায়ু তথার ক্ল্প
ও দ্বিরভাবাপর। সেইজ্প্য পৃথিবীস্থ নিমুভূমি অপেক্ষা
উচ্চ ভূমিতে বায়ু ক্রমশঃ ক্ল্প ও দ্বির।

যখন জগং বিকশিত হয় নাই। একার্থবীভূত কারণবারিতে সমুদর একাকার, তথন সম ও বিসমশক্তি উভয়েই উক্ত
একার্ণব মহাকারণের অস্তরে গুহুভাবে অবস্থিতি করিতেছিল, তখন প্রথমোৎপন্ন ল্যোভিতে তাপ থাকিলেও তাহা
নিয়। সম ও বিসম যখন সাম্যাবস্থার থাকে, তথন উহা
এক ভাবাপন্ন। এই অবস্থাকে শাস্ত্র মহামান্নার 'বোপনিদ্রা'
বলে। ঐ সময় জগতের কোন ক্রিয়াশক্তিরই বিকাশ হয় না।
পরে যখন অনিবর্চনীয় কারণে আভ্যন্তরীণ গুহু তাপ দারা
কম্পন ও গতির বিকাশ হয়, তখন উক্ত 'বোগনিদ্রা' ভঙ্গ হয়।
গতির বিকাশ হইলো; ৃবিযৌগিক বা বৈসমা তড়িৎ, যখন সম
হইতে পৃথক হইয়া পড়ে, তখনি জ্যোভির বিকাশ হয়। কিস্ক

উভয় তড়িৎ আবার যধন পুনঃ সংযুক্ত হইতে আরম্ভ হয়, তথনি আভাস্করীণ উষ্ণতার বিকাশ পায়।

ইহাতেই দেখা যায়, ঐ একাণবীভূত জ্যোতির্ময় পদার্থের মধ্যেই হুইটা ভাব প্রচ্ছন্ন আছে; একটা জ্যোতি,অপরটি একাণব কারণবারি। কিন্তু বাস্তবিক উহা একই পদার্থের হুই ভাব মাত্র। একই জ্যোতি হুইতে, একার্থবীভূত পদার্থের উৎপত্তি। একার্থব উপাদানভূত মহাকারণ, সেজস্ত তাহা দেহ বা আধার, আর তাহার অস্তনিহিত গুহু-তেক্কই দেহী। ঐ তেজের বিকাশই জ্যোতি, উহাতে তাপ অস্তনিহিত ভাবে অবস্থিত। উহাই একার্থবাভূত উপাদান কর্ভ্ক আক্ষতি হুইলে, উহাদের পরস্পর ঘর্ষণ হুইতে তাপের বিকাশ হয়। তাই প্রথমাবস্থার এক শক্তির প্রাধান্তে উক্ত জ্যোতি মিন্ধ।

এই নিশ্বতা বা শীতদাতা হইতে আলোক ক্রমশঃ ঘনীভূত হইরা অবশেষে উঞ্চার বীজনপে পরিণত হয়। উহাই ঐ একার্ণব মহাকারণে শেষে ঘনীভূত হইরা, তৈজন কেব্রু রূপে পরিণত হয়। ঐ ঘনীভূত তড়িংকেই শান্ত লোক-পিতামহ ব্রহ্মা নামে অভিহিত করেন। মমুসংহিতায় উক্ত তেজ সম্বন্ধে তাই কবিত আছে। যথাঃ—

তদওমভবদ্ধৈমং সহস্রাংগুদমপ্রতং।
তিমিন্ যজে স্বাং ব্রহ্মা দর্বলোকপিতামহং॥
বঙ্গার্থ যথা—যে জ্যোতি পূর্বে মহাকাশের মহান দেহে
অবস্থান করিতেছিল, সেই জ্যোতিই হৈম সূর্যোর ফ্রায় একটী

প্রভাবিশিষ্ট অণ্ডে পরিণত হইল। ঐ অণ্ডে ব্যাং সর্বলোক-পিতামহ ব্রন্ধা জন্মগ্রহণ করিলেন। ব্রন্ধা সর্বলোক-পিতামছ অর্থাৎ সম্যক তেজই জগতের পালনকর্ত্তা। এইজক্ম তিনি জগতের পিতামহ।

সম্যক বা ঘনীভূত তেজই ব্রহ্মার্রপী পিতামহ। ইহা হইতে যে ত্ই তত্ত্বের বিকাশ, তাহারাই ব্রহ্মার পুত্রে, ও কন্তারণে পরিচিত। এ বিশক্তি হইতে জগতের সমৃদ্য় আধার বিনির্মিত। এই ত্ই শক্তিই ত্রী ও পুরুষ নামে পরিকল্পিত। বৈজ্ঞানিক মতে ইহাই সম ও বিসম নামে অভিহিত। ব্যক্ত স্ষ্টির অর্থাৎ এ ঘনীভূত, তড়িৎ কেল্ল হইতে, বিপর্যায়েই জগতের বধার্থ প্রক্লা স্মৃষ্টি আরম্ভ হইয়াছিল। তাই স্মৃষ্টিকর্ত্তা হইতে স্মৃষ্ট প্রক্লা ত্রিপর্যায়ে উত্তব, সেজত ব্রহ্মাকে পিতামহ বলা হয়।

ষয়ং উহ্ত, গুলজ্যোতি বা নিতা তেজই জগতের পিতৃশক্তি, আর একার্থবীভূত নিত্যজল বা কারণবারিই জগতের
মাতৃশক্তি।ইংাদের উত্তরের সংকর্ষণ বা মিলন হইতে, কেন্দ্রীভূত মহন্তবের উত্তব। মহন্তবেই উক্ত জ্যোতির তাপ, ঐ তাপই
জ্যোতির ব্যক্তাবস্থা, উহাই প্রন্মের পুত্ররূপে পরিচিত। ঐ
পুত্ররূপী ক্রন্ধা বা জীবস্ত জীবনী শক্তি হইতে সমস্ত জগজ্জাত
জ্ঞান ও কর্ম্মের বিকাশ হয়। ফল কথা, উহাই বিশ্বব্যাপী
সঞ্জীবতার কারণ এবং সমস্ত বাহ্জানের পিতা মাতা স্বরূপ।
তাপ হইতেই বিশ্বের ব্যক্তর। কিন্তু তাহা বলিয়া উক্ত তাপে

चठारे एष्टि - मक्ति नारे। छेराद कनक! वा कननी चक्रिनी উপরিউক্ত তেজোময়ী শক্তিতেই যথার্থ সৃষ্টি-শক্তি বর্ত্তমান। উহাতেই ঐ তাপ সৃষ্টিকারী শক্তিবিশিষ্ট হয়। ঐ তাপরপী বিশ্বের জীবনীশক্তি সহত ভিন্ন ভিন্ন আকারে অবস্থান করিয়া, আপনার অসীম সর্ব্বশক্তি মন-শক্তির মারা সন্ত রক্ষ তমগুণে ভিন্ন ভিন্ন আকারের বহু দুগু ও অদুগু জগতের নিত্য সৃষ্টি করেন। ইহাই জগতের জীবনদাতা ব্রহ্মকর্তা ও সংহারক শক্তি। ইহার আদিকারণ হইতে নিত্য বহদুখাও অদুখা জগতের সৃষ্টি হইতেছে। মহতত্ব বা কেন্দ্রীভূত তড়িৎই জ্ঞানবিকাশক, ক্রিয়োদীপক, ও ভৌতিক আবরক, অর্থাৎ সন্ধ, রজ, তম ত্রিগুণের কেন্দ্রবিশেষ। শাস্ত্র মহন্তবের াত্রভাবকে ত্রিবিধ অহংকার কহেন। বৈকারিক, তৈজ্ঞস, ও তামস। তামস অহংকার হইতে ক্ষিত্যাদি মরুদোম স্থল পঞ-ভূতাত্মক সৃষ্টির বিকাশ হইয়াছে। রাজস অহংকার হইতে প্রাণ-শক্তি বা ক্রিয়াশক্তির, আরু সাত্তিক অহংকার হইতে মন বৃদ্ধির বিকাশ হইয়া থাকে। মূল কথা চৈতগ্ৰূপী সং বা তেজোভাস শক্তি চিৎ বা গতিতে প্রতিভাত হইয়া ত্রিগুণাবিত হওয়ায়. উক্ত শক্তি সৃষ্টিসামর্থ প্রাপ্ত হয়। ইহাতে হুই কারণ বর্ত্তমান, একটা নিমিত্ত ও অপর্টী উপাদান। তামসিক মায়া হইতে জগতের উপাদান কারণ ও বিশুদ্ধ সাধিকী মায়া হইতে জগতের নিমিত্ত কারণ বিকশিত হয়। প্রথমাবস্থায় একার্ণবীভূত মহাকারণ ক্লাতের উপাদান কারণ, উহাই দর্মভূতের জননী স্বরূপা।

এবং আধ্যাত্মিক গুহুজ্যোতিই পিতৃশক্তি বা নিমিতকারণ। ঐ গুহুতেজের আভাদ যুক্ত মহান কারণবারির অন্তনিহিত সভ্তা হইতে বিরাট মন বৃদ্ধির, রকোত্তণ হইতে জাগতিক জীবনীশক্তির এবং তমোগুণ হইতে পঞ্ভূতের বিকাশ হয়। ঐ মনবৃদ্ধিসম্পন্ন বিরাট বা প্রধান পুরুষরূপী তড়িৎকেন্দ্রই হিরণাগর্ভ বা লোকপিতামহ ব্রহ্মা : উহাই শাস্তের সহস্রাংখ-সমপ্রভ হৈম-অণ্ডের আত্যন্তরীণ কেন্দ্র। এবং ইহাই পুরাণের ব্রহ্মা, আর দর্শনের মহত্তব ও বিজ্ঞানের তড়িৎদমষ্টি। জগতের দ্বিতীয়াবস্থায় ব্রহ্মার বিকাশকাল। অব্যক্তের ব্যক্তত্বই ব্রহ্মার ব্রহ্মান্ব। তাই শাস্ত্র কহেন, অব্যক্ত হইতে ব্যক্তের বিকাশ বলিয়া ব্যক্তের প্রথম কার্য্য অব্যক্তকে জ্ঞাত হওয়া, এবং তাঁহার দ্বিতীয় কার্য্য ব্যক্তকে আরও ব্যক্ত করা। দ্বিতীয়া-বস্থায় হিতীয়শক্তির তেজরূপী পরম ব্রহ্মই পিতৃস্বরূপ, আর একার্ববীভূতা মহতী প্রকৃতিই উহার জননীম্বরূপা। ব্রন্ধের ব্রন্ধ-তেজই ঘনীভূত হইয়া ব্রহ্মাণ্ডরপে বিভাসিত। উহাতেই ব্রশার জন। উক্ত অণ্ডের প্রকৃতিরূপী মহান **আপই জননী**-স্বরপা। তাই ব্রমা ব্রমের পুত্র। ব্যক্ত প্রগাকুল হইতে তৃতীয় পর্য্যায়ে ব্রহ্মা বিভ্যমান বলিয়া ব্রহ্মা সর্বভূতের পিতামহ স্বার প্রথমোক্ত নিত্য তেজই প্রপিতামহপদবাচ্য।

তত্ত্বদর্শিগণ কহেন, শব্দ হইতে জ্যোতিও তেজের বিকাশ হয়। উহাই অর্থাৎ ঐ চিদীজই যথন উক্ত একার্ণব সমুদ্রের সহিত সন্মিলিত হয়, তথন উহা হইতে সমুদয় জগতের সমুদ্র তত্ব বিক্শিত হয়। তাহা হইলে বুঝা যায়। মহৎপ্রকৃতিই বা কেল্রশক্তিসমন্তি উপাদান কারণই মহনুক্ষ, উহাই ব্যক্ত জগতের কারণস্বরূপ, সেজ্ল উহা যোনী বা কারণ নামে অভি-হিত। আর তেজসমন্তিত চিধীজ্ঞাদ শব্দই পিতাস্ক্রপ।

শাস্ত্র কহেন, মহাপ্রলয়কালে সমৃদ্য় ব্রহ্মাণ্ড যথন তাহার কারণে গিয়া বিরামলাভ করে, তখন একমাত্র সকল কারণের কারণ ব্রহ্মাত্র অবশেষ থাকেন। এ অবস্থায় কারণ ও কার্য্য উভয়ে একীভূত হইয়া যাওয়াতে তথন কার্য্য হইতে কারণকে কোন মতে পৃথপ্ভূত করা বাইতে পারিত না। সেজন্ম একত্বভাব প্রযুক্ত,তখন সমৃদ্য় অন্ধকারময় ছিল। পরে লন্ধরত হওরায়, অপপত্ত বল হেডু তাপের উভব হওরাতে, অর্ণবরাশি উৎপন্ধ ইইয়াছিল। উহা হইতেই সাক্ষাৎ স্প্রক্রী শক্তি ব্রহ্মার বিকাশ হইলে, উাহা কর্ত্বক সমৃদ্য চরাচর জগৎ অবশেষে স্ট হয়।

মনুসংহিতায় এই স্প্টিত্ব সম্বন্ধে এইরূপ বর্ণিত আছে, যে ভগবান ব্রহ্মা, ব্রহ্মলোকের এক বংসর সেই হৈম্ময় অঙে নিবাস করিয়া পরিশেষে আত্মগত ধানে দারা উহাতে সমাক্ বিকশিত হইয়া,উক্ত অঙকে তুইভাগে বিভক্ত করিয়া,উহার অর্ধণণ্ডে স্বর্গাদিলোক ও অধঃধণ্ডে পৃথিব্যাদি লোক সম্হ নির্মাণ করিলেন, এবং মধ্যভাগের মহা অবকাশে, অবকাশ রূপ আকাশ অন্টদিক ও ত্রমধ্যে নিত্য কারণ সম্দ্র সংস্থাপন করিলেন। এই স্ক্র্ আদর্শকণতই, তৃতীয়াবস্থার স্থল ভোতিক জগতের আদি উপাদান। এই জগৎকেই অবলম্বন করিয়া স্থল জগৎ বিরাজিত।

এই শাস্ত্ৰোক্ত সৃষ্টিতত্ব বৈজ্ঞানিক মতে বুঝিতে হইলে বলিতে হইবে, পূর্বের উক্ত একার্ণব-কারণবারিস্থিত ঘনীভূত তেজে সমাক উত্তাপ সঞ্চিত হইলে উহা ধিভাগে বিভক্ত হইয়া যায় ! ইহাই ব্যক্ত জগতের হুই প্রবাহ, দম ও বিষম। এই উভয়ের সংকর্ষণ হেতু ঐ ঘনীভূত তেজ বিকশিত ও বিকীরিত হইয়া যথন উৎক্ষিপ্ত হয়, তথন উহার যাহা স্ক্রাংশ তাহাই তেজ-রূপে উর্দ্ধগামী হয়; আর যাহা উহার স্থূল বিভাগ, তাহাই শীতল ও কঠিন হইয়া নিমুগামী হয়। উভয় তত্ত উভয় দিকে প্রধাবিত হইলে, মধ্য ভাগ অবকাশ যুক্ত হইয়া পড়ে। ঐ অবকাশই স্থল জগতে আকাশ নামে অভিহিত। মধ্যস্তলের व्यवकारमञ्ज व्यष्टेमिक कन्नमा कता रहा, উহাতেই वाह् नाय জগতের জীয়ন্ত জীবনীশক্তি, গতিরূপে প্রবাহিত হয়। বায়ুকে শাস্ত্রকর্ত্তাগণ গতি নামে অভিহিত করিয়া থাকেন। ঐ গতি ত্রি-জগতের অবস্থামুসারে ত্রিভত্তে বহমান। কারণ জগতে ইহার প্রধান অবলম্বন তেজ। ফল্ল জগতে ইহা গতি বা শক্তিরপেই বৰ্ত্তমান। ইহাতে নিত্য আপু সন্মিলিত হইলে, ইহাতে নিয় জগ-তের বায়বীয় ( সিশ্ধ গুণ যুক্ত ) অর্থবকণা নিপতিত হইলে ইহা জলীয় বাব্দে পরিণত হয়, এবং উহাতে কারণ জগতের তেজ-কণা মিলিত হইয়া, স্থুল জগতে ইহা বায়ু নামে পরিচিত হয়।

ঐ দ্বিধা বিভক্ত অণ্ড বা তড়িৎ-কেন্দ্র ইইতেই ক্রমশঃ ক্রিত্যাদি পঞ্চ ভূতের বিকাশ হইয়া স্থুলন্ত্রগৎ স্বষ্ট হইয়াছে।

ঐ দ্রব্যয় মহাভূতই শাল্পের একার্ণবিকারণবারি এবং উহার

অভ্যন্তরন্থ তেলেভাসই মহাবিষ্ণু। সেই সর্মত্র পরিব্যাপ্ত তড়িৎ-তেতের বাহা স্থুল কেন্দ্র, তাহাকে শাস্ত্র উক্ত তেলের নাভি বলিয়া বর্ণনা করিয়াছেন। উহাতেই লোকপিতামহ ব্রহ্মার উদ্ভব। অনন্তব্যপ্ত কারণবারি পরমায়ার ইচ্ছাজাত তেজের আধার বলিয়া ঐ জলকে নারা নামে গুভিহিত করা হয়। নারা অর্থাৎ পরমায়া হইতে প্রথম প্রস্তুত বলিয়া অপত্য প্রত্যয়ে ঐ নারাহিত তেজকে অয়ন বলা হয়। তাই উক্ত তেজ নারায়ণ নামে কথিত।

ইতঃপূর্দ্ধে বলা হইরাছে, মহাকাশ অভ্যন্তরন্থ গুহুতেজে দ্রবন্ধ শক্তি প্রাপ্ত হইলেই উহা অর্থাৎ ঐ দ্রবন্ধর্মী বস্তু কারণ-বারি নামে কণিত হয়। পরমান্ত্রার ইচ্ছাঙ্গনিত সংকর্ষণ হইতে উহা প্রস্থত বলিয়া ঐ দ্রবহণ্মী বস্তুকে শাত্র ব্রহ্মের অপত্যপদে বরণ করিয়াছেন। ঐ কর্ষিত কারণ বারিই তেজের আশ্রম্ম বলিয়া উক্ত জলকে নারা এবং উহা ব্রহ্মের আগ্রার সর্ব্ধ প্রথম অম্পন বলিয়া উহাকে নারায়ণ বলা হয়। তাহা হইলে রুঝিতে ছইবে, ঐ একার্ণবীভূতা কারণবারিক্রপ সমুদ্রপ্রবাহই আকারণীয় প্রবাহ, উহাই তেজরুপী বিষ্ণুর আশ্রম্ম। বট্ বলিলে এম্বলে কারণ সমুদ্রকেই বুঝায়, স্তরাং ঐ একার্ণব কারণ বারিই যে উক্ত বট্ তাহা নিঃসন্দেহ প্রতীত হয়, আর উহার প্রবাহই পত্র, উহাতেই তেজরুপী বিষ্ণুর নিবাস। এই জন্ম শাস্ত্র বিষ্ণুকে বটপত্র-শায়ী বলিয়াছেন। ঐ অনস্ত সমুদ্রের যাহা কেন্দ্র তাহাই উক্ত তেজের নাতি। উহার মধ্যন্ত্ব ঘ্লাভূত তেজই মহত্ত্ব বা ব্রহ্মা

নামে অভিহিত। পুরাণে বর্ণিত বিষ্ণুর নাভিতে ব্রহ্মার জন্মবিবরণ যে বিজ্ঞানসম্মত, একণে তাহা প্রাণ্ঠ স্বদর্গম হইতেছে।
বিষ্ণুকেই শাস্ত্র পুরুষ নামে অভিহিত করিয়া থাকেন, আর ঐ
একার্ণব কারণবারিকেই জননী বা মহতী প্রকৃতি বলেন।
আর উহার মধ্যস্থ ঘনীভূত তেজসমন্টিই ব্রহ্মা। জগতের
ঘিতীয়াবস্থার ইহাই ত্রিতন্ত্ব। পুরাণাদি শাস্ত্রে এই ত্রিতন্ত্বকে
ব্রহ্মা বিষ্ণু মহাদেবও বলা হয়। তেজই প্রধানতঃ বিষ্ণু, আর
ঐ সংক্ষিত শক্তিই শিব নামে কল্পিত. আর উহাদের
মধ্যস্থ মহতত্ব বা কেশ্রীভূত তড়িতই ব্রহ্মা। ঐ ঘনীভূত তড়িত
হইতেই চতুর্দশ ভূবন বিকশিত। উহার বিদারিত অংশই
পরিদ্খমান স্থলজগতের হল্ম কারণ।

এই স্টেডির সম্পূর্ণ বৈজ্ঞানিক ভিত্তিতে স্থাপিত। বিজ্ঞানের আকাশীয় প্রবাহই শাস্ত্রের কারণবারি। ইহাই উপরি উক্ত মহাকাশে প্রথম বিকশিত হইনা ক্রমশঃ খণ্ডাকাশে বিস্তৃত। আকাশের পর্যায়ক্রমে, এই কারণবারিও পর্যায়ে পর্যায়ে বিশুক্ত। জগতের প্রথম মহাকাশে যে কারণ মহাস্ক্রপ্ত অব্যক্ত, দ্বিতীর পর্যায়ে তাহা অপেক্ষারুত ব্যক্ত ও স্থুল, তৃতীয়ে তাহাই আবার অপেক্ষারুত ভূলরূপে প্রতিভাত। এই প্রথম কারণ মহাবিষ্ণুর অয়ন, ইহাতেই জগতের প্রথম পুরুষ কারণান্ধিশারী মহাবিষ্ণু শয়ন করিয়া থাকেন। দ্বিতীয় পর্যায়ে বা যাহা উক্ত কারণবিস্তৃত তেজের ঘনীভূত বিভাগকেন্দ্র, তৎশারী পুরুষই বন্ধা বা গর্ভোদকশারী দ্বিতীয় পুরুষ নামে অভিহিত। তৃতীর

পর্যায়ের কারণই তৃতীয় পুরুষ বিরাটের আত্রয় ভূমি। সকল পর্যাারের কারণ, তাহার কার্যাবন্ধ। হইতে সন্ম। প্রতি পর্যায়ের কারণ তদণিকারস্থিত কার্যাশক্তির মধ্যে অবস্থান করে, এবং তাহা হইতে সমুদ্য কাৰ্য্য তালে তালে বিকশিত হয়। ঐ দ্ৰবত্ব কারণ জাতীয় বস্তু প্রবাহে প্রবাহে বহুমান বলিয়া শাস্ত্র উহাকে কারণবারি বলেন, আর বৈজ্ঞানিকগণ উহাকে আকাশীয় প্রবাহ বলিয়া থাকেন। আকাশ সমুদয় উপাদানের আদি উপাদান विनय छेशारक चानि काउन वना इय। चात छेशात मधाष्ट সন্তাণশ্বী বস্তুকেও সে কারণ, নিমিত্ত কারণ নামে অভিহিত করা ু হয়। উহা প্রবাহে প্রবাহে প্রবাহিত, ( অর্থাৎ উপাদান মাত্রই শক্তিধর্ম বিশিষ্ট বলিয়া সদাই অস্থির) তাই উহার নাম প্রবাহ, সেজন্ত বৈজ্ঞানিকগণ এই কারণ জাতীয় শক্তিশন্মী বস্তুটিকে আকাণীয় প্রবাহ নাম দিয়াছেন। পাশ্চাতা বিজ্ঞানের আবিষ্কৃত ইথরও এই শ্রেণীয়। ইহা তরকে তরকে প্রবাহিত বলিয়া উহাও দ্রব বা বারিধর্মী। উহা আকাশস্থিত তাবং বস্তুর মধ্যে প্রবহমান। ইথর সমুদয় গ্রহনক্ষত্রের বিকাশের আশ্র বলিয়া, উহাতে সমুদ্য গ্রহাদি ওতঃপ্রোত ভাবে সমূদয় স্থুল আধার যখন কালসমাগমে ধবংস প্রাপ্ত হয়, তখন উহার শৃদ্ধ আদর্শ ঐ কারণরপী ইথরে পুদ্ধ ভাবে অন্ধিত হইয়া থাকে। সূল জগতে ইথবীয় প্রবাছ হইতে আমরা গতি জ্যোতি ও শক উপলব্ধি করিয়া থাকি । এমন কি, দেখা যায় আকাশস্থিত গ্রহনক্তাদিগণ শুদ্ধ মাধ্যাকর্ষণেই

প্রম্পর প্রস্পর আকর্ষণনিরত নহে,উহাদের ভিতর এমন একটা বস্তু আছে, যে যাহাকে আশ্রয় করিয়া উহারা স্বচ্ছন্দে নতত প্রবহমান হইয়া আপন আপন পদে স্থির থাকে। আকাশের অবস্থা অসুসারে সৃষ্টির পর্য্যায়ভেদে কারণবারিও পুথক পর্য্যায়ে বিভাষান। খণ্ডাকাশন্তিত কারণ কখন মহাকাশের মহাকারণ হুইতে পারে না৷ অথও ব্রহ্মসভা যেমন পর্য্যায়ে পর্য্যায়ে নামিয়া নামিয়া অবশেষে জীবরূপে পরিণত,কারণবারিও তেমনি পর্য্যায়ে পর্য্যায়ে আসিয়া অবশেষে বাছাকাশে স্থল কারণবারিরূপে দেখা দেয়: এই কারণবারিস্থিত গুহু তড়িতের হুইটি প্রবাহ আছে, ইহাই সম ও বিসম বা যৌগিক ও বিযৌগিক নামে খ্যাত। ইহা-দের কার্য্য, পরম্পর পরম্পরকে আকর্ষণ ও উৎক্ষেপন করা। এই আকর্ষণ ও উৎক্ষেপন হইতে ঐ আকাশবিস্তৃত কারণবারিতে চক্রাকার আবর্ত্ত সকল সতত সৃষ্ট হইয়া থাকে, ইহাই নব নব গ্রহ নক্ষত্রের অবাক্ত আধার। সকল চক্রেই হুই গতি,—বাম ও দক্ষিণ, তাই ইহাদের নাম বামাবত ও দক্ষিণাবর্ত। ইহাদের কার্য্যাবস্থার প্রধান কার্য্য, দর্শন, স্পর্শন ও বিদূরণ। এই কার্য্য-ত্রয়ের দারা ইহারা প্রতিনিয়ত অসংখ্য অসংখ্য আধার নির্মাণে অগ্রসর। কিন্তু ভদ্ধ ইহাদের মিলনেই বস্তু উৎপন্ন হয় না। ইহাদের আশ্রয়ভূমি কারণবারি-মধ্যস্থ গুহজ্যোতিই সমুদর বস্তুর উৎপত্তির কারণ। তাই যে চক্রে ্ম ও বিষম অথবা নিমিন্ত ও উপাদান কারণের সহিত উপরিউক্ত ওছ্ছোতি স্মাক সংক্ষিত ন। হন, তাহার সমুদায় ক্রিয়া বার্থ হইয়া যায়, অর্থাৎ

তাহাতে আর গ্রহ-নক্ষত্রাদি বা জীবের উৎপত্তি সম্ভাবনা থাকে না। এজন্ম আর্য্যবিজ্ঞানের মতে চতুর্থ তত্ত্ব ব্যতীত কাহারও উৎপত্তির সম্ভাবনা নাই। মূর্তিধারী জীব হইতে উপরিউক্ত-গুহজ্যোতি চতুর্থ পর্য্যায়ে নিবাস করেন, সেজন্ত ঐ গুহতেজকে সচরাচর প্রপিতামহ বলা হয়। গীতায়, স্টির চতুর্থ পর্য্যায়স্থিত পর্মপুরুষকেই প্রপিতামহ বলা হইয়াছে, ইহা সমধিক বিজ্ঞান-সমত। ব্রহ্মারপী সমষ্টি তড়িতই হিন্দুশাস্ত্রের পিতামহ। হিন্দুর সমুদয় শাস্ত্রীয় ব্যাপারই গুঢ় বৈজ্ঞানিক তত্ত্বে সংস্থাপিত। একণে দেখা যাইতেছে যে ত্রিতত্ত্ব জগতের মূলে বিভাষান তাহাই সর্বাধারে অভিব্যক্ত। এই ত্রিতত্তকে শাস্ত্রীয় ভাষায় স্কু তৈজস তত্ত্ব, স্কু দ্বীয় তত্ত্ত স্কু পাৰ্থিব তত্ত্বলা হয়। ইং।ই পরিদৃশ্যমান স্থুল জগতের মৌলিক্ ত্রিতত্ত। ইংাকে অবলম্বন করিয়া স্থূল জগত নিয়ত স্বপদে প্রতিষ্ঠিত। মহাকালের মহান আধার যেমন জগদ্বিকাশের প্রথম স্থান, তেমনি জাগরণরূপ মহাগতি বা মহানিঃশ্বাসই ত্রিতত্ত্বে প্রথম কারণ। ইহাই ব্যক্ত সৃষ্টির পূর্বাহ্নিক অবস্থা, ইহা হইতেই সুল জগৎ ক্রমশঃ বিকশিত। যেমন স্থলজগতের অগ্নিও জলের হল্ম কারণ আকাশ ও বায়, দেইরূপ ফুল্ম মহৎ ত্রিতত্ত্বের কারণ উক্ত মহাকাশ ও মহাগতিঃ ব্রক্ষের জগৎ আলোচনারূপ ইচ্ছা বা আদেশ, শন্ত্রন্তর কারণ অবস্থা। আর ফুলু দ্রবীভূত তৈজন মহদ্রশ্বই জগতের হক্ষ অবস্থা। প্রত্যেক

ষ্মবস্থাই ত্রি ত্রি তত্ত্বে বিভূষিত।

জগদ্বিকাশের পূর্কাহ্লিক মহান ও অব্যক্ত শব্দই ব্রকা, মহাগতিই তাহার শক্তি ও পূর্ব্ববর্ণিত মহাজ্যেতিই তাঁহার পরম জ্ঞান বা আনন্দ স্বরূপ ত্রিতত্ত্ব বা ত্রিশক্তি। এই জ্যোতি-রূপ জ্ঞান হইতেই জগতের দ্বিতীয় অবস্থার মহামনরূপী মহত্ত-ত্ত্বের বিকাশ। গতিরূপ, শক্তিই প্রকৃতি বা জননীস্বরূপা, জ্ঞানই পুরুষপদে বরণীয়, আর ইহাদের অর্থাৎ জ্ঞান ইচ্ছার সহযোগে মহতত্ত্বরূপ পুত্রের উৎপত্তি। এই মহতত্ত্বরূপী মহা-মনই এই প্রকৃতি ও পুরুষের পুত্রস্থানীয়। অব্যক্ত হইতে মহতত্ত্বের বিকাশ, আর ব্যক্তকে বিকাশ করাই তাহার কার্য্য। কাঞ্চেই মহতত্ত হইতে অব্যক্ত সৃষ্টি ক্রমশ: ব্যক্তাভিমুখে আইদে। ইহা হইতে ব্যবহারিক জগতের বৃদ্ধিতত্ত জৈবতত্ত্ব, ও ভৌতিকতত্ত্বের বিকাশ হয়। এই ত্রিতত্ত্বই শাস্ত্রের ত্রিবিধ অহংকার নামে কথিত। ইহার ত্রি অবস্থা হইতে এই বিশাল দৃভামান জগতের অণুপরমাণু কীট পতক হইতে সমুদয় প্রাণী পর্য্যায়ক্রমে বিকশিত। এই **অহ**ংকারই ভূল <mark>অহংজ্ঞান নামে</mark> কাথত। যে যে ক্রমের জীব, সে সেই রূপ আমিরূপ অহং-কারের বণীভূত। এই ত্রিবিধ অহংকার হইতেই জগতের তৃতীয়া বস্থার বিকাশ। ইহাই স্থুলজগতের ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর। কারণ মহতত্ত্বই ব্রহ্মা, তেজই বিষ্ণু ও সংকর্ষণ শক্তিই মহাদেব। বে হেতু শুনা যায়, মহাপ্রলয় সমাগত হইলে আকর্ষণী ও সংকর্ষণী এই উভয় শক্তি যখন একত্র হইয়া ধীরে ধীরে আপনার স্বাভা-বিক অবস্থায় অর্থাৎ সাম্যাবস্থায় আসিতে থাকে, তখন সৃষ্টির

প্রাক্কালে গুহুতেজের অন্তিত্ব হেতু সংকর্ষণের বিকাশ হইলে, মহাকালের মহাসুষ্ঠি বা মহানিদ্রাভাঙ্গিয়া যায় এবং সম ও বিষম নামীয় দুইটি শক্তির বিকাশ হয়। সংকর্ষণ যথন ঐ মিলিত অবস্থা পুথক করিয়া ফেলে, তখন ঐ পুথক অবস্থাকে আকর্ষণ ও একাকারের ক্রায় অবস্থাপন্ন করিয়া আপনার কেন্দ্র নির্মাণ করিয়া লয়। উক্ত ঘনীভূত তড়িৎ সমষ্টিই মহাকর্ষণ বা জগতের স্টিকারিশক্তি, তেজই বিখের পালনা শক্তি, আর বিযুক্তশক্তিই সংহার-শক্তি। সংহার-শক্তি বিযুক্ত শক্তি হইলেও উহাই ক্রমবিকাশের মূলীভূত কারণ। সংকর্ষণ শক্তির ছারাই এক বস্তু, অপরে নিয়ত পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন হইয়া ক্রমশঃ ক্রম-বিকাশে অধিরোহণ করে। যেমন ভূমি লাঞ্চল দারা কর্ষিত হইলে, তথায় বীজ বপন করিয়া উত্যোত্তম কল প্রাপ্ত হওয়া যায়, তেমনি সংকর্ষণ শক্তির দারা মহাভূত কর্ষিত হইলে, তাহাতে মহতভাদি বিকাশ প্রাপ্ত হয়। এই সংকর্ষণ শক্তিই পুরাণে বলরাম নামে প্রসিদ্ধ। ইহারারা সৃষ্টি কর্ষিত হয় বলিয়া, বলরাম লাঞ্চলধারী।

জগতের বিতীয়াবস্থার ত্রিশক্তিকে ভাবৃকগণ সরস্বতী বীণা ও বাণী নাম প্রদান করিয়াছেন। ত্রন্ধার অভ্যন্তরস্থ ত্রান্ধী শক্তিকে সরস্বতী বলা হয়। ত্রন্ধা, ত্রন্ধের জগৎস্টের প্রথম আদেশ বা প্রথম স্পন্দন বলিয়া ত্রন্ধা স্পন্দনাত্মক ব্যক্ত স্টির প্রথম প্রবর্তক। ত্রন্ধা সমৃদ্য় বিকশিত স্পন্দনের অধিপতি শক্তি বলিয়া ত্রন্ধা সরকর্ত্রা। ত্রন্ধারূপ মহামন, যখন যে স্পন্দন

তারে যেরূপ বংকার প্রদান করিয়া থাকেন, জগৎ সেই বং-কারের তালে তেমনি তালে তালে স্পন্দিত হইতে থাকে। মহত্তত্ব সমূদয় স্পন্দনের অধীশ্বর বলিয়া ব্রহ্মা ব্যক্ত জগতের ক্ষার। ব্রহার সমষ্টি শক্তিই জগতের স্রত্তাপদে বরণীয়। কাজেই সেই মহন্তব্যে মহতী শক্তিই সরস্বতী। সৃষ্টির **আদিতে** স্রষ্টার মহাকাম প্রথম যে শব্দে ধ্বনিত হইয়াছিল, তাহারই সমুদয় তত্ত্ব, মহতত্ত্বে একীভূত। মহতত্ত্বরূপ মহাশব্দে সমুদয় ধ্বনি নিহিত। ধ্বনিই কালক্রমে বাণীতে পরিণত। জগতের প্রথম ত্রি-অবস্থায় এই ধ্বনি ক্রমশঃ ব্যক্ত হইতে ব্যক্ততমে বিকশিত। চতুর্ধাবস্থায় ইহাই আবার মানবজগতে বাণীতে পরিণত। ব্রহ্মা ধ্বনির অধী-শ্বর, ধ্বনি হইতে বাণীর বিকাশ। তাই সরস্বতী বাকু দেবী নামে প্রসিদ। সেজ্ঞ সরস্বতী বীণাও বাণীবিভূষিতা। বীণাধ্বনি, আর বাণী বাক্য। স্পন্দন শক্তিতে এই তুই তত্ত্ব বর্ত্তমান। পূর্বে বলা হইয়াছে, এক্ষের জ্ঞান ও ইচ্ছা সম্ভূত তেগেভাস হইতেই মহন্তবের বিকাশ। ইচ্ছা প্রকৃতি ও জ্ঞানপুরুব; এই উভয়ের ফল মহন্তর। তাই মহতত্ত্বে ইক্ষা জ্ঞান ও ক্রিয়া ত্রিতর বহমান। ইচ্ছা ও জ্ঞান তাহার পিতামাতা স্বরূপ, ক্রিয়াক্সপ শব্দই ভাহাতে সম্যক বিকশিত। স্থতরাং ব্রহ্মার রাজ্য ক্রিয়াত্মক। ক্রিয়ার কারণই শক্তি, শক্তি হইতে সমুদয় ক্রিয়া যথায়থ ভাবে সুসম্পন্ন হইয়া থাকে ' সে জন্ম এই চতুর্দশ লোকযুক্ত বিশাল ব্রহ্মাণ্ড সমুদয়ই শক্তির লীলাক্ষেত্র। ইহার প্ৰত্যেক অণু পরমাণু দ্বাণু পৰ্য্যন্ত মহাশক্তিতে শক্তিমান। যোগী.

এই ব্রহ্মার ব্রহ্মাণ্ড রাজ্য পার হইবার জক্ত প্রথমে ক্রিয়ার শরণাপর হন। সাধকগণ তীব্র সাধনায় ইহা উত্তীর্ণ হইতে চেষ্টা পান। ভাবৃকগণ ভাবরূপ স্বরসংযোগে ইহার প্রত্যেক তারে বংকার দিয়া, রস ও মাধুর্য্য গ্রহণ করিয়া থাকেন। আর স্বভাববিদ্গণ এই বিশাল স্বভাবকে আয়তে আনিবার জন্ম ইহার প্রত্যেক তব্ব সাগ্রহে অমুধাবন করিয়া, ইহাকে আপনার বশে আনয়ন করেন। ফল কথা, এই ক্রিয়ায়্মক ব্রহ্মাণ্ড রাজ্য পার না হইলে, কেহই নিপ্তর্ণ ব্রহ্ম প্রাপ্ত হইতে পারেন না।

বীণা ও বাণী এই ছই তত্ত্বই ব্রন্ধার রাজ্যের প্রক্রত সম্পন্তি।
স্পন্দনাথ্রক কার্যাব্রন্ধে শব্দ গতি ও জ্যোতি অর্থাৎ জ্ঞান ইচ্ছা
ও ক্রিয়া এই ত্রিতত্ত্ব বিকনিত। জ্ঞান প্রথম পদে বরিত
বিলিয়া জ্ঞানকেই অপর ছই তত্ত্বে মূল বলা হয়। ব্রন্ধার
বিকাশ জ্ঞানে, তাই তৎকর্ত্বক বিকনিত জগতের মূলও জ্ঞান।
ব্রন্ধার ব্রান্ধী শক্তি সে জন্য গুদ্ধ নিজল জ্ঞান নাম ধারিণী। জ্ঞান
সমূদ্য বিভার মূলীভূত। সেজত জ্ঞানপ্রদায়িনী সরস্বতী সমূদ্য
বিভার মূল। সরস্বতী আরাধনা করিলে বিভা সহজলভ্যা হয়।
এ কারণ বিভালাতেজ্পুণ বিভালাত করিবার জ্ঞা, সরস্বতীর
আরাধনা করেন। ব্যক্ত বিশ্বের মূল জ্ঞানে, বাণী ও বাণা, অর্থাৎ
শব্দ ও স্পন্দন এই ছই প্রবাহ বর্ত্তমান, জ্ঞানপ্রদায়িনী সরস্বতী
বাণী ও বাণধারিণী। তিনি সমূদ্য তত্ত্বের তত্ত্রাহিণী ব্লিয়া,
জ্ঞগৎরূপ যয়ের তিনি সমূদ্য তারে বংকারদায়িনী। যবিন যে

ভার যে স্থরে বাজিলে জগৎ যে ভাবে পরিচালিত হয়, তাহা তিনি সম্যক অবগতা। স্তরাং তিনি সর্কলা বীণাবাছরভা। তাঁহার বীণার স্থরে স্থরে সমূদ্য ব্যক্ত জগৎ তালে তালে নৃত্যুক্রিতে করিতে আপন গস্তব্য পথে ধাবিত হয়। সমূদ্য জগৎতত্ব ঘাঁহার আয়ন্তাধীন, যিনি এক সময়ে জগতন্থ সমূদ্য স্পন্দনত্বে স্থর যোজনা করিতে সম্থা। সেই স্ক্জোন-প্রদায়িনী, ব্রন্দের নিছল ব্রাশ্লীশক্তি সরস্বতী নামে অভিহিতা।

ব্রনার পিতৃশক্তি ও মাতৃ শক্তি হুই শক্তি সমভাবে বিঘ্নমান বলিয়া ব্রহ্মা চিরকুমার বা সমভাবাপর মহাসিদ্ধ সাধক। সেজ্ঞ সরস্বতী ত্রন্ধার অন্তর্য মহাশক্তি হইলেও তেনি চিরকুমারী। ব্রহ্মার প্রথমজাত মানসপুত্র সমূহও সেকারণ কৌমার-ব্রতধারী। ব্রহ্মারপ সমষ্টি তডিৎকেন্দ্রই যদিও ব্রহ্মাণ্ডবিকাশের প্রধান কারণ, তথাপি বতক্ষণ না উহাতে সমাক তাপের বিকাশ হইয়া, উহা সম ও বিষম হুই ভাগে রীতিমত বিভক্ত না হয়, ততক্ষণ ব্যক্ত স্ষ্টি কখনই বিশেষরূপে বিবর্দ্ধিত হইতে পারে না। কিন্তু উহা বিভক্ত হইলেও, কখন উভয়ে সমান রূপ গুণ ও কার্যাশক্তিতে नमजूना रम ना। यनि উভয়ে नमजूना रहेज, जारा रहेल কখনই সৃষ্টি বিকাশপথে বিকশিত হইতে পারিত না। আবার উভয়ের তুল্যগুণে উভয়ে একভাবাপন্ন হইয়া, স্ষ্টিকে স্তব্ধ অবস্থায় রাখিয়া দিত। সেজগু হুলা বৈজ্ঞানিক হুলা দৃষ্টিতে ইহাদের পরস্পরের বিভিন্ন গুণাবলী স্পষ্ট প্রত্যক্ষীভূত করিয়া-ছেন। সংরূপ ব্রহ্মতেজে, চিৎরূপ গতিশক্তি অথবা সতে

রজ সন্মিলিত না হইলে, কখন সৃষ্টি বিবন্ধিত হইতে পারে না। যতক্রণ না, ব্রহ্মাণ্ডরূপ তড়িংখণ্ডে, তাপরূপ দ্বিতীয় বস্তর সমা-ংবেশ হয়, ততক্ষণ তাহা কার্য্যাবস্থায় আইদে না। যতদিনে উহাতে তাপের বিকাশ হইয়াছিল, ঋষিগণ তাহার কাল নির্ণয় করিয়া, ব্রহ্মালোকের এক বংসর সময় নিরূপণ করিয়া দিয়াছেন। শারে তাই উক্ত আছে, ত্রন্ধা ত্রান্ধ সম্বংসরকাল উক্ত অণ্ডে নিবাস করিয়া উহাকে ধিধা বিভক্ত করিয়াছিলেন। উহারই এক অংশ পুরুষ ও অপর অংশ স্ত্রী নামে কথিত<sup>।</sup> ব্রহ্মায় ত্রিগুণ বর্তমান থাকিলেও প্রথমতঃ জ্ঞানেরই সমাক প্রভাব। যদিও ব্রহ্মা হইতে ব্যক্ত অধিক ব্যক্তত্বে পরিণত, ইন্ছাশক্তি অবকাশে ক্রিয়া রূপে বিকশিত, তথাপি ব্রনা ক্রিয়া জ্ঞান সমাক্ষর। বন্ধা, বিশুদ্ধ সৃষ্টিকারী বন্ধশক্তি, ইহা প্রিতিরূপী সংসভায় সতত বিরাজমান। সেজন্ত সতের প্রাধান্তে ত্রন্ধার ক্রিয়াশক্তির বিকাশ হইলেও তাহা প্রথমতঃ সৎস্ভায় সমাজন্ন থাকে. যেমন কোন क्रांख राक्ति वानज्ञ निजाबाता नभाव्यत शहेशा, यनि रमपूर्वक কোন অবশ্য কর্ত্তব্য কার্য্যের অফুষ্ঠানে ব্যাপুত হয়, তাহা হইলে দে যেমন উক্ত কার্য্য নির্বাহ করিবার সময়েও মধ্যে মধ্যে নিতার আবেশে অবসর হইয়া, সমাক বাক্ত কার্যোর উপযোগী হয় না! অথবা যদি কোন কার্য্যক্ষেত্রে অবতীর্ণ ব্যক্তি, অসংখ্য কার্য্যে সমাজ্যর হইয়া, তাহার অবগ্য কর্ত্তব্য বিশ্রামকে সবলে দরে নিকেপ করিয়া, সাগ্রহে যথাকর্ত্তব্য কার্য্য সম্পাদন ेকরে। প্রথমোক্ত ব্যক্তির যেমন কার্য্য সম্পাদন অবগ্র কর্ত্তবা হইলেও, নিজার সমাচ্ছর হইরা তাহার প্রতিকার্য্যে নিজার আবস্থা ভাবই পরিক্ট হইরা প্রকৃত কার্য্যকে আচ্ছর করিরা থাকে। আর শেষাক্ত ব্যক্তির বিশ্রাম অবশু কর্ত্তব্য হইলেও কার্য্যের কার্য্যাশক্তিতে তাহা যেমন সমাচ্ছর হইরা থাকে। সেইরূপ ব্রহ্মার ক্রিয়া অবশু কর্ত্তব্য হইলেও, তাহা 'সং' সন্তার প্রাধান্তে, অর্থাৎ জ্ঞানে প্রথমতঃ আচ্ছরভাবেই থাকে। সেই জ্ঞানরুত ইচ্ছার ভাহা কর্তৃক প্রথম উৎপন্ন মানস-পুত্রগণের ও সমভাবের প্রাধান্ত কাহ্মিত হয়। কাল্ডেই ব্রহ্মার ক্রিয়াশক্তির বিকাশ অবশু কর্ত্তব্য হইলেও প্রথমাবস্থার তাহাতে সমতা বা সম্বন্ধণের প্রাধান্তই পরিলক্ষিত হয়। তাই বিফুর নাভিপন্নে ব্রহ্মার উৎপত্তি চির-

ব্রহ্মার সমতা অধিক বলিয়া, ব্রহ্মার ব্রাহ্মী-শক্তি তাঁর রমণী-পদে বরিত না হইয়া, তাঁহার কন্সা নামে অভিহিতা। কিন্তু ব্রহ্মারূপ 'স'তে 'চিং'রূপ দিতীয় বস্তু সংযোজিত হইয়া স্প্তিকে বিকাশ করিয়াছিল। সেইজন্ম এই বৈজ্ঞানিক তত্ত্বই পরবর্তী পৌরাণিক কালে ব্রহ্মাকে কন্সাগামী কলক্ষে কলন্ধিত করিয়াছিল।

# চতুৰ্থ অথ্যায়।

## জগতের তৃতীয় অবস্থা।

## সক্তা, শক্তি, বস্তু।

সৃষ্টি তৃতীয় অবস্থায় উপনীত হইলে পর, ইহাতে সমৃদয় লোকাদির বিকাশ হইয়া থাকে। এই লোকবিকাশ সম্বন্ধে মহাত্মগণ এইরূপ অভিমত প্রকাশ করিয়া থাকেন, যে হৈমময় অগুকার চিদাভাস বা গুহতেজ ইতঃপূর্বে একত্র ধনীভূত বা সমষ্টি আকারে একার্ণবাভূত মহাকারণে প্রবহমান হইয়াছিল, এই তৃতীয় অবস্থায় তাহা তাহার আভ্যস্তরীণ উত্তাপে সংক্ষিত হইয়া চুই ভাগে বিভক্ত হইয়া পড়ে ৷ এবং উহার মধ্যভাগ অবকাশ বা ফাঁকযুক্ত হইয়া পড়াতে গতি অবাধে গতি প্রাপ্ত হইয়া আভাস্তরীণ তাপের বাস্পীয় কণাকে উর্দ্ধগামী করিয়া দেয়, অর্থাৎ ঐ অণ্ডের যাহা স্ক্রাংশ তাহা স্ক্রতা নিবন্ধন উৰ্দ্ধ-গামী হইয়া যায়, আর যাহা স্থূলাংশ বা উহার নিম্নভাগ তাহা স্থলত্ব নিবন্ধন নিয়গামী হইয়া ক্ষিতিজাতীয় কঠিন স্থলতত্ত্ব পরিণত হয়। মধ্যের ঐ অবকাশই আকাশ পদবাচ্য। ঐ ভূমিতেই গতি সমাক্ প্রসরতা প্রাপ্ত হয়। গতিঘারায় বাঙ্গী-ভুত তেজকণা ক্রমশঃ উর্দ্ধে উত্থিত হয়। এবং স্থুল অংশ নিয়- গামী হইয়া পড়ে। মধ্যস্থ মহাবকাশে চন্দ্র, হর্ষ্য, গ্রহ, নক্ষত্র পৃথিব্যাদি লোক, অর্থাৎ স্বর্গ, মর্ত্ত, অন্তরীক ইত্যাদি স্থান্ধত হইয়া, ক্রমে ক্রমে সেই মহান্ অবকাশে শুরবৎ, অর্থাৎ বাহার পর যাহা সেইরূপ ভাবে সন্নিবেশিত হয়।

ইহা হইতে বুঝা যায়, স্টির তৃতীয় অবস্থা লোক স্টির অবস্থা। এই অবস্থায় এক মাত্র তেজোভাস বা হৈমময় অঞ্জাপনার আভাস্তরীণ উল্লাপ বা স্বীয় ধ্যানবলে বিশ্বণ্ডিত হইয়া ক্রমে ক্রমে সমূদ্য লোকের বিকাশ করিয়া দেয়। যে বস্তু প্রথমে একা ছিলেন, এই অবস্থা হইতে তিনি বহুতে পরিণত হইয়া পড়িলেন, অর্থাৎ "একোহন্ বহুস্থানঃ" হইয়া স্টিরূপ মহাযজে আপনাকে আছতিপ্রদান করিলেন। তিনি প্রেমবশে আত্মপ্রীতিরূপ গুহু তেজোভাস বা চিন্নীজকে মায়ারূপিনী মহাকাশের মহাধারে অর্পণ বা স্থাপন করিলেন। তত্ত্বদর্শিণণ স্টিকর্তার ত্রিভাবের ত্রিতরে (দর্শন, স্পর্শন, ও বর্ষণ) অবস্থা পর্য্যালোচনা করিয়া স্টির তৃতীয় অবস্থাকেই "একা আমি আমার মত বহু হউক" বলিয়া ব্যাখ্যাত করিয়াছেন। এই অবস্থায় একমাত্র ব্রন্ধবস্ত বহুতে পরিণত হইলেন।

যে ঘনীভূত তৈজসকে প্র তা তড়িৎসমন্তি সহস্রাংকসমপ্রত হৈম অভের ক্লায় গোলাকার অভবং একার্ণব-কারণবারিতে ভাসমান ছিল, তাহাই আভ্যন্তরীণ উত্তাপে বিদারিত হইয়া এক অংশে দিব, অর্থাৎ স্বর্গাদি লোক ও অপর অংশে পৃথিব্যাদি লোক ও মধ্যের মহা অবকাশে অষ্ট দিক ও নিত্য সমুদ্রের

বিকাশ করিল। দিব অর্থে সচরাচর জ্যোতিকে বুঝায়। তাহা হইলে যাহা উক্ত অণ্ডের তৈজন অংশ, তাহা হইতে ক্রমশঃ উর্দ্ধলোকের বা দিব্যস্থানের বিকাশ হয় এবং যাহা উহার নিমাংশ, যাহাকে কঠিন শীতল ও স্থুল বলিয়া কল্পনা করা যায়, তাহাতে পুথিবী, এবং মধ্যভূমিকে অন্তরীক্ষ ও আকাশ বলা হয়। তেলোময় দিবাংশেও সপ্তভাগ এবং যাহা নিমাংশ তাহাতেও সপ্ত বিভাগ। এই দ্বিস্থ বিভাগই চতুর্দশ লোক নামে অভিহিত। সমুদয় বিভাগেরই আবার সপ্ত সপ্ত বিভাগ বর্ত্ত-মান। তত্ত্বিদ্গণ সর্ব্বত্রই সপ্ত পর্য্যায়ের বিকাশ পরিদৃষ্ট করেন। কি পৃথিবী কি অন্তরীক্ষ কি দিবাস্থান সর্ব্বত্রই সর্বস্থানে সপ্ততত্ত্ব আছে। অন্তরীক্ষে প্রতিগ্রহ-নক্ষত্রেরই এই সপ্রবিভাগ বর্ত্তমান। পৃথিবীতেও সপ্ত তত্ত্ব ও তাহার অভ্যন্তরে পাতালাদি স্থ লোক আছে। তাহা ছাড়া সমুদর গ্রহ-নক্ষত্রেও বহু অবাস্তর বিভাগ আছে। ইহাদিগকে নিজম্ব ও পরশ্ব বিভাগ বলে। সমূদয় লইয় বিরাট বিখ। বিখের ছই বিভাগে ছইটি কেলু আছে, ইহার মধ্যে যে কেলু নিয়দপ্তভাগের সহিত সংশ্লিষ্ট তাহা সুমেরু, আর যাহা উর্দ্ধ সপ্তলোক সংশ্লিষ্ট তাহাকে ঞ্ব-কেন্দ্র বলে। **ঞ্ব-কেন্দ্র অপেক্ষাকৃত ধীর স্থির, ই**হাকে অবলম্বন করিয়া ব্যক্ত জগৎ আপন গন্তব্য পথে ধাবিত। এই কেন্দ্ৰই মহৎ-যোনী নামে খ্যাত। ইহা হইতেই ব্ৰশের क्रग्रदिकानिनी मेळि माकार सृष्टिकादिनी नोक नहेंग्रा विविध-বেশে চিত্র-বিচিত্তরপ জগৎরচনায় প্রবস্ত। একই শক্তি এই

স্থান হইতে বিবিধবেশে দৃগ্যমান। এই স্থির কেন্দ্রেই মহাকাশ-বিক্লিপ্ত গুহু তেজোভাদ বা তড়িতকণা একত্রিত হইয়া তৈজ্ঞ কেন্দ্রে পরিণত। এই তৈজদ কেন্দ্রেই স্বরং সম্যুক তেজ লোকপিতামহ ব্রহ্মারূপে অবতীর্ণ। উত্তাপরূপ তপস্থা দ্বারা তিনি উক্ত তেকোময় কেন্দ্ৰ হইতে তেজকণা বিকীৱিত কবিয়া পর্যায় ক্রমে চতুর্দশ লোকের রচনা করিয়া, ভাহাদের যথাযথ স্থানে সন্ধ্রিবেশিত করিয়া থাকেন। বস্ত্রের যেরূপ, সর্ব্বাক্তে সূত্রাবলী বিস্তীর্ণ থাকিলেও তাহার ছই পার্শ্বের এই কেন্দ্রে নমষ্টি ভাবে স্তত্তনিকর গ্রাপত থাকে,তেমনি এই ব্রহ্মাণ্ডব্যাপী শক্তি সূত্তে বস্ত্রথতের তায় তুই পার্ষের তুই কেন্দ্রে সমুদয় বিশ্বব্যাপী শক্তিনিকর সমষ্টিভাবে বিশ্বমান থাকে। তাহাকেই স্চরাচর ক্রব ওঁ সুমেরু নামে ব্যাখ্যাত করা হয়। এই ছই কেল ধরিয়াই জীব সংসার-ক্ষেত্রে **আগ**মন ও নির্গমন করিয়া **থাকে। ইহাই** र्यानि, वर्षा कार्र नात्म बाज । र्यानिशन छर्कर्यानी, वर्षा জ্রমধ্যস্থ বিদল চক্রে মন স্থাপন করিয়া সংসার-ক্ষেত্রের পরপারে গমন করিয়া থাকেন। ইহাতে ব্রহ্মের অন্তঃস্থ কামনা বা কারণ প্রকাশ্র কার্য্যব্ধপে বিকশিত হয় বলিয়া, এই কেত্রের অপর নাম আজ্ঞাচক্র, অর্থাৎ এই স্থান হইতে, ব্রহ্মার ইচ্ছা ক্রিয়াতে পরিণত। তাই ইহাকে কর্মক্ষেত্রও বলা হয়। এই ক্ষেত্রে যোগবলে যোগিগণ, প্রাণক্রপ মহাবীর্য্যকে সংস্থাপন করিয়া, উর্দ্ধরেতা নাম ধারণ করেন। এই ক্ষেত্র সংসারের পর পারে যাইরার পছা বা ঘাট বলিয়া ইহার অপর নাম কূল। ইহাতে জ্যোতির্মন্ন গুহুতেজ কুগুলে কুগুলে অর্থাৎ সার্দ্ধ ত্রিচক্তে অবস্থান করে বলিয়া, ইহাকে কুগুলিনী শক্তিগু বলে।

বিকশিত সমষ্টিতেজ হইতেই জগতের বিকাশ, আর উহার অব্যক্তত্বেই জগতের লয়। কুগুলিনীরূপ মহাক্ষেত্রে যখন অব্যক্ত তডিৎরূপী গুহুতেজ সমষ্টিভাবে আসিয়া দর্শন দেয়, তথনি কারণ কার্য্যে পরিণত হয়। অব্যক্ত সন্তা জীবরূপে সাকার দশু বস্ততে পরিণত হয়। যে যোগিগণ মুক্তিপথের কামনা করিয়া, যোগাভ্যাদে রত হন, তাঁহারা প্রবল ইচ্ছাশক্তির উত্তেজনায়, উক্ত সার্দ্ধ-ত্রি-কুণ্ডলে কুণ্ডলিত কুণ্ডলিনী শক্তিকে সরলভাবে পরিচালনা করিয়া, অবহেলে সংসার সমুদ্র উত্তীর্ণ হইয়া, পরম কারণে সমিলিত হন কুণ্ডলিনীর ত্রি-আবর্ত্তেই, সন্ধ, রন্ধ, তম, ত্রিগুণের ত্রি-কেন্দ্র বর্ত্তমান। ত্রিগুণের ত্রিকেন্দ্র, পরিহার করিলে পর, তবে গুণাতীত নিগুণ তব লাভ করা যায়। তাই সাধক, যোগরূপ ক্রিয়াছারা. উক্ত. কুণ্ডলিত তেজকে, তাহার স্বরূপে লইয়া গিয়া সমুদ্য মনো-ব্বতিকে, পরিপূর্ণ করিয়া, দর্কাঙ্গস্থন্দর হইয়া, শেষে সেই দর্কাঞ্চ-স্থুন্দরে পরিণত হন। যে রন্তির যে স্বভাব, তাহার সমাক পরিপুষ্টতা ব্যতীত, কখন সর্কাঙ্গস্থন্দর হওয়া যায় না। এই সর্বাঙ্গের পরিপুষ্টতা কখন একজন্মে কাহারও সংসাধন হয় না। শত শত কম ইহার জন্ম অতিবাহিত হইলে, তবে এক এক রভি, পরিপুষ্ট হয়। যোগিগণ, যোগবলে, শতজন্মের ফল একই জন্ম ভোগ করিয়া লন। যে রভির যাহা প্ররন্ধি, সেই প্ররন্ধির

পরিপুষ্ট বা ভোগ ব্যতীত কখন তাহার সর্কাঙ্গ পূর্ণ হয় না। তাই কোণবৃত্তির সর্কাঙ্গণিতার জন্ম যোগীকে রাক্ষণাদির ভাবে ভাবাদ্বিত বা তৎভাবযুত দেহ পরিগ্রহণ করিতে হয়। হিংসার জন্ম
হিংশ্রক ব্যাঘাদির রূপ ধারণ বা তৎভাবযুত হইতে হয়। কামবৃত্তির
অনুশীলনের জন্ম কামপরায়ণ গন্ধর্কাদির মৃতিতে পরিণত হইতে
হয় অথবা সেই ভাবের ক্ষুর্ত্তি করিতে হয়। যাহা প্রকৃতিগত,
সাধারণ জীব, শত শত জন্মে ভোগ করে, যোগী স্বাধীন ইচ্ছাবলে একই জীবনে তাহা সভোগ করিয়া সর্কাঙ্গের পরিপুষ্টতা সাধন
নিবন্ধন সর্কাঞ্জন্মরে পরিগণিত হন। সেজন্ম যে স্বল হইতে, এই
উর্জ লোকে আরোহণ করা যায়, সাধারণতঃ তাহাকেই উর্জ
ক্রেম্ব বলা হয়।

লোকস্টি সধ্যদ্ধ মনুস্থতিতে এইরূপ বর্ণিত আছে। এফারূপ স্টিকারী শক্তি মনের উদ্ধার করিয়া তাহাতে অহং অভিমান (অর্থাৎ দান্তিক, রাজসিক ও তামসিক বা ত্রিতব সমন্বিত
অহং জ্ঞান) ও স্ক্র পঞ্চতনাত্রের স্ক্রতম অবয়ব সমন্তি
তাহাদের বিকারজ ইন্দ্রিগ্রামকে পঞ্চল্তের সহিত সংযোজিত
করিয়া সমন্ত জীব স্টি করিলেন। এই স্ক্রতম ছয়ট অবয়ব
মৃক্ত তর্বই ব্রহ্মার শরীর নামে কবিত। ব্রহ্মা এই আপন
শরীরকে দিবা করিয়া, তাহার অর্ক্ষেক অংশে পুরুষ ও অর্ক্রেক
নারী স্টি করিলেন। এবং সেই নারীয় পর্ভে বিরাটকে উৎপাদন করিলেন। এস্থলে শান্ত যাহাকে বিরাট পুরুব আবা।
দিতেছেন, তাহা পুর্ববর্ণিত স্ক্র হিরণ্যগর্ভের স্কুল অবস্থা মাত্র।

ছুল দেহের অভিমানি সমষ্টিশক্তি, অথবা দেব, মহুত্ব, পভ, পক্ষী, কীট, পতঙ্গ, রক্ষ, পর্বতে, সমুদ্র, ভূমি প্রভৃতি সমগ্র সূত্র জাগতিক শক্তি বা চতুর্দশ ভুবনের কেন্দ্র, বা খনীভূত স্থুল সমষ্টিকে বিরাটপুরুব বা বৈখানর বলে। ঐ বিরাটপুরুবে তুই ভাব বর্ত্তমান আছে। ইহাদের পরস্পর আকর্ষণ ও বিকর্ষণ হইতে, মহান একার্ণব-সমুদ্র বিচলিত হইয়া, উহার তেজ অংশ, অর্থাৎ পুংবিভাগ হইতে অসংখ্য তেজপ্রধান গ্রহ, নক্ষত্র ও সূর্য্যাদির তায় তেজ-প্রধান আধারের বিকাশ হয়। স্বার উহার জলীয় অংশ বা স্তী অংশ হইতে চলুগদির ভায়, শৈতাপ্রধান আধারের বিকাশ হয়। চক্রে শৈত্যাধিকা দর্শন করিয়া, শাস্ত্র-কর্তারা চক্রকে, সমুদ্রের পুত্র বলেন। পুরাণে বর্ণিত আছে, যে সমুদ্রমন্থন কালে, সমুদ্র হইতে চল্লের উৎপত্তি হয়। সে কারণ চল্র সমুদ্রের পুত্র বলিয়া গণনীয়। অর্ণব আধিক্যে চল্লের উদ্ভব বলিয়া, পুরাণে এই রূপক কল্পিত হইয়াছে। চল্রে শৈত্যাধিক্য বলিয়া, চন্দ্রকরে তরু, লতা, তুণ, গুল্ম, জীবজন্ত ইত্যাদির পরিপোষণ হয়। চন্দ্রকে সে কারণ ওষধাধিপতি বলা হয়। আবার চল্রে হর্ষ্যের সৌরকর নিপতিত হওয়াতে, চল্রে তৈজসতত্তও অমুভব করা যায়। তাহা ছাড়া চল্লে সম্পূর্ণ তৈজ-সাভাৰত নাই। চল্লে শৈত্যাধিকা হইলেও, তৈজন অংশও তাহাতে যে আছে, তাহা বুঝা যায়। কারণ বিতর ছাড়া জগতে কেহুই বৰ্দ্ধমান থাকিতে পাৱে না।

এই বিতত্তই বেদের অগ্নি ও সোম। অগ্নি তেজপ্রধান

বলিয়া, অগ্নি সম নামে খ্যাত। সমই পুরুব, এই সম, সামান্ত তৃণ গুলাদি হইতে দেই জগতের শেষ কারণ পর্মপুরুষে গিয়া নিঃশেষ ৷ যাহাকে শান্ত সকল কারণের কারণ, অথবা এক বারে অকারণ (কেন না ষাহাতে গিয়া আর কোন কারণ কেহ খুজিয়া পায় না) বলিয়া নির্দেশ করেন, তিনি মহাসাম্যময়, সেজ্য তিনি এক মাত্র পর্য তেজ বলিয়া কবিত। অগ্নাদি তেজপ্রধান বস্তু মাত্রকে সেজন্য সম নামে অভিহিত করা যাঃ। পৃথিবীর সম, অগ্নি। জগৎ যথন চতুর্দশ লোক লইয়া বিস্তৃত, তখন ঋষিগণ যে লোকের যাহা 'সম' তাহার তত্ত্ব নির্দেশ করিয়া তাহার আরাধনার জন্ম তৎপ্রদেশস্থ অধিবাদীদিগকে তৎনামযুক্ত 'সম' শক্তির আরাধনার প্রব্রত করিতেন। তাই বেদের প্রথমে দেই সমতাপ্রধান পর্ম পুরুষকে অগ্নিনামে অভিহিত করা হইয়াছে। এই অগ্নি দেই পরম অগ্নি হইলেও দেশ, কাল, পাত্র, অবস্থা যুক্ত স্থগত মধ্য হইতে তাহাকে স্থতি করা হইতেছে বলিয়া, ইহাকে উক্ত লোকের গুণ ধর্ম অনুসারে অগ্নি নামেই সম্বোধন করা হইয়াছে।

সোম, জলপ্রধান বলিয়া, সোম নারীভাবযুক্ত, সুতরাং সোমে বৈষম্য শক্তির প্রবলতা। ইহাও দৃশু-জগতের সামাত্ত ধূলিকণা হইতে অবশেষে সেই ব্রন্ধের জগদ্বিকাশিনী ব্রান্ধীশক্তি বা মহামায়ায় গিয়া নিঃশেষিত। মায়া, শক্তি, সমুদর দৃশুপ্রপঞ্চের কারণ হইলেও, মায়াতে বয়ং স্টেদামর্থ্য নাই। স্টেদামর্থ্য কেবল মাত্র দেই একমেবাদিতীয়ং সং

সভাতেই আছে। সতের ভাব, বা ইচ্ছা বলিয়া প্রকৃতি স্বভাব নামে অভিহিতা, অৰ্থাৎ স'তে যখন যে ভাব সমূত্ৰত হয়, তাহাই তাহার স্বভাবে প্রতিফলিত, সেজগ্র স্বভাব 'সতে'র, বা প্রকৃতি পুরুষের অধীন। সোম, অথবা বিষম শক্তি তাই সম নামক প্রথম শক্তির অধীন। এ কারণ সোম অগ্নির অধীন। স্থল-জগতে তাই সূর্যোর সৌরকর নিপতিত হওয়াতেই চক্রের উজ্জলতা। সোম রসপ্রধান। রসেই স্থিতি স্থাপকতা গুণ পাকাতে চক্র স্মূদয় রসের আধার। চক্রের স্লিম্ক করে সমূদয় বুক্ষ লতা সঞ্জীবিত হয়। চন্দ্রই সোম নামে বিখ্যাত, চন্দ্রের নিম্ব গুণ যে ওষধিতে অধিক, অর্থাৎ বাহা অধিক নিম্ব ও পুষ্টি-कातक, वाटा ट्टेर्ड नमूलम नतीरतत तनधाडू नमिक উष्क्रन ७ পুষ্টতা প্রাপ্ত হয়. তাহাই সোমলতা নামে বিখ্যাত। ইহা শরীরের রসধাতু অর্থাৎ সায়ুচক্রের সমধিক, তেব্দবর্দ্ধক বলিয়া ঋবিগণ কর্ত্তক জ্বডাশ্রিত নর-নারীর পরম ঔষধন্ধপে ইহা ব্যবহৃত হইত।

ব্দা হইতেই বিরাটের বিকাশ, ব্রহ্মার একই শরীরের ত্ই
বিভাগে ব্রী ও পুরুষ নামধ্যে তুই তত্ত্ব বিভ্যান। তেজবিভাগ
পুরুষ ও জলবিভাগ নারী। তুই অংশেই ছয় ছয় বিভাগ।
ইহাই ব্রহ্মারূপী স্টেশক্তির বিরাট দেহ, আর ইহার অভ্যন্তরন্থ
সমষ্টিশক্তিই ব্রহ্মা বা দেহী। উক্ত কেন্দ্রীভূত তড়িৎসমর্টিই
ব্রহ্মাণ্ডের স্থামের কেন্দ্র নামে অভিহিত। ব্যক্ত জগতের তৈজ্ঞসতত্ত্ব আগি, স্থ্য, ইহারাই এই দৃশুজ্গতের পুরুষ নামে ক্থিত।
জগৎ স্থুল, তাহার ব্যক্ত তৈজ্ঞস-তত্ত্বও সে কারণ স্থুলরূপে অভি-

ব্যক্ত। পৃথিবীর উপাদান অনুসারে অগ্নিই পৃথিবীর হথার্থ তৈজস্তত্ব। তৎপরে স্বর্য্য; আর চন্দ্র ও অর্থবই ইহার গ্রীতত্ব। পৃথিবীর পার্থিব-কেন্দ্রেই বিরাটি বা ঘনীভূত অবস্থা; পৃথিবীর পার্থিব-কেন্দ্রেও চতুর্দশ ভূবনের কেন্দ্রে একই উপাদান বিজ্ঞান। আমাদের অধিষ্ঠানভূত স্থুল জগতের হাহাকে সচরাচক ত্রিতত্ব নামে কল্পনা করা হায়, তাহা সাধারণতঃ অগ্নি, জল ও ক্ষিতি, ইহাই বৈজ্ঞানিকের কঠিন, বায়ব ও তরল নামক ত্রিতত্ব; ইহারই অপর নাম স্বর্ধ্য, চন্দ্র, পৃথিবী।

যে স্ক্র অহংকার ও পঞ্চ তমাত্র হইতে জগতের স্ক্র স্প্টিতরের উত্তব, তাহাই ব্রহ্মার অবয়ব। তাহারই অর্ক্ল বিতাগে পুংতর ও অর্ক্ল অবয়ব নারীচিহ্ন বর্তমান। এই উভয় তর হইতেই
ত্বল দেহের উৎপত্তি। উভয় বিভাগই ছয় ছয় তর সমযিত।
যে তরে নারীভাগের বিকাশ তাহা অর্ণবীয় কেন্দ্র ও বাহাতে
পুংভাব অভিবাক্তন, তাহাকে তৈজস্-কেন্দ্র কহে। এই ছই
বিভাগ হইতে সমুদয় স্কুল জগতের বিকাশ। কি গ্রহ, কি নক্ষত্র,
কি চল্ল, কি স্বা্র্য, কি মানব, কি দেব সর্ব্বত্রই সর্বাধার এই
একই নিয়মে নিয়মিত। ব্যক্ত জগতেও সেইয়প যাহাতে
তেজতরের আধিক্যা, অর্বাৎ যাহা কর্ত্ব্যপ্রধান তাহাকে
পুক্রয়, ও যাহাতে ভাবাধিক্য বা মনের প্রভাব অধিক তাহাকে
ত্রী নামে পরিচয় দেওয়া হয়। ইহারাই ব্যক্ত জগতের
পিতৃ ও মাতৃ স্থানীয়। ইহা হইতে সমুদয় জগৎ ও জাগতিক
বস্তর বিকাশ। এ স্থলে তেজ ও জল পিতৃ ও মাতৃ স্থানীয়।

তাহাদের পুত্র স্থানীয় পার্থিবকেন্দ্র বা চতুর্দশ ভূবন। উহার আধার বা দেহই জীবজন্তু-সমন্বিত পৃথিব্যাদি চতুর্দশ ভূবন।

যাহা হউক, ইহা হইতে প্রতিপন্ন হইতেছে, যে ছুল জগতের ব্রিতন্ধ অগ্নি, জল, ও ক্ষিতি। ছুল তেজের শরীর অগ্নিও হর্য্য, ছুল জলের শরীর চল্র ও সমুদ্র, পার্থিবকেল্রের শরীর পৃথিবী ও পার্থিব পদার্থ। এই ত্রি-উপাদানই ছুল জগতের পার্থিব কেল্র। আবার ইহা অর্থাৎ এই একই বস্ত চতুর্দশ ভূবনের মহান কেল্র। ইহাকেই শাস্ত্র বিরাট কহেন। বিরাটের জলই বিস্তীর্ণ দেহ বা শ্যা, উহাই ক্ষীরোদক নামে কল্লিত। উহার অভ্যন্তবন্ধ পরম সভাই বৈখানর বা বিজ্ঞ।

মহাকাশ বা মহাকাল কারণ জগতন্ত ব্রদ্ধ, বা ঈশরের আধার, উহার অন্তঃস্থ গুণ ই মহাশব্দ ও মহাগতি, তজ্জন্ত তৎশারী পুরুষ মহাবিঞ্, কারণাদ্ধিশারী প্রথম পুরুষ নামে কথিত। ইহা খেতবর্ণ বা বিগুদ্ধ-সম্বন্ধান্তর ক্ষা জগতন্ত ব্রহ্মা বা হিরণাগর্ভের দেহ অহংকার ও ক্ষা পঞ্চতনাত্রের ক্ষা অবয়ব স্বরূপ তৈজ্ঞাবা তেজমুক্ত, দ্বীভূত মহা মানসতন্ত-ব্রহ্মায় শক্তির বিকাশ বলিয়া ব্রদ্ধা রক্ষগুণীয়, বা সাক্ষাৎ প্রেন্তিমূলক ক্রিয়াশক্তি। ইহার বর্ণ লোহিত বলিয়া কল্পনা করা যায়। তৃতীয় পর্যাধ্যের দেহ বা আধার চন্দ্র, ক্ষা ও পৃথিব্যাদি গ্রহ নক্ষত্র সমন্বিত বিশ্ব কিংবা তৎসমুদ্ধের উপাদান অগ্রিজ্ঞা ও ক্ষিতি। তৃতীয় পর্যাধ্যের কারণ সমধিক অবকাশযুক্ত আকাশ পরিব্যাপ্ত বলিয়া উহা স্বভাবতঃ স্থিতিশীল। যাহাতে

স্থিতিস্থাপকতা বিভাষান তাহা নীলবর্ণ নামে কল্পিত। ভাষাতে যে পুরুষ শারিত থাকেন, তাঁহার দেহকে সেঞ্জন্ত নীলাভ বলিরা কল্পনা করা হয়।

জগতের মূলে যে কারণসমষ্টি বর্তমান, তাহাতে কালাগমে "একোহহম বহু স্থাম" ভাব উদিত হইয়া জগৎস্টির কারণ হয়। সেই কামই জগতের তৃতীয় পর্য্যায়ে, অথবা চিন্তাকাশে আসিয়া যথার্থ ব্যক্তপথে বিকশিত হয়। সেই অব্যক্ত কামের কামকণিকা বহন করিয়া, তৃতীয় পুরুষ বৈশ্বানর বা বিষ্ণু বিরাট মূর্ত্তিতে বিশাল জগতে আবিভূতি। বিরাটেই হুই তব্বের পূর্ণ বিকাশ, অর্থাৎ রূপ ও রস বা সৃষ্টি ও স্থিতি। বিরাটক্সপী বিষ্ণু, তচ্ছক্তির সহিত মিলিত হইয়া তাহার হুই তন্তকে সধা-দখিভাবে লইয়া জগৎ রূপ ব্র**জ**-ধানের কুঞ্জন্নপ কেন্দ্রে কেন্দ্রে বিহারপরায়ণ। তিনি যথন যে কুঞ্জে, বিহারণীল তাঁহার সখা স্থিগণ তখন তন্তাবে স্জ্জিত। তাঁহার বংশীর তালে তালে বিশাল ব্রহ্মাণ্ড সতত নৃত্যরত। ম্পন্দন ও শব্দ মহাকাশে মহাজ্যোতি ও মহাগতিতে অভিব্যক্ত, বন্ধালোকে তাহাই বাণী ও বীণা। তৃতীয় পর্যায়ে তাহাই বংশী নামে কল্পিত। অব্যক্ত মহাশব্দে যেমন সমুদ্য জগৎ-তব নিহিত, বীণার মধুর ঝংকারে যেমন সমুদয় মনোচ্ছাদ স্বিগ্রন্ত, বংশীর রন্ধ্রে রন্ধ্রে তেমনি স্ষ্টের সমুদ্য ভাব উচ্চুসিত। তাই চিত্তরূপ রন্দাবনে মধুর বংশীরবে চরাচর উচ্ছ্রসিত হইয়া নৃত্য বা স্পন্দন-যুক্ত। যে শব্দ মহাকাশে "পরা বাক্," চিদাকাশে "পশুন্তি," তাহাই তৃতীয়ে মধ্যমা। ইহার ধ্বনি স্বভাবের গতিতে ধ্বনিত, সেই স্বাভাবিক গতিই শ্বাস ও প্রশ্বাস। সেজন্ত এই বংশী সতত নিশ্বাস-প্রশ্বাসে বাহারত।

তৃতীয়ের যাহা সন্তা শক্তি ও বস্তা, তাহাকেই তেজ জল ও পার্থিব কেন্দ্র বলা হয়। তেজের যাহা তৈজসূত্র, তাহাই অগ্নি ও স্থ্য, জলের যাহা রসাধার, তাহাই চল্লে ও সমুদ্রে বিকাশ। বস্তুর যাহা বস্তুত্ব তাহা পৃথিবী ও পার্থিব তব্বে নিহিত। এই ত্রি-প্র্যায়ের ত্রি-তব্বই সন্তা, শক্তি, ও বস্তু নামে বিখ্যাত।

## পঞ্চম অধ্যায়।

\*\*

## জগতের চতুর্থাবস্থা।

কারণ, কার্যা, ও আধার।

চতুর্থাবস্থা বলিলে, মফু প্রভৃতি মানসপুত্রগণের স্ষ্টিকাল বুঝার। বাঁহারা ব্রহ্মা কর্ত্ক ব্যক্ত স্টির দিতীর পর্য্যারে স্ষ্ট হিয়া, জগতে বিশুদ্ধ রক্ষণজ্ঞির বিকাশ করিয়াছিলেন। বাঁহা-দের বারা সম্পদ্ধ চরাচর প্রাণশক্তিতে ভাসমান হইয়া জীব নামে কবিত হইয়াছিল, সেই অবস্থাই জগতের চতুর্থ অবস্থা। যে অবস্থার অপরিচ্ছে ব্রহ্ম বস্তু, কাল কর্ত্ক ক্ষিত হইতে হইতে প্রথম (অপরিচ্ছের বা আত্মার প্রকৃত অবস্থা) দিতীয় (বা স্ক্র (ও তৃতীয় (বিরাট)) অবস্থা পরিহার করিয়া, দেশ কাল পাত্র অবস্থার অধীনতা স্বাকারাস্তর দশচক্রে (দশ ইক্রিয়ে) সীমাবদ্ধ আবারে ভূত (স্থুলয়পে) বেশে ব্যক্ত সংসারে অবতীর্ণ। যে অবস্থার অব্যক্ত মহাকারণ চিতা কাশ ও জড়াকাশে ভাবাস্তরিত, যে অবস্থার সমষ্টি জ্ঞান ও চৈতগ্র ব্যক্তি চিদাভাস বা চিছিম্বে পরিণত হইয়া, অব্-পরমাণুরপে জড়াকাশে ব্যবস্থিত, সেই অবস্থাকেই চতুর্ধাবস্থা বলা হয়, অর্থাৎ অব্যক্ত মহান্তর যেখানে

আদিরা তাঁহার হুর্দমনীয় কামনা সংযত করিয়া সাঁমায় আবদ্ধ হুইরা পড়েন, যে স্থল সৃষ্টির প্রবৃত্তিমার্গের শেষ সীমা,—যে স্থলে উপনীত হুইয়া সৃষ্টি আবার তাঁহার স্বরূপে ঘাইবার প্ররাস পায়, তদ্ববিদ্গণ তাহাকেই চতুর্ধাবস্থা কহেন।

স্টির তৃতীয়াবস্থা বিরাট বা বৈশ্বানরের স্টি। এই অবস্থায় স্ক্র সৃষ্টি বিরাটে অভিব্যক্ত, সুতরাং যে লোকের যাহা কারণ ও কাৰ্য্য, এই ক্ৰম হইতে সে তাহাতে যথায়থ সন্নিবেশিত ও বিস্তৃতি লাভ করে বলিয়া ইহা স্থিত কাল নামে প্রাসদ্ধি, সে জন্ম ইহার ত্রি-তত্ত্ব সন্তা শক্তি,বস্তু,বা কারণ,কার্য্য,ও আধারনামে কল্পিত। স্থিতি-কালে চিন্তাকাশের অভিব্যক্তি। চিন্তাকাশ মহাকাশের ততীয়া বস্থা কর্ত্তার ইচ্ছায় কর্ম্মের বিকাশ, কর্ত্তা প্রথমাবস্থায় একা, কাজেই তাঁহার কর্ম তথন তাহাতেই লীনা কর্ত্তা ছাড়া সেই অবস্থায় কর্ম্ম খুঁজিয়া পাওয়া অসম্ভব, তাই কর্ডা তখন "একম্" কিন্তু "একম্" হইলেও, কর্ম্মের অস্তিত্ব কর্তায় যে আছে একণা তুখনও স্বীকার্য্য, নত্বা তাহা যদি সেই সময় কর্তায় না থাকিয়া পরে অন্ত কোন স্থান কিংবা অন্ত কোন কারণ হইতে সম্ভূত হইত, তাহা হইলে কর্তার "একম্" কর্ত্ত্ব ভবিশ্বতে কোনমতে বক্লিত হইতে পারিত না। সে জন্ম বলিতে হইবে, সেই সময়ও কর্তার মধ্যে কর্ম অবস্থিত ছিল, কেবল কর্তার একাধিপত্য কর্তুরে তাহার কারণে তথন তাহা সমাচ্ছন্ন বলিয়া কার্যাও কারণে অথবা কর্ত্তার ও কর্মে কোন ভেদাভেদ ছিল ন।। সেই অবস্থা অব্যক্ত ও নিত্য নামে প্রসিদ্ধ। শান্ত্রবিদ্গণ ইহাকে পর্ম তত্ত্ব

বলিয়া নির্দেশ করেন। ইহার পরে কর্তা আর এক অবস্থায় উপনীত হন। যখন তাঁহার মহামানদে সৃষ্টিকাম ঘনীভূত হয়, এবং তাহা ভাবাবেশে দ্রবংশ্ব প্রাপ্ত হইয়া, সক্ষভাবে পরিবর্দ্ধিত ও বিস্তৃত হয়। এই অবস্থায় ঐ কারণ প্রধান বস্তু কথঞ্চিত ক্রিয়া-শীল হন বলিয়া উনি জ্যোতিৰ্ময়ী চিদাভাসযুক্তা মূলা প্ৰকৃতি বা সচিচদানন্দের সং চিৎ স্থানন্দ যুক্তা শক্তিময়ী প্রকৃতি যুক্ত ঈশ্বর বলিয়া উল্লিখিত হন। ইনিই দার্শনিকের ফুল্লাকাশস্ত তত্ত ও বৈজ্ঞানিকের জ্যোতির্ময়ী চিদাকাশস্থ সন্তা। পরে ঐ কর্তা বধন উক্ত ফুল্ম প্রপঞ্চ পরিহার করিয়া, স্থুলরূপে বিরাটে পরিণত. তখন অভ্যন্তরত্ব মহাশক্তি ও সুলপ্রপঞ্জপে অভিব্যক্ত, এই স্থুল প্রপঞ্চ চিন্তাকাশ; ইহাই ভৌতিক প্রপঞ্চের মূল। সমুদয় স্থুল বস্তু এই স্থুল কারণে স্থিত। নিরাকার চিদ্বিম্ব বা মানসাণু যে আকাশে তড়িদণু বা পরমাণু নামে কল্লিত। সমু-দয় ভৌতিক প্রপুঞ্জের মূল বলিয়া ইহার অপর নাম জড়াকাশ। যে অবস্থায় সৃষ্টি লোকদল্লিবেশ সমাপণ করিয়া জীবস্টিতে অবতরণ করে, সেই অবস্থায় ঐ দর্মব্যাপী একত্ব স্ক্ষ বস্তুতে সমুদর ব্যক্ত সৃষ্টি ভাসমান হয়। যে অবস্থাতেই ঐ প্রাবস্ত ব্দবস্থান করুন, সর্বব্রেই জাঁহার হুই ভাব। তবে কোণায় ব্যক্ত, কোধায় অব্যক্ত। অব্যক্তে, তিনি পুরুষ ও তাঁহার অন্তরন্থ শক্তি মায়া। সক্ষে তিনি ব্ৰহ্মা বা পুরুষ, তাঁহার অন্তরম্ব শক্তি প্রকৃতি। স্থুলে তিনি অগ্নি, ও তাঁহার অন্তরন্থ শক্তি জল বা সোম। ব্যক্তে তিনি সম ও তাঁহার অন্তরন্থ শক্তিই বিষম নামে প্রসিদ্ধ।

স্ষ্টি চারিভাগে বিভক্ত, স্থাবার প্রতি চারি ভাগই চারি 
চারি ভাগে বিভক্ত, প্রতি ভাগের বিনি স্বস্ত্যন্থ মহাসন্ধা, তিনিই 
প্রপিতামহ পদবাচ্য।

যাহা হউক, সৃষ্টি যথন ভুলপ্রপঞ্চে পরিণত হইল, তখন তাহাতে জীব আসিবার কাল সমাগত হইল। এই জীবস্টির কালই চতুর্থবিস্থা বা মন্থুর কাল নামে প্রসিদ্ধ। কেন এই স্প্রী মফুরকাল নামে কণিত হইল, তৎসম্বন্ধে বুঝিতে হইলে, শাস্ত্রপথ অবলম্বন করিতে হয়। মহুসংহিতায় উক্ত আছে,—ভগবান মহু মহাপুরুষগণ কর্তৃক আদিষ্ট হইয়া যথন সৃষ্টিকাহিনী বর্ণনা করিতে প্রবৃত্ত হইয়াছিলেন, তখন তিনি স্ষ্টীর দ্বিপর্যায় বর্ণনা করিয়া বিরাট পুরুষের স্ষ্টতে অবতরণ করিয়া বলিয়াছিলেন যে, হে মহাপুরুষণণ দেই বিরাট পুরুষ, যাঁহাকে বহু তপস্তা দ্বারা স্বয়ং সৃষ্টি করিয়াছেন, সেই স্বামি এই মহু। এবং আমিও পরবর্ত্তী সৃষ্টির জন্ম তৃশ্চর তপস্থা করিয়া প্রথমতঃ দশজন মহর্ষি বা প্রজাপতি সৃষ্টি করিয়াছি, এবং সেই দশজন আবার মহাতেজন্বী সপ্ত মকুর সৃষ্টি করিয়াছেন, এবং যে দেব সমূহকে ত্রন্ধা সৃষ্টি করেন নাই, অর্থাৎ যাহার দেহের পর্য্যায়ে পর্যায়ে স্থিত বলিয়া লোক সৃষ্টির পর জীব সৃষ্টিতে দর্শন দান করিয়াছিলেন। এমন দেবগণ ও তাঁহাদের বাদস্থান, ও অসীম-ক্ষমতাদম্পত্ন বহু মহর্ষি, যক্ষ, রাক্ষদ, পিশাচ, গন্ধর্ক, অপার, অসুর, নাগ, গরুড়াদি পক্ষী এবং পূথক পৃথক দেবগণ, বিহাৎ, বন্ধ, মেঘ, নানাবর্ণ, জ্যোতির্দণ্ড, ইন্তাধক, উল্লা, নির্বাৎ, অর্থাৎ ভূমি ও অন্তরীক্ষণত উৎপাতধ্বনি, ধুমকেতু, ধ্রুব ও অগন্ত্যাদি ও নানাপ্রকার জ্যোতিরুমগুলি কিরর বানর মংস্ত ইত্যাদি সৃষ্টি করিয়াছেন। পূর্ব্বোক্ত মহান্থাণ আমার আজাক্রমে তাঁহাদের উপযুক্ত স্থানে সন্নিবেশিত করিয়াছেন। মফুর এই উক্তি হইতেই বোধগম্য হয়, যে বিরাটের বিস্তৃতি, অর্থাৎ লোকস্টির পরই মফুরপ লোক-দেবতার আবির্ভাবের কাল। এই লোক দেবতার পরপর্য্যায়ে জীবের আগমন আনিবার্য্য। কিন্তু লোকদেবতা একেবারে কি প্রকারে জীবদেবতা ইইবেন, তাই তাঁহাকে আবার অপর দশজন মফুর সৃষ্ট করিতে হইয়াছিল। এই দশজন, দশ ইজ্রিয়ের অধিপতি হইয়া দেহরূপ আধারে সন্নিবেশিত হইয়াছিলেন। আয় তাঁহাদের রুত মরিচাদি সপ্ত জ্বন, দেহের প্রতিকোবের সপ্ত সপ্ত ত্বের পরিচালক জীবনী বা ক্রিয়া শক্তির রপ তড়িৎ প্রবাহ।

ব্রন্ধাণ্ডের চতুর্দশ লোকের চতুর্দ্দশ ক্রম লইয়। মানব দেহ
নির্মিত। তন্মধ্যে সপ্ত উর্দ্ধ, সপ্ত অধ। এই চতুর্দ্দশ ক্রমের সহিত
ব্রন্ধাণ্ডের চৌদ্ধ প্র্যায় সংযুক্ত। তাহারা যে স্পন্ধনে স্পন্দিত,
যে আভাসে আলোকিত, তাহা জীবের ঐ সপ্তক্রমে ব্যবস্থিত।
উর্দ্ধ ও অধ, অর্থাৎ নির্দ্ধি ও প্রবৃদ্ধি এই ফুইটি বস্ত উপরি উপরি,
নীচে হইতে উঠিবার সময় ও উপর হইতে নাবিবার সময়
উভয় দিকেই সেজকা সাত সাত প্রাপ্ত হওয়া যায়। সেজকা ইয়া
সপ্তনামেই কথিত হয়। পরবর্তী সপ্ত মহু, ঐ সপ্ত ক্রমের,
দৈবশক্তি,—সপ্তেই চৌদ্ধ স্থিত। প্রবৃদ্ধি ও নির্দ্ধি উভয় ওপেই

প্রত্যেকে বিভূষিত, তাই চৌদই স্বভাবতঃ সপ্ত নামে কল্পিত। **एमकन** हेल्पियां विश्वि सञ्चत शत छाँ हारा ते प्रश्व-জনের উৎপত্তি, কাজেই শুধু কল্পনা কল্পিত নহে ; তাহা বিজ্ঞানের গুঢ় বিজ্ঞানে ব্যবস্থিত। অর্থাৎ, দশ আসিলেই পরে সপ্ত আসিবে, তাই স্টেক্রমে দশের পর সপ্তের আগমন লিখিত হইয়াছে। দশ কর্ত্তক সমুদর স্থাবর, জঙ্গমাত্মক, রুহৎ সংসার ও তাহার অধিষ্ঠাতা জীবপর্যায় সংগ্রে আগমন করিয়াছিল। জীবগণের মধ্যে যাহার যেরূপ কর্ম ও যাহার যে প্রকার জন্মপর্যায় তাহা উক্ত সংহিতায় লিখিত আছে,জীবগণের মধ্যে যাহারা জরায়ুজ, তাহারা গর্ডকোষে জন্ম গ্রহণ করে, যথা মনুষ্য,রাক্ষন, পিশাচ, পশু, মুগ। জন্তু, ও তুই পুংক্তি দন্ত বিশিষ্ট জন্তু, ইহারা সকলেই গর্ভে জন্ম গ্রহণ করিয়া থাকে। পক্ষা দর্প, কুন্তীর, মংস্থা কচ্ছপ, এবং এই প্রকার স্থলজ নকুলাদি এবং জলজ তেকাদি, ইহারা অওজ অর্থাৎ অণ্ড হইতে উৎপন্ন হইয়া থাকে। দংশ, মশক, যুক, মক্ষিকা, মংকুন ইহারা স্বেদজ এবং ইহাদের সদৃশ অপরাপর পিপীলিকাদি প্রাণীগণও উন্মা হইতে জন্ম গ্রহণ করিয়া থাকে। সমুদয় উদ্ভিদ স্থাবর, ইহাদেরও বছবিধ বিভাগ বর্তমান। ইহারা জীবিত হইলেও ইহারা তম্সাক্ষর। ইহাদের অন্তরে চৈতক্ত আছে এবং ইহারা সুধ হঃখও অসুভব করিয়া থাকে।

মন্থ্যংহিতার এই স্টিপ্র্যায় হইতে ব্রা বায়, ত্রনা বেরণ স্কু ত্রনাণ্ডের অধিপতি, বিরাট বেরপ স্থূল ত্রনাণ্ডের অধিপতি, মন্থু আদি প্রকাপতি বর্গ সেইরপ এক একটী লোকের অধি- পতি। তাই বিরাট পুরুষ, অর্থাৎ তৃতীয় স্থাটির পরে মন্ত্র আবির্ভাবের কাল।

মত্ত্ৰ জাদি দেবতা বা সিদ্ধ মহাপুরুষণণ,হিরণ্যগর্ভরপ মহান মনের বা ঈশ্বরের এক একটা চিন্তাকারিণী সতা মাত্র। যথন উহা উক্ত মহামনের মধ্যে প্রকটিত হয়, তখন ঐ প্রত্যেক মনন, সেই মহামনের একটা একটা অংশস্বরূপ বলা যাইতে পারে। **ঐ** বিকশিত মননই, (অর্থাৎ ব্রন্ধার মহা মানস ক্লেক্তে) এক একটা সৌর জগৎ ও তদন্তর্গত গ্রহ-পৃথিব্যাদি স্টের এক একটী চিন্তাকারিণী দতা। উহাদিগকেই নব প্রজাপতি বা গ্রহাদির সূত্র মানস বা এক একটা প্রজাপতি মতু বলা হয়। উহারাই গ্রহাধিষ্ঠাত্রী দেবতা। ঐ স্ক্র মনোময় মহুতে, সূজ্ম জ্ঞানেভিয় কর্ম্মেন্ত্রিয় ও জৈবী সভার সভা বর্তমান, সমুদ্য হক্ষ জীবের অন্তিম আবার উক্ত গ্রহদেবতার এক একটা আন্তরিক সন্তা মাত্র। উহাই পঞ্চ-ভৌতিক দেহে অণুপ্রবিষ্ট হইয়া এক একটা জীব-জন্তরপ্র পরিণত। তাই গ্রহ-দেবতা মনু কর্তৃক স্থুল জীবের উৎপত্তি শাত্রদামত। কিন্তু তাহা হইলেও (অর্থাৎ মতু কর্তৃক) সমুদায় শীবজন্ত স্থজিত হইলে পর যে জীবের পাঞ্চোতিক স্থুল দেহে শ্ব গুণের বিকাশ না হয়, যাহার মন্তিক মধ্যে ব্লের চিন্তা-কারিণী সভাবা মানস প্রতিবিশ্বিত নাহয়, তাহা মানবনায়ে কলিত নহে। তাহা অপর ছুই পর্যায় মাত্র। যে পর্যায়ে দেহধারী জীবের মন্তিক সন্তময় মানসামু প্রতিবিধিত হয়, সেই পর্য্যার হইতেই জীব মানবকুলে উথিত হইয়া যথার্থ মানব নাষে কলিত হয়। ইহা হইতেই বুঝা যায়, প্রাকৃত পক্ষে পশুজ্ঞগৎ হইতে সাক্ষাৎ ভাবে মানবস্থাই হয় নাই। জড় জগতে যেরপ জড়ীয় উপাদানক্রম পরিবর্ত্তন হেতু শক্তির পরিবর্ত্তন হওয়ায়, উদ্ভিদ রাজ্যে জীবের বীজ প্রস্তুত হয়, এবং জীবরাজ্যে তাহার বিকাশ হয়, সেইরূপ প্রাদিতে লৈবোপাদানক্রম সংস্কৃত ও পরিবর্ত্তিত হইলে, ঐ জীবরাজ্যে মনের বীজ প্রস্তুত হইয়া ক্রমে ক্রমে তাহা মানবে অভিব্যক্ত ইইলেও, যতক্ষণ ঐ মভিষ্ক ভিতরে প্রকার সর্বত্তণক্র চিন্তাকারিশী সন্তা বা মানসদেবতার বিকাশ না হয়, ততক্ষণ উহা মানবরাজ্যে প্রতিষ্ঠা লাভ করিতে পারে না। তাই পশু হইতে একবারে সাক্ষাৎ ভাবে মানব স্কাই হয় না।

তবে, পশুৰণতে ভৌতিক ও লৈবোপাদান সংস্কৃত হইয়া
মনোময় কোব স্ট গুপযোগী হইলে, ক্লু পঞ্চল্যাত্রের সৰ্ভ্রণ
হইতে ইন্দ্রিয়াবিষ্ঠাত্রী দেবগণ ও তদপেকা উচ্চতর লোকের
মানস-পুত্রের ভাষাতে বিকাশ হয়। ঐ মানস পুত্রই মহৎ
ক্লেব্রেজ পুরুষ। ইহারই সাহায্যে ক্লেব্রেজ পুরুষ জয়ে জয়ে ক্ল্প
ছঃখ অমুভব করিয়া থাকেন।

মহুস্থতিতে তাই জীবের তিনটী উপাধি দেখা বাদ্ধ, একটী ভূতান্মা, একটী মহৎ, ও একটী ক্ষেত্রক্ত যথা :—

> বোহস্তান্মন: কারমিতা তং ক্ষেত্রক্ত প্রচক্ষতে। যঃ করোতি তু কর্মাণি স ভূতান্মোচ্যতে বুবৈঃ॥

যিনি এই শরীরকে কার্য্য করান, তাঁহাকে ক্ষেত্রজ্ঞ বলে, এবং কর্ম্ম প্রবৃত্ত শরীরকে পণ্ডিতেরা ভূতাত্মা বলেন। এবং শরীর ও ক্ষেত্রজ্ঞের অতিরিক্ত মহৎ সংজ্ঞক অন্তরাত্মা অন্তরে নিবাস করেন। ইনিই সর্বক্ষেত্রজ্ঞের সমভিব্যাহারী ক্ষেত্রজ্ঞ পুরুষ, জন্মে ক্ষুন্মে তাঁহারই সাহাধ্যে জাব সূপ হুঃধ ভোগ করিয়া থাকেন।

মমুর ভূতাত্মা ক্ষেত্রজ্ঞ ও মহৎ, এই তিন শ্রেণীতেই সমুদয় সৃষ্টি অভিব্যক্ত। ভূতাত্মা শব্দ পারিভাবিক সংজ্ঞা মাত্র। বৃক্ষ পৰ্বত ধাতু মৃত্তিকা ইত্যাদি হইতে সামান্ত বালুকা কণায় বে আত্মা নিবদতি করেন তাহাই ভূতাত্মা। তাই যাহাকে সচরা-চর জড় বলা যায়, তাহা প্রকৃত পক্ষে জীবশূক্ত নহে। কিন্ত তাহা বলিয়া জীবে যে ক্রিয়াশীল প্রাণময় কোষের ( যাহা পঞ্ ভূতের রঞ্জেণ্ডণ হইতে উদ্ভূত) বিকাশ আছে, উহাতে তাহা নাই। অবশ্রই সৃষ্টিক্রমাতুসারে, কোবে কোবে উত্তব, অর্থাৎ एख कगछ्त क्रमविवर्छानद्र निव्नमाञ्चरात्री कछ नमार्व छेडिएन, উদ্ভিদ কীট-পতদে, কীট-পতদ পশাদিতে বিবৰ্ত্তিত ও ক্ৰমে স্বড় রাজ্যের অক্ট জীবত্ব জীবরাজ্যের প্রাণময় কোবে অভিব্যক্ত হয়। বস্তুর পরিবর্ত্তন উহার আন্তান্তরীণ আকর্ষণ-বিকর্ষণ হইতেই আরম্ভ হয়। বস্তুতঃ ভিন্ন ভিন্ন বস্তুর সংযোগে, উহাদের বিভিন্ন গুণ উৎপন্ন হয়। ঐ বিভিন্ন গুণের কারণ আকর্ষণ ও বিকর্ষণ। মাকর্ষণ ও বিকর্ষণ হইতে বস্তুর আত্যস্তরীণ তেকের ক্রুবণ ও বিকীরণ হয়। ঐ বিকীরণ হইতেই বস্তর অণুসকল বিলিষ্ট হইয়া কঠিন বস্তুকে দ্রবত্বে, দ্রবকে আবার বাস্পে, বাস্পকে

আবার অণু-পরমাণুতে পরিণত করে। উহাই, অর্থাৎ তেজই ক্রমবিকীর্ণ বহিফুরিত হইয়া শীতলভাব ধারণ করিলে, ক্রমশঃ শীতল ও খনীভূত হইয়া মেঘ ও জলাকারে পরিণত হয়। আবার ঐ লগই কাঠিতে পরিণত হয়। আভান্তরীণ তেজই আকর্ষণ ও বিকর্ষণ বা সংশ্লেষণ ও বিশ্লেষণের মূল কারণ। ঐ তেজ শাবার গতি হইতে ফুরিত হয়। ঐ গতিকে আকাশীয় প্রবাহ বা পরম পিতার মহানিংখাস বলা হয়। গতি হইতেই, আকাশীয় পরমাণ মধ্যে কম্পন ও তাহা হইতে শব্দ উৎপন্ন হয় এবং উহাই ৰায়ু কৰ্তৃক বাহিত হইয়া ধ্বনিত হয়। কম্পন হইতেই প্রমাণ দকলের অভ্যন্তরে ঘর্ষণ উপস্থিত হয়, ঐ ঘর্ষণ হইতেই তেজ ও উষ্ণতার স্কুরণ, এবং পরে জ্যোতি বিকশিত হয়, উহাই রূপ বা তেজরপ পিতৃশক্তি। গতির ক্রততায় প্রথমাবস্থায় বস্তুর আভ্যস্তরীণ ঘর্ষণও অম্পৃষ্ট অমুভূত হয়। সুতরাং তেজ ও জ্যোতির সম্যক বিকাশ হয় না। তাই সেই অবস্থায় ঐ বস্ত ৰভ নামে কল্পিত, অৰ্থাৎ ঐ অবস্থায় তেব্দ সম্যক বিকাশ প্ৰাপ্ত না হওয়ায়, বস্তুর বিকাশ হইতে পারে না। তাই উহা খন পরিবর্জনে ক্রমাগত পরিবর্জন হইতে হইতে শেষে উল্লিচ আসিয়া, উহার উপাদানসকল ক্রমে অধিক রূপান্তর ও জল মৃতিকার সংযোগ হেতু ক্রিয়াশক্তি অধিক ফুরিত হওয়ায়, ঐ ক্রিয়াশক্তির অপেকারত ধীরভাবে দীর্ঘকাল স্থায়ী হয়। জ্ঞল হইতে বাম্প, বাম্প হইতে মেদ হইয়া তাহা অনতি-বিলম্বে ববিত হইরা যার। কিন্তু উদ্ভিদ্ন রাজ্যে আসিরা

উহার ক্রিয়া অধিকতর দীর্ঘকণয়ারিত্ব লাভ করে। এবং উহা ভিন্ন ভিন্ন ক্রিয়াবারা ক্রমশং সংস্কৃত হওয়াতে, উহাতে ক্রিয়াশক্তি অধিকতর স্থায়িত্ব লাভ করিয়া, ক্রমশং উহাকে ক্রমিক উন্নতিতে লইয়া আইসে। উহার গতি বা তৈজস শক্তি, ক্রিতিজাতীয় ভ্রিনীয়তত্বের উপাদানে ক্রমশঃ সংঘর্ষিত হইতে ইইতে উহা হইতে তুণ-গুল্লাদির বীজ উৎপন্ন হয়। ঐ বীজ ক্রমিক উপাদানে রক্ষে আসিয়া স্থায়িত্ব ভাবধারণ করে।

ঐ বীজই কোষাকারে শ্রেণীবছ হয়, উহাকেই হিন্দুশাস্ত্র
কোষয় ব্রন্ধ বা পিতৃশক্তি বলিয়াছেন। উহা এতাদৃশ্র হয়, য়ে
উহাকে দর্শন করা চর্মাচকুর অসাধ্য। যাহাইউক, ঐ কৈবী
উপাদান ও উদ্ভিদের সংঘর্ষণে, য়ে স্বেদক কীট-পতকাদির উদ্ভব
হয়, তাহাতে গতি ও ল্যোতির ক্ষুরণ অধিক মাত্রায়, তাই
উহার ক্রিয়া উদ্ভিদ কগত হইতে প্রত্তর। কিন্তু তখনও গতি
অতিক্রতভাবে চালিত হয়, তাহাতে উহার সংমুক্ত দেহে
কৈবীশক্তি অধিকক্ষণ স্থায়ী হইতে পারে না, উহার জীবিত
কালও তাই অত্যন্ধ পরিমাণে পরিমিত হয়। ইহা হইতে
অহমিত হয় মৃত্তিকা, জল ও ব্লক্ষ পত্রাদিতে অতি ক্লম ক্লম
জীবাণু সমষ্টি বর্ত্তমান আছে, উহারাই ক্রমশঃ উক্ত ক্রিয়ায়
সংকর্ষণে পুষ্ট ও পূর্ণতা লাভ করিয়া, শেষে অধিক ক্রিয়াশীল
ইইয়া স্রোত্রআকারে নিবদ্ধ হইয়া পরস্পর সন্মিলিত হয় এবং
দৈহিক ক্লম যদ্ভরূপে বিবর্ত্তিত হইয়া, ভোতিক দেহ নির্মাণ

করিয়া লয়। ঐ জীবাণ-গ্রথিত হত্রেবৎ হল্প দেহস্থ ক্রিয়া-শক্তিই প্রাণময় কোব নামে শান্তে উক্ত। এ প্রাণময় কোৰই গতি ও জ্যোতির সংকর্ষণ-ক্ষেত্র, উহাই আত্মার ভৌতিক ক্ষেত্র বা বাসস্থান। উহার ক্রিয়াতেই জীবের জীবত্বের ব্দতিব্যক্তি। দেহ, ইন্দ্রিয়, ও দৈহিক বন্ধনির্দ্বাতা জীবাণু সমষ্টিই বা উহার ক্রিয়া-স্রোতই মহুস্বতির ভূতাত্মা। দর্শন শাস্তে উহাই প্রাণময় ও অন্নময় কোষ নামে বর্ণিত। ঐ কুরিত প্রাণময় কোষযুক্ত অন্নময় কোষই জাব-জগতে বিকাশ। জড়রাজ্যের ষাহা আকর্ষণ ও বিকর্ষণ, তাহা গতি ও তেলের ফল হইলেও, উरारे वाष्टि ७ नमष्टि वन्त मात्वित्ररे च च खनाकूमात्री अक একটা ভাবের উদ্দীপক ও প্রকাশক হয় ৷ জড়রাজ্যে চৈতন্তের অবিকাশ হেতু উহা আকর্ষণ ও বিকর্ষণেই পরিচ্ছন্ন। কিন্তু জীবজনত সমধিক চৈতক্তময় বলিয়া, উহাতে উহা অনু-রাগ ও বেবভাবে অভিব্যক্ত। উপাদানের গুণামুদারে ইহাই আবার কাম, ক্রোধ, লোভ, মোহে পরিণত হয়। এই রন্তি-শুলি ভূতাত্মার, তাই ইতর জন্তুগণ সর্বাদা উহার রুত্তিবশে পরি-চালিত হয়। কিন্তু মানবঙ্গতে যথায় মনোময় কোষের বিকাশ, তথার উহা মনোময় কোবের ইচ্ছাসুভৃতি ও চিন্তার ছারার আসিয়া কিঞ্চিৎ উন্নত দশা প্রাপ্ত হয়। আবার উছাই মনোবৃদ্ধির ছায়ায় নিপতিত হইয়া, ভিন্ন রূপে অর্থাৎ জ্ঞান তক্তে শাসিয়া সৰ্ধিক পরিজহর হয়। কিন্তু উহার মূল অধিষ্ঠান ঐ ব্দরময় ও প্রাণময় কোবস্থ ভূতাত্মায়।

একণে কোব সম্বন্ধ কিঞ্চিৎ আলোচনা করা প্রয়োজন, বাহা সইরা জড়, উদ্ভিদ ও জীবে প্রভেদ। শাস্ত্র বলেন, পঞ্ছতের পঞ্চীকরণ হাইতে সমৃদর সংসারের ব্যাপার নিশার। এই পঞ্চীকরণ হাইতে সমৃদর সংসারের ব্যাপার নিশার। এই পঞ্চীকরণ হাইতে বলা হয় ? প্রথমতঃ আকাশাদি পঞ্ছতের প্রত্যেককে সমান ছুই ভাগে বিভক্ত করিয়া, তদনন্তর এই দিধা বিভক্ত অংশের এক এক অংশকে চারিভাগে বিভক্ত করিয়া, সেই প্রত্যেক চারি অংশের স্বীয় অর্ধাংশ পরিত্যাগ পূর্মক অন্ম চারিভূতের প্রথমোক্ত অর্ধ অংশের সহিত এই চারিভাগের এক এক অংশ বোগ করিলে আকাশাদি পঞ্ছত প্রত্যেককেই পঞ্চ পঞ্চ অংশে বিভাগ করা হয়। ইহাকেই পঞ্চভূতের পঞ্চীকরণ বলে।

এই পঞ্চীয়ত আকাশাদি পঞ্চত্ত হইতে এই অনন্ত ব্ৰহ্মাণ্ড
উৎপত্ন হয়। এবং তাহাতে ভূলোকাদি পাতাল পৰ্যন্ত চত্ৰ্দিশ
ভূবনের বিকাশ হয়। সেই সকল ভূবনে তথাকার ক্রম অস্থসারে আন্ন প্রভৃতি ভোগ্যবন্তসকল এবং সেই সেই ভোগের
অধিকারী জরান্ত্র্জ ইত্যাদি অনেক প্রকার শরীর উৎপত্ন হয়।
ভূতভাবন ভগবান এইরণে বিশাল ব্রহ্মাণ্ড স্কন করেন।

পঞ্চীরত আকাশাদি পঞ্চত্ত হইতে বে, পঞ্চ ভৌতিক, সুল শরীর উৎপন্ন হয়, তাহাকে অন্নমন্ন কোব বলে। ঐ কোব সুল অন্ন পানাদির বারায় বর্দ্ধিত হয়। সপ্তদশ তত্ত অর্থাৎ পঞ্চকর্মে-ক্রিয় ( যাহা আকাশাদি পঞ্চ ভূতের রলোগুণ হইতে উৎপন্ন ব্য় যথা, বাক্, পাণি, পাল, পায়ু ও উপস্থের কার্য্যকরী শক্তির

অর্থাৎ পঞ্চ কর্ম্মেন্ত্রিয়ের) উৎপত্তি হয়। এবং ঐ পঞ্চ কর্ম্মেন্ত্রিয়ের সমষ্টি রজোগুণের সার সংগ্রহ হইতে প্রাণের বিকাশ হয় 🕾 🗗 প্রাণ প্রবৃত্তি আবার বৃত্তিভেদে পঞ্চ প্রকার যথা, নিঃখাদ, প্রশ্বাদ, গ্রহণশক্তি, পরিপাকশক্তি, রক্তনঞালন-শক্তি, উল্লার ও মল-মূত্রত্যাগশক্তি, ঐ সকল কর্মেন্দ্রিয় ও জীবনী শক্তির সহিত যে জ্ঞান বৰ্ত্তমান কেন্দ্ৰ ভাহাকেই প্ৰাণময় কোষ বলা হয়। কিন্তু ইহার সহিত আকাশাদি পঞ্জুতের স্কুগুণ্জ পঞ্চ জানেদ্রিয়, যথা আকাশ শব্দগুণের আধার, অতএব আকাশের স্ব্পুণ ছইতে (অথবা চিদ্বিকাশিনী শক্তি) কর্ণেন্দ্রিয় (যদিও এই কর্ ইন্দ্রি-পদবাচ্য কর্ণ নহে, কর্ণের শব্দ গুণগ্রাহিক। শক্তি ) বায়্র সত্ত্তণ হইতে স্পর্শেক্তিয়, তেন্তের সত্ত্তণ হইতে দর্শনে-ন্দ্রিয় রদের সত্তপ্রহাতে রদনেন্দ্রিয় ও ক্ষিতির সত্তপুর্হতে আর্ণেন্দ্রিরের বিকাশ হয়। এবং ঐ পঞ্চ ইন্দ্রিয়ের সমষ্টি সভ্তত্ত্বের সার সংগ্রহ হইতে জীবের মন-বুদ্ধিযুক্ত অন্তঃকরণের বিকাশ হয়। ঐ অন্তকরণ যোগেই প্রাক্ত আত্মা, সুথ ফুঃখ ভোগ क्षतिया बारकन । अ व्यव्यक्षत्र तीक्षरे कात्रनगतीत, छेश হইতেই কোৰ পর্য্যায়ের আনন্দময় কোষের বিকাশ, কিন্তু যত-ক্ষণ তমঃপ্রধান হক্ষ পঞ্চুতের মলিন সত্ত্তণ হইতে জ্ঞানেন্দ্রিয় সহ বুদ্ধির বিকাশ না হয়, ততক্ষণ উহাতে ভোকু হাতিমানী চিতেরও "ফুরপ হয় না। ঐ বৃদ্ধিই স্বয়ং কতৃত্বাভিমানী হয়। क्षे कड्डालियांनी खरःइ छित्र खानस्यमः (कार्यरे विकाम क्या। ট্টহার সহিত, নিশ্চয়াত্মিক। বৃদ্ধি বা বিজ্ঞানময়কোষের এবং

লোভ মোহ ব্রস্তাদি সহ সঙ্করাত্মক মনোময় কোষের বিকাশ হয়।

এই সপ্তদশতত লইয়া লিজশরীর। লিজশরীরের মধ্যগত পঞ্চতুতের রজোগুণ হইতে সমুৎপন্ন বাক্ পাণি, পাদ, উপস্থ ও পায় সমন্বিত যে পঞ্চ প্রাণ আছে তাহাকে প্রাণময় কোষ বলে। পূর্ব্বোক্ত আকাশাদি পঞ্ভূতের সন্তাংশের কার্যাম্বরূপ চক্ষু, কর্ণ, নাসিকা জিহবা ও ত্বক এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় সমন্ত্রিত বে সংশয়া-ত্মক মন, তাহাকে মনোময় কোষ বলে। এই মনোময় কোষেই ইচ্ছাশক্তির অনুভূতি হয়। এবং ঐ পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের সহিত বর্ত্তমানে যে নিশ্চয়াত্মিকা বৃদ্ধি, তাহাকেই বিজ্ঞানময় কোষ বলা হয়। ইনিই কর্তা অরপে জ্ঞানশক্তির বিকাশ করেন। ইহা ছাড়া পূর্ব্বোক্ত কারণশরীরে যে অবিভা বিভযান আছেন সেই অবিদ্যার কার্যাস্বরূপ প্রীতি আমোদ প্রভৃতি যে কতিপয় র্ত্তি বর্ত্তমান আছে, তাহাদিগের সহিত মিলিত যে সক্তপ তাহাকেই আনন্দময় কোষ বলা হয়। আত্মা এই প্রত্যেক কোনের অভিমান করিয়া থাকেন, এই জন্ত আত্মাও প্রতি কোবের সহিত কোষ শব্দে অভিহিত হইয়া থাকেন। আত্মা যখন **শর**ময় কোষের অভিমানী হন, অর্থাৎ যথন<u>:</u>সুল দেছে তাঁহার "আমি ভাব" উপনীত হয়, তখন তিনি অরময়। বুধন তিনি প্রাণময় কোষের অভিমানী হন, তথন ভিনি প্রাণময়। সেই শাত্মা মনোময় কোষের অভিমানী হইলে, তাহাকে মনোময় বঙ্গা হয়। উক্ত আয়া আবার বিজ্ঞানময় কোবের অভিমানী হইলে

তিনি বিজ্ঞানাত্ম। নামে কথিত হন। ঐ আত্মাই শেবে আনক্ষম কোবে আনক্ষম নামে উক্ত হইয়া থাকেন। এই ব্লপে দর্শনশাত্মের মতে একই আত্মা পঞ্চ অতিধানে অতিহিত হন। আবার ঐ পঞ্চম উপাধি পরিবেটিত আত্মাই শ্বৃতিশাক্ষে ত্রি অতিধানে অতিহিত হন। ঐ ত্রি অতিধানেই মহৃত্মতির তৃতাত্মা মহৎ সংজ্ঞক ও ক্ষেত্রক্ষ।

তমোগুণ হইতে জড়াকাশে স্ক্র পঞ্চভূতের বিকাশ হয়। ঐ পঞ্চভূতের ত্রিগুণ হইতে সমুদয় ব্রহ্মাণ্ড বিকশিত। উহা वहेरछहे त्रमूनत्र कीय-कहत विकाम। পঞ্চতের পঞ্চীকরণ হইতেই স্থুলদেহের উৎপত্তি। ইহা ক্ষিতি, জল, তেজ, বায়ু, আ্ফাশ পরস্পরের সন্মিলিত অবস্থা হইতে উৎপন্ন। চর্ম্ম মাংস অন্থি ইত্যাদি কঠিন কিতিবাতীয়। পিশু কঠবের অন্নি ইত্যাদি ভেজ জাতীয়। কুস্ফুসের ক্রিয়া, স্নানবীয় গতি ভুক্ত-ক্রব্যের পাকক্রিয়াগতি ও দৈহিক সমুদর গতি বায়ু**জাতী**র। আর শরীরমধ্যে যে সমুদয় শৃক্ত স্থান আছে, উহাই আকাশ-লাতীর। আকাশে শব্দের উৎপত্তি বলিয়া আকাশ ভূতমধ্যে গণনীয়, নতুবা আকাশ গুলভূত মধ্যে গণনীয় নহে। আকা-শেই ক্ষম তন্মাত্র অবস্থিত। ঐ পঞ্চ লক্ষণাক্রান্ত পরমাণুপুঞ্জ হইতেই শ্বন পঞ্চতুতের বিকাশ এবং উহার পঞ্চীকরণ হইতেই সমুদর স্থুলদেহের উৎপত্তি। কিন্তু লিঙ্গদেহের বিকাশ ব্যতীত क्मारु भून (मर छे९भन्न रहेएछ भारत ना। निकलारहरे भून (मह्दू नर्स्य, यून (मह, निन-(मह्दू चारवक यात्। छशानिः

বে অর্থে স্চরাচর আবরণ শব্দ ব্যবহৃত হয়, এ স্থলে তাহ।
প্রবাদ্য নহে। এখানে আবরণ শব্দ ওতপ্রোতভাবে
সংমিশ্রণফেই বলা হয়। অর্থাৎ স্থল দেহ লিল-দেহের সহিত,
আবরণ আবার্য্য পদে প্রতিষ্ঠিত থাকিলেও, যেরপ বস্ত্রের সহিত
স্থেরের ওতপ্রোত সম্বন্ধ, তেমনি লিলদেহের সহিত স্থল দেহের।
লিল-দেহের অভাব হইলে, স্থলদেহ তৎক্ষণাৎ জীবন
শ্রু হয়।

এক্ষণে কথা হইতেছে একই দেহের উপর দর্শনশান্ত পঞ্চম কোষ ও স্থিতি কেন ত্রি-পর্য্যার স্বীকার করিলেন। তাহা হইকো দেখিতে হইবে, ইহার সামঞ্জন্ত কোথার? দর্শনের অন্নময় ও প্রাণমর কোষ বলিয়া যে তুইটি পর্যার বর্তমান। স্থতির তাহাই ভূতাত্মা। উহার মানোমর ও বিজ্ঞানমর বলিয়া যাহা উক্ত. মকুর তাহাই মহৎ, এবং দর্শনের আনন্দমর কোষই ক্ষেত্রক্ষ নামে কল্পিত।

প্রকৃতপকে দেখিতে গেলে, নিশ্বদেহেতে হুইটি পর্যায় দেখা যায়, প্রথমটি ক্রিয়াময়, ছিতীয়টী জ্ঞানময়। প্রথম ক্রিয়াময়-ন্তরই প্রাণময় কোষ, ছিতীয় জ্ঞানময় ন্তরই মনোময় ও বিজ্ঞান-ময় নামে অভিছিত। তাই মন্তুতে ত্রি আত্মা বীকৃত।

পূর্বেই উক্ত হইরাছে, যে জীবপর্য্যায় হইতে একবারে মানবের জাগমন হইতে পারে না। বত দিন জীবের মন্তিকে ব্রহ্মের চিস্তাকরী সন্তার প্রতিবিশ্ব না পড়ে, ততদিন উহা মানব-কুলে উথিত হইতে পারে না। উপনিবদে এতৎসম্বন্ধে বহ-

বিধ আধ্যারিক। বর্ণিত আছে। তন্মধ্যে ছান্দোগ্য উপনিষদে উক্ত আছে যে, পশুদিগের ইন্দ্রিয় স্ট হইলে দেবগণ তাহাতে বিকাশ হইতে অস্বীকার করার, পরে মানবদেহ নির্মিত হয়। ঐ মানবদেহেই সুৰগুণজ ইন্দ্ৰিয়াধিষ্ঠাত্ৰী দেবতার বিকাশ হয়। ইহা হইতে বুঝা বায় প্রাণময় কোষ, আত্মার ক্রিয়াশর্জি-জ্ঞাপক হইলেও ইহাতে সক্তবের তাওজ অধিষ্ঠাত্তী দেবতার আবির্ভাব হয় না। অর্থাৎ ইহার প্রকৃত তত্ত্ববিতে হইলে ইহা ধারণা করিতে হইবে, জ্ঞানেন্দ্রিরের ক্রিয়াদকল প্রাণময় কোষের অন্তর্গত হইলেও, ইহার প্রকৃত সৃত্ব গুণক অংশ ও তৎ-সংশ্লিষ্ট জ্ঞানামুভূতিপ্রকাশক অধিষ্ঠাতু দেবরুদ সকলেই সত্ত্ব-গুণোত্তব, তাই পশুক্ষগতে প্রাণময় কোষও অসংস্কৃত মনোময় কোষের বিকাশ থাকিলেও, তাহাতে সম্বপ্তণজ ব্রহ্মার মানসাম্ব প্রতিবিন্ধিত হয় না, বলিয়া পশুজগত হইতে একবারে মানব বিকশিত হয় না। প্রকৃতির অন্তরে যে সমষ্টি চৈতত্ত শক্তি বা ঈশ্বর আছেন, তাঁহার বাষ্টি অংশ সর্বজীবে অভিব্যক্ত হইয়া সকলের নিরামকপদে প্রতিষ্ঠিত থাকিলেও ভৌতিকঞ্চগতে উহার যথার্থ-বিকাশ হয় না। মানবেই ইহা কতকাংশে বিকশিত। তাই ভৌতিক জৈবী উপাদান সংস্কৃত হইয়া মনোময় কোষ স্পষ্ট াপ-যোগী হইলে, ষধন তাহাতে সৰ্গুণের বিকাশ হয় তথন উহাতে ইন্দ্রিয়াধিষ্ঠাতু দেবগণ ও উচ্চতর লোকের মানসপুত্র বিকশিত হইয়া, উক্ত মন্তিষ্ককে মানবকুলে উত্থিত করিয়া দেন। অর্থাৎ মহামনের প্রকৃত আমিজ্ঞান, মানবেই যথার্থ বিকশিত। মতুয়া

ছাডা অপর জীবে তাহার বিকাশ হইতে পারে না। ত্রিগুণেক প্রথম গুণ তম, তাহা মৃত্তিকা প্রভরাদিতেই অভিব্যক্ত। রজোগুণ জীব**জগতের সম্প**ত্তি, তাই, প্রাণময় কোষ উহাতে বিকশিত। মফুল্য-জগতেই কেবল সভ্তেণের বিকাশ। তাই সভ্তঃগজ দেবরন্দ মানবেজিয়ের অধিকারী, আবার মানবমধ্যেও ত্রিবিধ ভেদ বর্ত্তমান। ইহাদের ভিতরেও তম রঞ্জ ও সত্তের বিকাশ। তবে যে তম, রঞ্জ, জড়জগতে ও জীবজগতে বিভ্যান, মুমুন্ত-জগতে তাহা নাই। মুমুমুজগতে গুণভেদ থাকিলেও তাহাতে সরগুণের অভাব নাই। সরগুণের অভাব থাকিলে, জীব মমুগ্রজগতে উথিত হইতে পারে না। তাই পশুজগতে প্রাণময় কোষের বিকাশ হইলেও, যতক্ষণ না তাহাতে জ্ঞানের সংযোগ হয়, ততক্ষণ উহা মানবন্ধগতে আসিতে পারে না। এই স্থানে আর্যাঝ্যিগণের ক্রমবিকাশের সহিত পাশ্চাত্য পণ্ডিতের সংঘর্ষণ উপনীত হয়। পাশ্চাত্য পণ্ডিত প্রকৃতির বহিরুক মাত্র অবলোকন করিয়াছেন, আর আর্যাঞ্ধি তাহার অভ্যন্তরে প্রবেশ করিয়া, তাঁহাদের মতের ভিত্তি স্থাপন করিয়াছেন।

যাহা হউক, গ্রহদেবতা মহুর স্টিতে মানবই সর্বশ্রেষ্ঠ
দীব। মানবে ক্ষিতির সপ্তগুণ নিহিত, উহা তাহার নিজস্ব।
আর উহার সহিত যে উর্দ্ধতন সপ্তলোকের সপ্তগুণ বিভ্যান,
তাহা তাহার গরস্ব সম্পদ। কিন্তু উভয়ের সহিত উভয়েরই
সভত সংশ্রণ উপনীত হয়। তাই সুল্জগৎ-নিবাসী দ্বীবের

মন বৃদ্ধি ও দেহের উপর উক্ত লোকদেবতা ও উচ্চলোকনিবাসীদিগের প্রভাব সর্বাদাই পরিলক্ষিত হয়। অনেক
সময় মানব তাহার ইচ্ছার বিক্লন্ধে অপর লোকের প্রহদেবতা
ও তাহাদের অধিক্ষত শক্তি কর্তৃক পরিচালিত হয়। আবার
মানব ইচ্ছা করিলেও তাহার অন্তর্মপ্ত পর্যায় উন্নত ও সংস্কৃত
করিয়া তৎ-লোককে আয়ন্তাধীনে আনিতে পারে। মমুষ্যদেহেই সমুদায় পর্যায় ব্যবস্থিত। অভ্যের জড়ব জীবের জীবত্ব,
ও মানবের মানবত্ব সমুদ্যই মানবে! বিশাল ব্রহ্মাঞ্চলোক ও যত জীব বিশ্বমান, তৎসমুদ্যের ক্ষমাংশ লইয়া
মানবদেহ গঠিত।

মানবের সপ্তকোবে সপ্তমানস পুত্ররপ গ্রহদেবতা। দশ ইন্দ্রির প্রাণপদবাচ্য এবং উক্ত মুখ্য মহাপ্রাণের অন্তর্গত তাহাত্তেও বাঁহারা প্রতিষ্ঠিত আছেন, তাঁহারাও দেবপদবাচ্য। আবার সব্ওণক মনোবৃদ্ধিও চিন্ত-অহংকাররপ মনোবৃদ্ধির পরিচালকগণও দেবতা বা উচ্চলোকনিবাসী মানসপুত্র অথবা অগদ্বিকাশকারী মহা মানসান মনরপ তাহাদের পরিচালক পদে প্রতিষ্ঠিত। মনরপ ব্রহ্মার মানসপুত্র ইহাতে অর্ভিব্যক্ত বলিয়া চতুর্থ স্থাই মহুর রাজ্যনামে ক্ষিত। মহুর যাহা কিছু তৎসমুদ্র মানবেই প্রয়োজ্য। মানবের শিক্ষা, দীকা, ক্রিয়া, ধর্ম, কর্ম, জ্ঞান, গরিমা, সমুদ্রই মহু হইতে ব্যবহৃত।

বেদের বে দশ মঙল, বিরাটের বিস্থৃত দেহে ও তদন্তর্গত শক্তিসমূহে ব্যবস্থিত। তাহাই মন্তুর দশ বিধিতে পরিণত হইরা, নানবের দশ ইন্দ্রিয়ত্বজ দেহে ব্যবস্থিত। বিরাটের ভূতাক্সা, জীবাক্সা ও ধানসাক্ষা বিভয়ন, নানবেও তাহা জডি-ব্যক্ত! বিরাটের ত্রি-পর্যায়ের দেবশক্তিগণ, মহুর স্টুতে ঋষি বা রশিরপী দেবতা নামে অভিহিত হইয়া, দেহের পর্যায়ে পর্যায়ে বিভয়ন। বেদের অগ্নি ও সোম, মহুর স্টুতে পিতৃশক্তি (শুক্র) ও মাতৃশক্তিতে (ক্ষেত্রে) পরিণত।

পূর্বেই বলা হইয়াছে, কারণজগতে সম্বর্জ ত্যোগুণের বিকাশ হইলে, এবং রজোগুণ কর্তৃক দ্রবীভূত কারণবারি হক্ষ ত্যোগুণের উপাদান বা কেত্রের সহিত সংযুক্ত হইলে হক্ষ দেহের উৎপত্তি হয়। কার্যাজগতে জলীয় তবের সহিত ক্ষিতি-জাতীয় তব্যের সংযোগ হইলে, স্থুল দেহের উৎপত্তি হয়। চিন্তাকাশন্থিত চিন্তীজ ক্ষেত্রত্ব হইলে, জীব জব্দ উদ্ভিদাদির উৎপত্তি হয়। তাহাতেই বলা বায়, জলই পিতৃশক্তি ও ক্ষেত্রই বাতৃশক্তি। জলই শুক্ররণে বিবর্দ্ধিত ও শোণিতই ক্ষেত্ররণে বিকশিত।

মহর দশেদ্রিয়য়ুক্ত স্টিতে দশ সংশ্বার বর্তমান। জন্ম ছইতে আরম্ভ করিয়া মৃত্যুতে ইহা পর্মাবসিত। ইহাই শেষে শশ কর্মা নামে অতিহিত। ইহারই ক্রমপরম্পরা ধরিয়া অধুনা সমৃদয় ধর্মকাণ্ড নির্বাচিত। বিরাটের লোকদেবতারা, শ্বতিতে দেহদেবতা, অধুনা তাঁহারাই আবার গৃহদেবতারপে পরিপণিত। ত্রি-তত্তই তেত্রিশ কোটার মৃদ। জগদতীত নিশ্বর্ণ ব্রেজর আত্মস্থ, আত্মজ্ঞ ও আত্মানদ্দই চতুর্প স্টিতে

তেত্রিশ কোটীতে পরিণত। চতুর্গাবস্থাই সৃষ্টির চরম অবস্থা, ইহাই প্রবৃত্তিমার্গের শেব সীমা। হল্ম পিতৃশক্তি এইস্থানে আসিয়া, মাতৃশক্তিরূপিণী আবরণময়ী অবিভা কর্ত্তক আবরিত। এইয়ান হইতে স্থলস্টি, আবার স্ব-স্বভাবরূপ স্ক্রে যাইতে প্রস্তুত হয়। তাই ইহা হইতে যাহা কিছু অমুষ্ঠিত হয়, তৎ-সমুদয় নির্তিমার্গের জন্ত। ব্রহ্মার সমুদয় স্প্ত সম্পত্তি এই ধানে আসিয়া একীভূত। ব্রন্ধাণ্ডের চতুর্দশ পর্য্যায়ে ও তৎ সেওয়ায় অগণিত গ্রহ-নক্ষত্রে যে সমুদয় তত্ত্ব ও লোক বর্ত্তমান, তৎসমূদয় মানবের পর্যায়ে পর্যায়ে বিছমান। মানব সকলের সহিত নিজ্য ও পর্য ভাবে গতত সংমিশ্রিত। এই সকল গ্রহণণ মানবের দেহ ও মনের উপর কিরূপ আধিপতা বিন্ধার कतिया थार्कन, जांश हिन्तुश्रियंगण मितिएय व्यवगं हिल्लन। তাঁহারা বুঝিয়াছিলেন, মানব ঈশবের ছায়া বা সমুদ্র সৌর-জগতের আধ্যাত্মিক ও বাহু ক্ষুদ্র প্রতিরুতি বিশেষ। সেই জগতন্ত কি বাহাও আভাস্তরীণ সমস্ত পদার্থ ও শক্তি আংশিক-ভাবে যানবে ৰিভয়ান। সৌরজগৎস্থিত সপ্ত গ্রহের অফুকরণে মানব দেহাভাগুরে ষ্টচক্র, ও মস্তিকে স্থল্রদল প্রা আছে 🖠 স্বভাৰতঃ যানৰ উক্ত সপ্তগ্ৰহের সপ্তটি জন্ম গ্ৰহণ করিয়া কোটী কোটী জন্মের পর (অর্থাৎ হিন্দুমতে চতুর্দ্দশ মন্বন্তর গতে) নির্বাণ-রূপ পর্মপদ লাভ করিতে পারে। ইহাই স্বাভাবিক নির্ম। ভবে মানব ট্ট্ডা করিলে, অনায়াসে ভাষার বাতিক্রম করিতে পারে। মানব আপনার জদমা চেষ্টায় সপ্তগ্রহ ও চতুদ্দি

ভূবন ভ্রমণ এক জন্মেই আনেকটা ভোগ করিতে পারে, অর্থাৎ ভাহার দেহাভ্যস্তরে যে কুগুলিনী-শক্তিরপা মহা জীবনী শক্তি বর্ত্তমান আছে, তাহাকে জাগরণরূপ সক্রিয় অবস্থায় আনিতে পারিলে,তাহা হইতে অপর ষ্ট্চক্রন্থ তড়িং প্রবাহকে অনায়াদেই জাগরিত করিয়া, সপ্তজন্মের ভোগ এক জন্মেই ভোগ করিয়া শইতে পারে। তবে ইহাতে কতকটা পূর্বজনোর কর্মফল অফুদরণ করে বটে। এ বিষয় সম্বন্ধে যোগশান্তে বছবিধ বর্ণনা আছে। এ স্থলে ভবিষয় লইয়া বাদামুবাদ করা निष्टारमञ्जन। তবে এইমাত্র এখানে বক্তব্য যে, মানবদেহের नहिल উक्तरताक नगुरहत चनिष्ठला चाह्य विनिया, উशासित জড়দেহাশ্রিত জাকর্ষণ ও বিকর্ষণে মানব ইচ্ছায় ও অনিচ্ছায় কতকটা রাগ-বেবের বশবন্ধী ছইয়া তাহাদের বশতাপন হইয়া পড়ে। মানবসমুদয় সৌরজগৎসমন্বিত অসীম ব্রকাণ্ডের এক একটা আদর্শবিশেষ। চারি পর্যায় সময়িত, চারি তর মানবে ষভিব্যক্ত। কারণ জগতের অব্যক্ত চিন্তা, হন্ম জগতের হন্ম স্বাদর্শ, সুল জগতের পঞ্ভুতাত্মক জড়শক্তিবেটিত সুলাধার সমুদয়ই মহুব্যে প্রতিক্ষতি। চতুর্থ হৃষ্টির পরম সম্পদ মানব। ৰত্ম আদি লোকদেৰতাদিগের যাহা কিছু বিকাশ, তৎসমূদয়ই मानत्व श्राद्याका । जांशास्त्र तीकि, नीकि, नावश नियमावनि, ৰুম হইতে মৃত্যু প্র্যাপ্ত মানবের অকুগামী। এই মানবের ছুদ পঞ্চভাত্মক দেহে ও মনের উপর যাহার অথও প্রভূত্ **অর্বাৎ যিনি জড়রাজ্যের নিত্য** পরিবর্তনের মধ্যে স্তত জ্ঞাপন মহিমায়, স্থির, ধীর, ও নিত্য ভাবে বর্ত্তমান, তিনিই মহাদেব নামে প্রসিদ্ধ।

একণে চতুর্থ পুরুষ, অথবা ব্যক্ত সৃষ্টির ভোগাশ্রয়া পঞ্চ-ভূতাত্মক তমঃপ্রধানা প্রকৃতি যুক্ত পুরুষের বিষয় কিঞ্চিত বলিয়া, এই প্রবন্ধের উপসংহার করা যাউক। বিশ্বের সংকর্যণ শক্তিকেই হিন্দুগণ সাধারণতঃ মহাদেব নাম প্রদান করেন। সংকর্ষণ শক্তির কার্যা বস্তুকে বিশ্লিষ্ট করা, অর্থাৎ স্থূলকে বিদারিত করিয়া সৃক্ষে আনরণ করা, আবার ফুলুকে আকর্ষণ করিয়া সুলে পরিণত করা। কল্লাতীতে যথন বিগত জগৎ তাহার কারণ শক্তিতে স্মিলিত হইয়া, একাকার অবস্থাপন্ন হইয়া মহাকালের নিভ্ত কোলে বিশ্রাম লাভ করে, তখন তাহার ব্যক্ততের নিদর্শন সম ও বিষম, অর্থাৎ আকর্ষণ ও বিকর্ষণ শক্তি, তাহার অস্তম্ব গুঞ্-তেজে বিরাম প্রাপ্ত হয়। সেই অবস্থা সেই সৃষ্টির প্রাককালে যে শক্তি বলে গুহুতেজের অন্তিত্ব হেতু, আবার ঐ মিলিত অবস্থা অর্থাৎ মহাকালের মহা-নিদ্রা ভাঙ্গিয়া গিয়া, তাহাতে সম ও বিষম ভুইটি শক্তির বিকাশ হয়, তাহাই সংকর্ষণ। যথন সংক-র্যণশক্তি ঐ মিলিত অবস্থাকে পৃথক করিয়া কেলে, তখন ঐ পুৰক অবস্থাকে আকর্ষণ, বা একাকারের ন্যায় অবস্থাপর করিয়া স্বীয় কেন্দ্র নির্মাণ করিয়া লয়। উক্ত কেন্দ্রকে শা**ন্ত মহন্ত**র বলেন। বৈজ্ঞানিক মতে মহন্তবৃষ্ট মহাকর্ষণ বা সৃষ্টিকারী শক্তি। আর উহার অভান্তরম্ব তেজই পালনী শক্তি, উহাকেই বিখের জীবন বলা হয়। আর যে শক্তি কর্তৃক এই সংযোগ- শক্তি বিদীর্ণ হইয়া য়য়, তাহাকেই সংহার শক্তি বলা হয়।
সংকর্ষণ-শক্তি বিয়োগ-শক্তি হইলেও, ঐ সংকর্ষণ-শক্তিই সৃষ্টি
কার্য্যের প্রথম সহায়। উহার কর্ষণ-শক্তি হইতেই একাকার মহাভূতু কর্ষিত হইয়া, তাহাতে আবার নবকল্প রোপিত হয়।
যেমন ভূমি কর্ষিত হইয়া লগ না হইলে, তদক্ষ নিব্দিপ্ত
বীব্দের সহিত উহার সমাকর্ষণ হয় না, সেইরূপ সংকর্ষণ-শক্তি
হইতে মহাভূত ক্ষিত না হইলে, তাহাতে মহন্তবাদি কারণ
সন্তার বিকাশ হয় না।

এই প্রবন্ধটির প্রধান উদ্দেশ্য বিজ্ঞান ও দর্শনের প্রকা সাধন করা। অনেকের মনে এইরপ ধারণা আছে, যে বিজ্ঞান দর্শন হইতে সম্পূর্ণ বিভিন্ন প্রকৃতির, অর্থাং ধেখানে বিজ্ঞানমত স্থাপন হইবে, সে স্থলে দর্শন কথন দর্শন দান করিতে পারে না। কিন্তু ইহা যে কড দূর সত্য, ডাহা বলা যায় না। জগং যথন এক, তাহার নিয়মাদিও যথন এক, তথন বিজ্ঞান ও দর্শন, অর্থাং সংকর্ষণ ও আকর্ষণ তত্ব, এক কেন না হইবে ? সংকর্ষণের কার্য্য কর্ষণ করা, বিজ্ঞানের দারা সমূদ্র বন্ত কর্ষিত হয়, সে জন্ম বিজ্ঞান সাধারণতঃ সংকর্ষণ নামে খ্যাত, আর দর্শন সমন্তকে আকর্ষণী শক্তির ন্থায় একাকার ভাবাপন করিয়া আপনার আরত্তে আনিয়া, তাহাতে আপন ভাবে মত স্থাপন করিছে প্রয়াস পায়। ভারতবর্ষ আন্তিকপ্রধান দেশ, সে জন্ম ইহাতে খণ্ডন, অর্থাৎ কর্ষণ কথন স্থায়ী ধর্ম্ম নামে অভিহিত হয় না। স্থাপনকেই এই প্রদেশ ধর্মপদ বাচ্য করেন। সে জন্ম খণ্ডনমূক্ত

देवकानिक उद् अ कृत्न नास्त्रिक आधात आधात हत। কিছ যেক্লপ কৰ্ষণ নহিলে বীজ বোপিত হয় না. সেই রূপ বিজ্ঞান ৰুক্ত তত্ত্ব ব্যতীত, কখন দর্শনরূপ ধর্মবীক বপন করা যায় না। সেই জন্ত এই প্রবন্ধটি একবার করিয়া বৈজ্ঞানিকভাবে ও একবার করিয়া দার্শনিক ভাবে ব্যাখ্যাত করা হইতেছে। হখন বৈজ্ঞানিক ভাবে বলা হইতেছে, তখন ব্ৰহ্মা, বিফুরপী দেববর্গকে বিশ্লিষ্ট করিয়া, তর্গাস্থ তত্ত্বসূহকে শব্দগতি ও জ্বোতি নাম প্রদান করা হইতেছে। আবার যখন দার্শনিক মতে ভাহাকে স্থাপন করা হইতেছে, তখন আবার ঐ তত্তকে উপাস্ত দেবতা পদে রাধিয়া, দূর হইতে বিশাসভরে প্রণাম করা হইতেছে। সেই জন্ম ইহা খনেকটা বিজ্ঞান ও দর্শন উভয় তত্ত্ব ইইতে প্রস্ত । পূর্কেই বলা হইয়াছে হিন্দুঋষিগণ বিশ্বের সংকর্ষণ, অথবা বিকীরণ শক্তিকেই মহাদেক আব্যা দান করিয়াছেন। ইনি সর্বত্রই চতুর্থাবস্থায় অবস্থান করেন। তাই স্টের চতুর্থ পর্যায়ে ইহার নিবাস। স্টি যে অবস্থার আসিয়া তাহার সমুদর সম্পত্তি, ব্যক্ত-পদে বিকশিত করিয়া, স্থুল দেহে মানবব্রপে অভিবাক্ত হয়, সেই অবস্থা হইতে সৃষ্টি আবার ক্রমশঃ যে অবস্থায় উথিত হইতে থাকে, ভাহাকেই সাধুগণ নিবৃত্তি মার্গ কহেন। এই নিবৃত্তি মার্গের দর্জায় যে পুরুষ অবস্থান করেন, ডিনিই বিশ্বের সেই সংকর্ষণ শক্তি। সংকর্ষণ শক্তিই সৃষ্টির ব্যক্তত্বের প্রধান ্কারণ। যে শক্তি হইতে সাম্যভাব বিদুরিত হইয়া বৈবম্যের।

প্রাত্রভাব হয়, তাহাই সংকর্ষণ। তৃতীয় পর্য্যায়ের কারণ-প্রবাহস্থিত ফল চিন্নিম্বই, জগৎ-উৎপত্তির গুহুতেজের গুছু কণিকা, অথবা বিকীরিত অবস্থা। ঐ নিরাকার চিবিম্বই, কার্যা জগতে জলীয় তত্ত্বের সহিত ক্ষিতিজাতীয় তত্ত্বের সংযোগ পাই-लहैं, बूलामार পরিণত হয়। কাজেই ঐ एक চिधियाक है গুহু তেজের তৃতীয় পর্যায় বলা হয়। ঐ তৃতীয় শক্তিই যখন আধারে সন্নিবেশিত হয়, তখন উহা চতুর্থ পর্যায়ের মহুর প্রজা রূপে পরিগণিত হয়। ঐ প্রজাবর্গই গুছ তেজের জ্যোতি, গতি শব্দ সময়ত। আকাশের প্রত্যেক পরমাণুতে তাঁহার অনন্ত শক্তিময় চৈততা গুহুভাবে আছে। আধুনিক বিজ্ঞান এই শক্তিকেই বস্তুর অন্তনিহিত তড়িৎশক্তি করেন। উহা প্রত্যেক অণ, পরমাণু কণিকা ইত্যাদি, এমন কি পার্বিব সামাক্ত বালুকাকণায় ও গুঞ্ভাবে অবস্থিত। কিন্তু বিশেষ বিশেষ বস্তুর সংযোগ বাতীত ঐ তডিতশক্তির বাহু বিকাশ হয় না। এই মত হিন্দু বৈজ্ঞানিকও পোষণ করিয়াছেন। তাঁহারাও বলেন, প্রত্যেক বস্তুর ভিতর অন্তর্নিহিত চৈতক্ত শক্তি গুহুভাবে আছে। কিন্তু অন্তর্জগতের নিয়মানুষায়ী বস্তর ক্রমিক সংস্কার ও বিশেষ বিশেষ সংযোগ ব্যতীত এই চৈতজ্ঞের বিকাশ হয় না। জড়জগতে প্রমাণুসংযোগে দৃশুবস্ত সংঘটিত হয়, এবং তাহার অস্তরত্ব গতি তাপ আকর্ষণ বিকর্ষণ প্রস্তৃতি শক্তি বিকশিত হয়। ঐ গতি ও ভাপ প্রভৃতিতে অন্তর্নিহিত চিচ্ছক্তি বা চিদ্ধি নিবাস করে: বিশেষ বিশেষ বস্তুত্ত

দংযোগে উহাই প্রধ্যত হইতে থাকে। তাহা হইতে বস্তর উষণতার স্থায় বাহির চৈতস্থ ও ক্রমশং বিকাশ হয়। জড়বস্ত হইতে প্রথমে উষ্ণতা, পরে বাপের বিকাশ হয়। উহারই অভ্যরস্থরত তেল অন্তরে যতই পরিবর্দ্ধিত হইতে থাকে, ততই বস্ততদে করিয়া উহার বিকাশ হয়। ঐ বিকশিত তেলাই, জড় ইইতে জীব, জীব হইতে মানবান্মায় চৈতস্থান্তিক্রেপে বিকাশ হয়। প্রত্যেক চিদ্ধিল এক একটি পৃথক্ পৃথক্ মহুবৃদ্ধিযুক্ত জীবান্মাস্তরূপ। ইহা হইতে বুঝা যায়, সামাস্ত অণ্, পরমাণ্, কণিকা হইতে কাহারও কথন ধ্বংস হয় না। কেবল অবস্থাতে দেরকণাস্তর মাত্র হয়। আরও প্রত্যেক বস্তর অন্তর্দিহিত এক একটী স্ক্ষ আদর্শ থাকে, তাহা কথনই কোন অবস্থাতে ধ্বংস হয় না। মূল বস্তর গঠণ ভঙ্গ হইলে, তাহার ঐ স্ক্ষ আদর্শ স্ক্র কারণে অন্ধিত থাকে। ঐ কারণ মধ্যস্থিত পুরুষশ্রেষ্ঠকেই মহাদেব বঙ্গা যায়।

একণে দেখা যাইতেছে, বে সংকর্ষণ-শক্তির বারা সৃষষ্টি পরম কৈতন্তের ভাব ব্যন্তিতে বিকীরিত হয়। সেই সংকর্ষণ-শক্তিই, আবার সৃষষ্টি অণু পরমাণু ও জীবাণু প্রথিত, সুল দেহকে ক্রমশঃ সংকর্ষিত করিয়া, সুল হইতে হক্ষে আনয়ন করেন। এই কার্য্য-শক্তির যিনি সভা, হিন্দুশান্ত্র তাঁহাকেই মহাদের বলেন। ইনি ব্যক্ত জগতের প্রথম পর্য্যায়ে বড়েখর্য্যে বিভূষিতা মহা মহিমম্যী পরমশক্তিতে সংযুক্ত হইয়া অবস্থিত, তাই হিন্দুশান্তঃ সুল জগতে সুল দেহ ধরিয়া, স্ক্দেবতার অপ্রে ইহারই পূজা

সংসারে প্রবর্তিত করিয়াছেন। বিজ্ঞানের কারণ (ইখর)
মধ্যস্থ গুহু তড়িৎরূপী চিৎশক্তি, ও তত্ত্বের গৌরীপট্ট সংবেষ্টিত
শিবলিক্ষ একই সন্তা। স্থুল কারণ, স্থুল কগতের মূল, স্থুল
কারণে স্থুল ক্ষপৎ বিকশিত। ইহার ত্রি-আত্ম বা ত্রি-তত্ত্বে
সুলের সমূল্য বিকাশ। পৃথিবীর ভূত পদার্থ উহা, হইতেই
বিকশিত, ও উহাতেই লয় প্রাপ্ত হয়। সে কারণ উহাকে
ভূতনাথ বলা হয়। আকাশ সমূদ্য ভূতের আদি কারণ,
আকাশেই স্ক্র পঞ্চনাত্র আবস্থিত আছে। আকাশস্থ
এ পঞ্চ তন্মাত্র বা পঞ্চ লক্ষণাক্রান্থ পরমাণু ইইতেই, স্থুল
পঞ্চন্তের উৎপত্তি। তাই শিবের নাম ভূতনাথ। পঞ্চ তন্মা
ত্রই পঞ্চমুখ নামে খ্যাত।

বাক্পর্যায়ের চতুর্থ বৈশ্বরী শব্দ মানবের বর্ণসংযুক্তা ভাষা। ইহা সুল জগতের সম্পত্তি বলিয়া, ইহা সুল। অপরাপর পর্যায়ের শব্দ অপেকা ম্পষ্ট ও বর্ণ সংযুক্ত, ভাই ইহার শব্দ জমক নামে খ্যাত। জমকর শব্দ সম্প্র ভূত নৃত্যরুত, সুল ভূত সুল শব্দ স্পন্তি। ভাই জমক বাদনে ভূতকুল নৃত্যণীল। সুল বস্তুর নিত্য কর বা ক্রপান্তর, যাহার ক্ষর ও রুপান্তর নিত্যসন্ধী, শ্রশান বা চতুর্থাবস্থাই ভাহার বাসভূমি। অর্থাৎ যাহা ইইতে একবস্তু নিত্য অন্ততে পরিবর্তিত হয় তাহাই শ্রশান। শিব চতুর্থ অভাকাশে অবস্থান করেন বলিয়া, শিবকে ভাই শ্রশানবাসী বলা হয়। অভ্জগতে জড়াধার যথন, একে একে জড়াকাশে ভাহাবের ক্ষর আদর্শকে বিলীন করিয়া, অভ্জগৎ হইতে অদৃশ্য হয়.

তখন ঐ পঞ্ভূত পঞ্তন্মাত্তে পরিণত হইয়া, মহাভূতরূপ আকাশে বিলীন হয়। আবার ঐ আকাশ শেষে তাহার কারণে গিয়া বৰন সন্মিলিত হয়, তথন ঐ কারণ ব্যতীত আর কিছুই বর্তমান খাকে না, ভাই শিব তখন শিবে বা একমাত্র সন্তায় পর্যাবসিত। জড়াকাশের কার্যাশক্তি, সম ও বিষম হুই প্রবাহে প্রধা-हिछ। इहे श्रवाद्दि नमूमम वह मश्मिक। देशहे कर्ष আকর্ষণ ও বিকর্ষণ, এবং জীবে অমুরাগ ও বিরাগ নামে কল্পিত। ছুই প্রবাহের সমতা, অর্থাৎ সমান ভাব বা যাহার যাহা খুণ তাহা ব্যতীত, কখন কোন বস্ত্ৰ নিম্পুপদে প্ৰতিষ্ঠিত থাকিতে পাৱে না। শিবের ভভাকাশের মহা শক্তিতে এই দুই প্রবাহ বর্ত্তমান। স্থুলাধারে এক প্রবাহ রুদ্ধ হইলে, তাহা কখনই কার্যাপদে স্থির থাকিতে পারে না, অধিকস্থ করমুখে নিপতিত হয়। সেইজ্ঞ ৰাহাতে তুই প্ৰবাহ সমভাবে, অৰ্থাৎ যাহার যাহা ভাব, তাই শইয়া প্রবাহিত হয় এবং দেহকে বা আধারকে স্থিতি পদে স্থাপিত করে, তাহার জ্ঞাই কঠিন ক্ষর নিবারণের উপায় স্বরূপ সুধীগণ শিব আরাধনার যুক্তি দান করিয়াছেন। আধুনিক পাশ্চাত্য বিজ্ঞানেও ইহা অহুমোদনীয়। তাঁহারাও বুঝিয়াছেন- एक उक्किर क्लार की त्वर की दन-हाती, ठाहां हे आवात की त्वत জীবনরক্ষক বা রোগনাশক। জীবদেহে তাছার গৃই প্রবাহ সমভাবে চালিভ করিলে, জীবের সর্বারোগ নাম হয় ও গ্রহ নক্ষত্ৰাদিও স্থিতি পদে প্ৰতিষ্ঠিত থাকে। আনিও হিন্দুগণ তাই ক্সরারোগ্য ব্যাধি নিবারণের ও অভাবের অভাবশক্তির প্রসরতা

র্ছির জন্ম, শিবের আরাধন। করিয়া থাকেন। প্রভাররে শিব বিশের আত্মজান বলিয়া, সন্ধাবস্থাতেই আরাধা।

মহাকারণ ক্রমে ক্রমে জড়াকাশে আসিয়া, তাহার স্টিপর্য্যায়ে সংযত, অর্থাং মহাকারণ স্থুল জগতের স্থুলপর্য্যায়ে
আসিয়া, তাহার কারণত্ব পরিহার করিয়া, কার্য্যতন্তে বিকশিত।
কারণ এই পর্য্যায়েই কার্য্যশক্তিতে আরত, অথবা চিদাকাশ
জড়াকাশে আবরিত। কেন না স্টেপর্যায়, চারি পর্য্যায়েই
ব্যবস্থিত। একস্ত, শিবের নাম ব্যোমকেশ, অর্থাং আকাশীয়
প্রবাহরপ কারণ তাঁহার জটাস্বরুণ। গলারপিণী কারণশক্তি
যাহাতে আবদ্ধ হইয়া স্থুল স্টেবিকাশের কারণ হন। পুরাণে
তাই,ক্ষিত আছে, গলা মানসপুত্র ভগীরধ কর্ত্ক, আহতা হইয়া,
যধন পৃথিবীতে পার্থিব তন্তু সমূহের বিকাশরপ উদ্ধারের জন্য
উদ্ধিলোক হইতে নিয়ে অবতরণ করিতেছিলেন, তথন তিনি
শিবের জাটায় আবদ্ধ হইয়া, বহুকাল তথায় অবস্থান
করিয়াছিলেন।

মানসপুত্ররূপ লোকদেবতাদিগের, বহু সাধ্য-সাধনায় তিনি তথা হইতে বহির্গত হইয়া, সুলজগতে কারণশক্তিস্বরূপে অবতরণ করিতে বাধ্য হইয়াছিলেন। পুরাণের এই কল্পনা, যে বিজ্ঞান নূলক, তাহাতে সন্দেহ নাই। বেদের গৃঢ় বিজ্ঞানই, পুরাণরূপে কলিত। পুরাণ আকাশরূপ অবকাশকে, শিবের মন্তক বলিয়াছিন। আর তাহাতে প্রবাহিত, কারণপ্রবাহকে তাঁহার জ্ঞানিবর্গ কল্পনা করিয়াছেন। এবং তাহার অন্তনিহিত বিকশিত,

উত্তাপ বা কামনারপিণী সাক্ষাৎ কার্যাশক্তির কার্ণপ্রবাহকে পঙ্গা. ও অপরকে অর্থাৎ কার্য্যশক্তিকে উমা বলিয়াছেন। উমা ও গন্ধা উভয়ের জন্ম হিমালয়রূপী উর্দ্ধলোকে, অর্থাৎ উর্দ্ধকেক্রে, তন্মধ্যে একটা ক্ষিতিরূপিণী বিশালস্থুলাধার, অপরটি তাঁহার স্নেহ রূপিণী দ্রবীভূতা মাতৃশক্তি। তাই উভয়েই শিবরূপী, পর্মসন্তার্ন-ভার্য্যাপদে প্রতিষ্ঠিতা। সুলাধারে স্নেহরসের অভাব হইলে, অর্থাৎ ক্ষেত্রে তাহার ঔপাদানিক রুসের অভাব হইলে, সৃষ্টিকর্ত্তার স্টিচাতুর্য্য স্থিতিলাভ করিতে পারে না। কাজে কাজেই ব্যক্ত স্টির সমুদর সুথ ঐখার্যা নিষিষে লয়প্রাপ্ত হর। তাই স্থুলজগৎ বিকশিত হইলে পর, তাহাতে গলারপিণী কারণ বা উপাদানিক রস সঞ্চানের প্রয়োজন হয়, সে জন্ম লোকদেবতা মানসপুত্রগণ, ষাঁহারা ব্রহ্মার সহকারী পদে ব্রিত হইয়া, লোকসমূহের ভার গ্রহণ করিয়াছিলেন, তাঁহাদের মধ্যে যাঁহারা পৃথিবীর জায় স্থলন্ধগতের ভার গ্রহণ করিয়াছিলেন, তাঁহারা ইহাকে স্থিতি পদে স্থাপিত করিবার জন্ম, স্নেহরদের বা তাহার জীবনী-শক্তির আরাধনায় প্রবৃত্ত হইয়াছিলেন। পৃথিবী স্থুল, তাহার ক্রিতি-তত্ত্বের রুস্ও কুল, এজতা পুথিবীর পরিপোষনের জতা যে রসের প্রয়োজন, ভাহা জলমপেই কল্পিত হইয়াছিল। ক্ষিতির আভ্যন্তরীণ রসস্ক্রের জন্ত ভগীরধরপ মানসপুত্র গঙ্গাকে প্রিবীতে আন্মণের জন্ম বোরতর তপস্যা করিয়াছিলেন ৷ পুৰিবীর বাহিরে সপ্তসমূদ্র বর্তমান, আবার অভান্তরে সপ্ততক্তে স্থারস বহুমান। পুথিবীয় ক্ষেত্র ক্ষিতিকাতীয়া, স্থুতরাং ক্ষেত্রস্বরূপ, তন্মধান্ত জল বা জীবনীশক্তি তাহার উপালানিক রস-স্বরূপ। এই চুই তত্ব একতা হইলে, তবে তাহাতে মাতৃশক্তির বিকাশ হয়। হুই তত্তই শিবের হুই পত্নী, এই উভ-য়ের সহিত পরম চিদাভাস সংযুক্ত হইলে, তবে স্থল সৃষ্টি বিকশিত হয়। তাই শিবরূপী পরম সন্তাই, ওঁহোদের পতিপদে বরণীয়। ইহাই, জ্বড-জ্ব্যতে কারণ, কার্য্য, ও জ্বাধার পদে প্রতিষ্ঠিত। এবং স্থলদেহে বায়, পিত, কফ ও অন্তর জগতে মন, বৃদ্ধি, ও প্রাণ নামে অভিহিত।

সৃষ্টি, চারিভাগে বিভক্ত। প্রথম পর্য্যায়ে জ্ঞান, ইচ্ছা, ক্রিয়া, অথবা শব্দ পতি ও জ্যোতি সমরিত ঈশ্বর বা কারণান্ধি-শায়ী প্রথম পুরুষ বর্তমান। বিতীয়ে সত্ব, রজ, তম, অথবা স্থা এবীয় তত্ত্ব, সৃক্ষ তৈজসতত্ত্ব, ও সৃক্ষ পার্থিব তত্ত্ব সমন্বিত সৃষ্টিকারী হিরণ্যগর্ভ বা মহতত বর্ত্তমান। তৃতীয়ে চক্র, হুর্য্য, ও পৃথিবী অধবা, তেজ, রস্, ও ক্ষিতি, ত্রিতত্ত্ব সমন্বিত বিরাট-পুরুষ বিশ্বমান। চতুর্থে অগ্নি, জন, ও পার্থিব অর্থাৎ কঠিন, বায়ব, ও তরল পদার্থসময়িত মুফুরুপ লোকদেবতা, ও তৎসহ সংকর্ষণ क्रे भरात्व वर्द्धमान। शृष्टिक यथन छेलद रहेरा त्रामा गाम তখন ভাহাতে কারণ প্রধান, অর্ধাৎ পিতৃশক্তির আধিক্যই দর্শন করা যায়। আরু যখন তাহাকে নিয় হইতে দর্শন করা যার, তথন তাহাতে কার্যা শক্তির প্রাধান্তই পরিলক্ষিত হয়, অর্থাৎ এই অবস্থায় সৃষ্টিতত্ত্ব বুঝিতে হইলে, তাহার কার্য্য-পরম্পরা বুঝিতে হয়। সুভরাং সৃষ্টি চতুর্ব পর্য্যায়ে থাকিলে পর, তাছাতে কারণ অপেকা কার্য্যভাব, অর্থাৎ সন্তা অপেকা শক্তি ভাবই অধিক পরিক্ট হয়। কারণরূপ আবার্য্য সন্তা, কার্যারূপ আবরণের ভিতর আবরিত ইইয়ারহে। তাই স্প্রির প্রথমে, যে সর পুরুষভাবে পরিচিত, চতুর্বাবস্থার তাহাই নারী স্বরূপিনী। বেদের চারিভাগের মধ্যে ত্ই বিভাগে (অর্থাৎ মতি ও স্মৃতিতে) সমৃদ্র বিশ্ববিকাশক শক্তিগণ পুলোবেই পরিচিত হইয়াছেন। তৃতীয় পর্য্যায়েতেই (অর্থাৎ পৌরাণিক রুগে) তাহার শক্তিরাজ্যের শক্তিসমৃহ কতক নারী কতক পুরুষভাবে পরিচিত ইইয়াছেন। চতুর্থে (তত্ত্বে) আসিয়া তাছাতে পুশক্তি নিন্তেল হইয়া তৎপরিবর্ত্তে নারীশক্তির অর্থাৎ কারণ অপেক্ষা কার্যা শক্তির প্রাধান্ত সংঘটিত ইইয়াছে। বেদ শক্তবন্ধ, যাহা ইইতে স্কৃত্তির পরমনীতি, মহাবিজ্ঞানের মহামত্ত্ব বিকশিত। যাহার প্রতি হক্তে হক্তে স্প্র্টার অপরিসীম আগ্রা-তিক ও পার্থিব স্কৃত্তি বিজ্ঞান একাধারে পরিক্টি।

কর্ত্তার কর্মবিজ্ঞানই বেদ! তাঁহার অস্তরস্থ মহাকামের মহাক্ষদনই বেদাকারে বা শকরণে পবিফুট। তাই, তিনি কালমাছাত্মো, যথন যে ভাবের ভাবুক হইয়াছেন, তাঁহার কামনাও তদ্ভাবে বিভাবিত হইয়াছে। কাল মাহাত্ম্যে বেদরুপ পরমবিজ্ঞান ও চারিভাগে বিভক্ত, যথা শ্রুতি, স্বুতি, পুরাণ, ও তন্ত্র। ইহাকেই ভববিদ্গণ আয়া অর্থাৎ অগৌরুশের শ্রুতি, বুরাাদিশর্ম বা ব্যবহারিক শ্বৃতি, যন অর্থাৎ কর্মনাত্মক পুরাণ, ও ক্ষেত্র অর্থাৎ পঞ্জুতাত্মক আধার বা তন্ত্র এই চারি

ভাগে ভাগ করিয়াছেন। কাজেই ত্রদ্ধ যধন নিগুণি, সৃষ্টির অতীত, তথন ক্লীব ভাবেই পরিচিত, স্টাবস্থায় তিনি পুরুষ, **জগতের নিমিত্ত পদে মহাবিষ্ণু। বিতীয়ে মহামন, তৃতীয়ে, খত** মানস। থণ্ড মানসে আসিয়া সংও অসং (অর্থাৎ কারণ ও कार्या) इहे ভागে नगान नगान, ठाहे भूताल त्नव ७ तनवी छेडा ভাগেই পরিলক্ষিত হয়। চতুর্ব পর্য্যায়ে সেই সভা আধারে নিয়-মিত। স্বাধার শক্তির দীলাভূমি, কান্তেই এই অবস্থায় স্টুনীতি দেহতত্ত্বে পৰ্য্যবসিত। কারণ সন্তা তথন কাৰ্য্যশক্তিতে লীন। ভদ্ৰে সেজন্য স্ত্রী-শক্তির প্রাধান্ত। বেদ স্পন্দনাত্মক, স্পন্দন প্রবৃত্তিতে ভাহার বিকাশ, আবার স্পন্দন নিত্বন্তিতে তাহার তিরোভাব। তাই বেদোদ্ধারকল্প। হিন্দুশাল্পে প্রসিদ্ধ। যাহা সনতিন ত্রন্ধের স্নাত্ন ভাব, যাহা নিজ্জিয়ে নিরালম্ব ত্তিরূপে অথবা নাথ-ক্লপ বা শুদ্ধ আছেন মাত্ৰ ভাবেতে বৰ্ত্তমান থাকে, তাহাই **(यानत व्यापोक्रायत विकाश: व्यात यादा मध्याय (सम** কাল পাত্র, অবস্থার অধীনতায়, তদ্পযোগী হইয়া প্রকাশিত, হয় ( অর্থাৎ যেমন শ্রুতি স্মৃতিতে, স্মৃতি আবার পুরাণে, পুরাণ আবার তন্ত্রে পরিণত ) ভাহাই পৌরুবেয় নামে কল্লিত। কিন্তু বস্তুতঃ স্তুদ্ধ চকে পৌক্লবেয় অপৌক্লবেয় ব্যৱহা কোন } তত্তই জগতে নাই! জগৎই যথন ব্ৰন্নভাবের ভাবুক, আবার ব্ৰশ্নই বখন জগৎতত্ত্বে ঈখর, তখন তাঁহার সমুদ্য বিভাগই ব্দবিনশ্বর ও অপৌরুবের।

তথাপি যৎকালে যেরূপ ভাবে ভাবাহিত হইয়া জীব সংসারে

আগমন করিবে, তাহার যতটুকু (ধারণসক্ষম) রুক্তি তৎকালে মন্তিকে বৰ্ত্তমান থাকিবে, তত্তুকু তত্তই সে এই অসীম নীতি হইতে গ্রহণ করিবে। বাকি টুকু সংসারে বর্ত্তমান থাকিলেও, তৎ-কালে তাহাতে, কাহারও,কোন অধিকার থাকে না। যেমন মহা-কাশে অনন্ত কারণ শক্তি বর্ত্তমান আছে, কিন্তু তাহার যতটুর্কুই শক্তি কার্য্যাবস্থায় আইদে, ততটুকু লইয়াই সংসার। সেইরূপ অপৌক্ষেয় মহাবেত (বা জানিবার বিষয়) অনন্ত কারণে চিরকাল বর্তমান থাকিলেও, দেশ কাল পাত্র অবস্থার গুণে তাহা সমুদর সংসারের ব্যবহারে আইসে না। এই সকলেতে व्यापोक्रस्याक (पीत्राया व्यानिया मः मात्रत वावशावार्थ नित्या-ক্তিত করিতে হয়। নতুবা বাস্তব পক্ষে কোন তত্ত্বই পৌ**রুবে**য় নহে।বেদেরই দশম মণ্ডল কালগুণে দশ বিধিতে, আবার উহাই দশ সংস্কারে নামিয়াদশ কর্ম্মে অভিব্যক্ত। সেইরূপ অনস্ত কারণের শক্তিসমষ্টি কায়ণে কারণ, ব্রহ্মায় মানসপুত্র, পুরাণে দশ অবতার, তন্ত্রে দশ মহাবিভারেপে প্রতিভাত। কাবেই যাহা শ্রুতি, তাহাই স্থৃতি, তাহাই পুরাণ, তাহাঁই তম্ব। কাহাকেও উপেক্ষা করিবার উপায় নাই। সমুদয়ই মহাবিজ্ঞানের মহান তত্ত। কেবল দেশ, কাল, পাত্র, অবস্থায় উহা রূপান্তরিত। অক্ত প্রবন্ধে ইহার বিস্তত আলোচনা করা যাইবে।

একণে বিশের সেই মহান্ জীবনীশক্তি বা আয়শক্তিকে নমস্কার করিয়া, এই প্রবন্ধের উপসংহার করা ঘাউক। যিনি নিত্যকালে অব্যক্ত, খণ্ডকালে ব্যক্ত, যিনি মহাকাশে শব্দ, হল্লা- কাশে গতি, ছুলাকাশে জ্যোতিরূপে সমুদ্র বিশ্বকে নিয়মিত করিতেছেন, ভারতের বৈজ্ঞানিক থামিকুলের সহিত, তাঁহার বন্দনা করিয়া ইহা শেষ করা হউক।

য একোহবর্ণো বহুধা শক্তিযোগাদ্
বর্ণাননেকান্ নিহিতার্থো দথাতি।
বি চৈতি চাস্তে বিশ্বমাদে স দেব:
সানো বৃদ্ধা শুভুষা সংযুনক্তু॥
তদেবায়িন্তদাদিত্যন্তবায়ুন্তহু চক্রমাঃ।
তদেব শুক্রং তদ্ ব্রন্ধ তদাপন্তং প্রজাপতিঃ॥
তং ক্রার উত বা কুমারী।
তং জীপো দন্তেন বঞ্চসি
তং জাতো ভবসি বিশ্বতো মুখঃ॥
নীলঃ পতকো হরিতো লোহিতাক্ষভড়িদ্পর্ভ প্রত্বং সমুক্রাঃ।
ত্বনাদিমত্বং বিভূব্দেন বর্ত্তমে
যতো জাতানি ভুবনানি বিশ্বাঃ॥

যে অবিতীয় বর্ণরহিত, অপ্রকাশ্ত ( অর্থাৎ সংগোপা ) পর-মাঝা, আপনার অসীম শক্তিজাল বিস্তীর্ণ করিয়া অনন্ত বিবয়ের স্ষ্টি করিয়াছেন, বাঁহার অথও অনন্ত চিদাভাসে জগতের জন্ম, আবার অস্তকালে যে জ্যোতিতে জগতের স্থিলন, সেই প্রম দেবতা আমাদের শুভবৃদ্ধি প্রদান কর্মন। ষিনি অগ্নিরূপে পৃথিবীরত, বায়্রূপে অন্তরীকে, স্থারূপে ছুন্নোকে, গ্রহ নক্ষত্ররূপে বিশ্তীর্থ অবকাশে, প্রজাপতিরূপে স্কাকাশে ও ঈশ্বরূপে মহাকাশে অবস্থিত।

তুমি কখন প্রীরূপে, কখন পুরুষরূপে, কখন কুমার ভাবে, কখন কুমারী ভাবে, জগতে, দেখা দাও। কখন জরাগ্রস্ত র্দ্ধের স্থায় জীব দণ্ড হত্তে গমন কর। কখন আবার বিখতোমুধ ছইয়া, অর্থাৎ নবভাবে ভাবিত হইয়া জন্ম গ্রহণ কর।

তুমি তড়িদ্গর্ভ নিতা সমুদ্র হইয়া, অনস্ত মহাকাশে পরিবাপ্ত তোমারই জ্যোতিছণা বিশ্বের পর্যায়ক্রমে কথন নীলা পর্তক্বর প্রতায়নান, কথন বা হরিদ্রাবর্ণে দীপ্তিশীল, কপন বা লোহিত প্রভায় আলোকিত, কখন বা ভ্রুবর্ণে প্রতিভাত। আতু সকল তোমাতেই বিকাশ। তুমি অনাদি অনস্তভাবে সমুদয়ের ব্যাপক স্বরূপ রহিয়াছ, তোমাতেই পর্যায়ক্রমে সমুদয় লোক তাহার অবস্থায়ুবায়ী ক্রমে বিকশিত, অর্থাৎ ভূবোকে ভূতত্ব, ভূবলেনিক ভূবভর, স্বলোকে তেজভল্ব, মহালোকে মহত্ব, জনলোকে জনতব্ব, তণোলোকে তপভল্ব, সত্যলোকে সভ্যত্ব, ও তুমি ব্রহ্মভাবে পর্যবহ্ব। সমুদয় ভূবন তোমাতেই উৎপল্ল, তোমাতেই স্থিত ও শেবে ভোমাতেই লয়। ভোমাকে নম্কার, নম্কার।

সমাপ্ত।

